Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

23

…দর্শন-রহস্য।

31180

5/12 B

মহামহোপাধ্যায়-মহামহাধ্যাপক—
শ্রীঅন্নদাচরণ তর্কচূড়ামণি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদান্তদর্শন-রহস্য।

৺দশমহাবিদ্যাসিদ্ধ ৺সর্ব্বানন্দ (সর্ব্ববিদ্যা) কুলোৎপন্ন—

মহামহোপাধ্যায়—মহামহাধ্যাপক—

শ্রীঅন্নদাচরণ তর্কচূড়ামণি-

প্রণীত।

—*—

৺দশমহাবিদ্যাসিদ্ধ ৺সর্ব্বানন্দ (সর্ব্ববিদ্যা) কুলোৎপন্ন—

শ্রীযদুনাথ শাস্ত্রি-যোগবিদ্যাবিভূষণ-

প্রকাশিত।

১৩৩৬ বঙ্গাব্দ।

সর্ব্বস্বত্ব সংরক্ষিত]

[মূল্য ৸০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৺কাশীধাম।
ভারতধর্ম্ম প্রেস হইতে
শ্রীগোপালচন্দ্র চক্রবর্ত্তি কর্ত্তৃক মুদ্রিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদান্তদর্শন-রহস্য।

[ব্রহ্মসূত্র-রহস্য]

বিশ্বমেতদখিলং নিকেতনং
যস্য, যত্র তু তদেব রাজতে।
ভিন্নতা ন জগতো যতোঽথবা
কোঽপি সোঽত্র পুরুষো নমস্যতে॥

গুরু। (প্রণত শিষ্যের মস্তকে ও পৃষ্ঠে হাত বুলাইয়া) বৎস তারাপদ! মঙ্গল ত?

শিষ্য। ভগবন্! আপনার আশীর্ব্বাদে মঙ্গলই।

গুরু। পূর্ব্বোক্ত দর্শন-রহস্য সম্যক্ বুঝিয়াছ ত?

শিষ্য। গুরুদেব! আপনার আশীর্ব্বাদ ও কৃপায় যথাসম্ভব বুঝিয়াছি।

গুরু। এখন বেদান্ত-দর্শনের অর্থাৎ ব্রহ্মসূত্রের রহস্য শ্রবণ কর।

শিষ্য। যে আজ্ঞা।

গুরু। প্রশ্ন কর।

শিষ্য। এই দর্শন-প্রণেতা প্রাতঃস্মরণীয় মহর্ষির পবিত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাম কি ?

গুরু। ইহা তুমি প্রথম উপদেশের সময়েই জানিতে পারিয়াছ ; ভগবান্ ব্যাসদেবই ইহার প্রণেতা ।

শিষ্য। এই মহর্ষিই কি বেদের বিভাগ করিয়াছেন ?

গুরু। হাঁ।

শিষ্য। এই জন্যই কি ইনি লোকে বেদব্যাস-নামে প্রখ্যাত হইয়াছেন ?

গুরু। হাঁ।

শিষ্য। ইঁহার প্রণীত আর কি কি গ্রন্থ আছে ?

গুরু। তুমি বালকবৎ প্রশ্ন করিতেছ কেন ? ভগবান্ মহর্ষি ব্যাসদেবের কি কি গ্রন্থ আছে তাহাও কি প্রষ্টব্য ? ভগবান্ ব্যাসদেব বেদের বিভাগ করিয়াছেন—ইহা তুমিই ব্যক্ত করিয়াছ ; এই মহর্ষির স্মৃতি আছে, পুরাণ ও উপপুরাণ সকল ইঁহারই লেখনী প্রসূত, মহাভারত ও হরিবংশ প্রভৃতি ইঁহারই পবিত্র লেখনী হইতে নিঃসৃত হইয়াছে ।

শিষ্য। মহাভারত কি ইতিহাস ?

গুরু। মহাভারত ইতিহাসও বটে সবই বটে। আজও ভারতের প্রতিগৃহে প্রায় প্রতি লোকের মুখেই শুনা যাইতেছে যে "যাহা নাই ভারতে, তাহা নাই ভারতে" অর্থাৎ যাহা মহাভারতে নাই তাহা ভারতবর্ষে নাই ।

শিষ্য। এই মহর্ষির উপর আপনি কিরূপ ভাব পোষণ করেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। এই মহর্ষির উপর আমার অসীম শ্রদ্ধা ও ভক্তি আছে। আমার বিশ্বাস ইঁহার ন্যায় লেখনী-শক্তি-সম্পন্ন লোক জগতে জন্মে নাই, জন্মিতেছে না ও জন্মিবে না। সর্ব্ববিষয়েই ইঁহার লেখনী-শক্তি অদ্ভুত। এমন কোন নূতন বিষয় আমরা জানিতেছি না—যাহা ভগবান্ মহর্ষির গ্রন্থে পাওয়া যায় না। ইঁহার তপঃপ্রভাবও অসীম; এই মহর্ষিই কুরুক্ষেত্র-যুদ্ধে কুরু-পাণ্ডবপক্ষে যে সকল লোক নিহত হইয়াছিল সেই সকলকে তাহাদের বন্ধুদের নিকট জীবিতরূপে উপস্থিত করিয়াছিলেন। ধন্য মহর্ষি! তাঁহার অধিষ্ঠিত এই ভারত ধন্য; তাঁহার অধিষ্ঠিত দেশে জন্ম গ্রহণ করে বলিয়া ভারতবাসীও ধন্য। এখন অন্য কথা পরিত্যাগ করিয়া প্রকৃত বিষয়ের অবতারণা কর।

শিষ্য। (মহর্ষির উদ্দেশে প্রণত হইয়া গুরুদেবকে প্রণাম করতঃ) এই দর্শনে কয়টী অধ্যায় আছে এবং প্রত্যেক অধ্যায়ে কয়টী করিয়া পাদ আছে? এবং কোন অধ্যায়ের কোন পাদে কি আছে?

গুরু। এই দর্শনে চারিটী অধ্যায় আছে এবং প্রত্যেক অধ্যায়ে চারিটী করিয়া পাদ আছে। তন্মধ্যে প্রথম অধ্যায়ের প্রথম পাদে ব্রহ্মের জিজ্ঞাসা প্রভৃতি এবং উপাসনার উপপত্তির জন্য আনন্দময়ত্ব প্রভৃতি নিরূপিত আছে। দ্বিতীয় পাদে ব্রহ্মের উপাস্যত্ব প্রভৃতি নির্ণীত আছে। তৃতীয় পাদে দ্যুলোক প্রভৃতি জগতের আধারত্ব প্রদর্শিত আছে। চতুর্থ পাদে জন্মাদ্যস্য যতঃ—ইহাতে শ্রুতিবিরোধের আশঙ্কা ও তাহার নিরাকরণ আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায়ের প্রথম পাদে স্মৃত্যাদিবিরোধের আশঙ্কার নিরাকরণ আছে। দ্বিতীয় পাদে বেদান্ত—সিদ্ধান্তের দৃঢ়তার জন্য পুনরাশঙ্কার সমাধান আছে। তৃতীয় পাদে আকাশাদির উৎপত্তি-বিবেক। চতুর্থ পাদে ইন্দ্রিয়াদির উৎপত্তি-বিবেক। তৃতীয় অধ্যায়ের প্রথম পাদে বৈরাগ্যার্থ জীবের গমনাগমন নিরূপণ। দ্বিতীয় পাদে জীবের অবস্থা-ভেদ এবং ব্রহ্মের বৈশিষ্ট্য প্রদর্শন। তৃতীয় পাদে ব্রহ্মোপাসনা-বিবেক। চতুর্থ পাদে জ্ঞান সাধনের বিবেক। চতুর্থ অধ্যায়ের প্রথম পাদে জীবন্মুক্তি-বিবেক। দ্বিতীয় পাদে উৎক্রান্তির বিবেক। তৃতীয় পাদে উৎক্রান্ত বিদ্বানের অর্চ্চিরাদি দ্বারা গতি নিরূপণ। চতুর্থপাদে জ্ঞান-ফল নিরূপণ।

শিষ্য। এই দর্শনের প্রথম সূত্র কি ?

গুরু। "অথাতো ব্রহ্মজিজ্ঞাসা" ১।১।১,

শিষ্য। ইহার অর্থ কি ?

গুরু। অথ শব্দ মঙ্গলদ্যোতক; অতঃ এই শব্দের অর্থ এই হেতু; ব্রহ্মজিজ্ঞাসা শব্দের অর্থ ব্রহ্মজ্ঞানের ইচ্ছা। এই হেতু ব্রহ্ম জিজ্ঞাসা হয় অর্থাৎ যে হেতু ব্রহ্মজ্ঞান বা ব্রহ্ম-সাক্ষাৎকার—সাক্ষাৎনিঃশ্রেয়সের বা মোক্ষের সাধন বা উপায়, সেই হেতু ব্রহ্মের অর্থাৎ পরব্রহ্ম—পরমাত্মা—পরমেশ্বরের জিজ্ঞাসা বা জানিবার ইচ্ছা হয়।

শিষ্য। যে ব্রহ্মের জিজ্ঞাসা হয় সে ব্রহ্ম কি ?

গুরু। "জন্মাদ্যস্য যতঃ" ১।১।২, অর্থাৎ যাহা হইতে এই জগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয় হইয়া থাকে, অথবা যাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে আদিকার্য্যের জন্ম হয় তাহার নাম ব্রহ্ম।

শিষ্য। একই "জন্মাদ্যস্য যতঃ" এই সূত্রের দ্বিবিধ অর্থ কিরূপে হয়?

গুরু। "জন্মাদি অস্য যতঃ" এইরূপ সন্ধি বিচ্ছেদে পূর্ব্বার্থ হয়; আর "জন্ম আদ্যস্য যতঃ" এইরূপ সন্ধি বিচ্ছেদে দ্বিতীয়ার্থ হয়।

শিষ্য। মহর্ষির তাৎপর্য্য কোন অর্থে?

গুরু। এই প্রশ্ন বড় কঠিন; মহর্ষির কি উদ্দেশ্য তাহা তিনিই জানেন, আমরা কিরূপে জানিব। তবে মনে হয়—যখন উভয়ার্থই হইতে পারে ফলেও বড় একটা প্রভেদ নাই তখন উভয়ার্থেই তাৎপর্য্য থাকিতে পারে।

শিষ্য। যাহা হইতে জগতের জন্মাদি হয় বা যাহা হইতে প্রথম কার্য্যের উৎপত্তি হয় তাহাই ব্রহ্ম—ইহা কিসে বুঝিব?

গুরু। "শাস্ত্র যোনিত্বাৎ" ১।১।৩, শাস্ত্র যোনিত্ব বা শাস্ত্র প্রমাণ হেতু অর্থাৎ শাস্ত্রে এরূপ আছে বলিয়া শাস্ত্রই এ বিষয়ে প্রমাণ অর্থাৎ শাস্ত্র দ্বারাই ইহা জানা যায়।

শিষ্য। অন্নাদি অচেতন ব্রহ্মের কথাও ত শাস্ত্রে আছে, তবে কি উহাকে জগতের জন্মাদির কারণ বলিয়া মনে করিব?

গুরু। না; অচেতন ব্রহ্ম জগতের কারণ নহে, অচেতন-ব্যতিরিক্ত অর্থাৎ চেতন ব্রহ্মই জগতের কারণ।

শিষ্য। তাহা কিসে জানিব?

গুরু। "তত্তু সমন্বয়াৎ" ১।১।৪, সমন্বয় বা তাৎপর্য্য-হেতু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহা জানিতে হয়, অর্থাৎ বেদাদি শাস্ত্রের অচেতন অন্নাদির অতিরিক্ত পরব্রহ্মেই তাৎপর্য্য আছে, এ জন্য চেতন পরব্রহ্মই জগতের কারণ, অচেতন নহে।

শিষ্য। জগতের কারণ ব্রহ্ম যে চেতন এইরূপ শব্দ বা শাস্ত্র আছে কি?

গুরু। "ঈক্ষতের্নাশব্দম্" ১।১।৫, অর্থাৎ জগৎকারণ ব্রহ্ম যে চেতন—ইহা অশব্দ বা অশাস্ত্রীয় নহে; কেন না, "তদৈক্ষত" ইত্যাদি শাস্ত্রে জগৎকারণ ব্রহ্মের ঈক্ষা বা দর্শন অর্থাৎ আলোচনার কথা আছে; অচেতনের আলোচনার সম্ভব না হওয়ায় উহাকে চেতনই বুঝিতে হইবে।

শিষ্য। "তত্তেজ ঐক্ষত" (তেজ তাহা দেখিয়াছিল) ইত্যাদির ন্যায় অচেতন ব্রহ্মেই গৌণ বা কাল্পনিক ঈক্ষতির বা দর্শনের বা আলোচনার কথা মানিতে পারি কি?

গুরু। "গৌণশ্চেন্নাত্মশব্দাৎ" ১।১।৬, অচেতন ব্রহ্মেই গৌণ বা কাল্পনিক ঈক্ষতির প্রয়োগ হইয়াছে—ইহা বলিতে পার না; কেন না, এই ঈক্ষিতার আত্মশব্দ দ্বারা প্রতিপাদন আছে, অচেতন গৌণ ঈক্ষিতা ব্রহ্মে চেতনবাচী আত্মশব্দ উপপন্ন হয় না, অর্থাৎ যদি জগৎ-কারণ ব্রহ্ম অচেতনই হইত তবে তাহাতে আত্ম-শব্দ প্রযুক্ত হইতে পারিত না, উহাকে আত্মা বলিয়া নির্দ্দেশ করাতে জগৎকারণ ব্রহ্মকে চেতনই মনে করিতে হয়।

শিষ্য। "মমাত্মা ভদ্রসেনঃ" (আমার আত্মা ভদ্রসেন) ইহার ন্যায় অচেতন ব্রহ্মেও ত আত্মশব্দ প্রয়োগ হইতে পারে—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহা বলিতে পারি কি?

গুরু। না। কেন না, "তন্নিষ্ঠস্য মোক্ষোপদেশাৎ" ১।১।৭, যে হেতু সেই আত্মনিষ্ঠ—চেতন ব্রহ্মে প্রণিধানসম্পন্ন মুমুক্ষুর মোক্ষের প্রতিপাদন আছে। যদি সে স্থলে আত্মশব্দ অচেতন-পরই হয় তবে তন্নিষ্ঠের অর্থাৎ অচেতন জগৎকারণ-নিষ্ঠের মুক্তির উপদেশ যুক্ত হইত না।

শিষ্য। জগৎকারণ ব্রহ্ম যে অচেতন নহে—সে বিষয়ে আর কি যুক্তি আছে?

গুরু। "হেয়ত্বাবচনাৎ" ১।১।৮, হেয়ত্বের অবচন হেতু, জগৎকারণ আত্মা অচেতন নহে; অর্থাৎ যদি জগৎকারণ ব্রহ্ম অচেতনই হইত তবে অবশ্যই তাহার ত্যাজ্যত্ব বা অকিঞ্চিৎকরত্বের উপদেশ থাকিত, তাহা না থাকায় জগৎকারণ আত্মাকে অচেতন বলা যায় না।

অপিচ। "স্বাপ্যয়াৎ" ১।১।৯, স্বাপ্যয় হেতু, যেহেতু জগৎকারণ আত্মায় প্রসুপ্ত বিজ্ঞানাত্মার লয়ের প্রতিপাদন আছে অর্থাৎ সুষুপ্তির অবস্থায় জগৎকারণ আত্মরূপ ব্রহ্মে বিজ্ঞানাত্মা পুরুষের লয়ের শ্রবণ থাকায় জগৎকারণ আত্মাকে অচেতন মনে করা উচিত নহে; যদি জগৎকারণ আত্মা ব্রহ্ম অচেতনই হয় তবে সেই অচেতনে চেতন বিজ্ঞানাত্মার লয় কখনও যুক্তিযুক্ত হইতে পারে না।

অপিচ। "গতি সামান্যাৎ" ১।১।১০, নিখিল বেদান্তে সৃষ্টি বাক্যে জগৎকারণ ব্রহ্মের চেতনত্বের অবগতির সমানত্ব বা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একরূপতা আছে, এ জন্যও জগৎকারণ ব্রহ্মকে অচেতন মনে করা উচিত নহে। অপিচ "শ্রুতত্বাচ্চ" ১।১।১১, শ্রুতি থাকায়ও, অর্থাৎ "সত্যং জ্ঞানং অনন্তং ব্রহ্ম" "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" "সচ্চিদানন্দং ব্রহ্ম" ইত্যাদি শ্রুতি আছে, এজন্যও জগৎকারণ আত্মরূপ ব্রহ্মকে অচেতন মনে করা উচিত নহে।

শিষ্য। আপনার কৃপায় বুঝিতে পারিলাম যে ব্রহ্ম অর্থাৎ পরব্রহ্ম আত্মা ও চেতন, জগতের কারণ। এই পরব্রহ্ম পরমেশ্বর পরমাত্মার উপাসনার নিমিত্ত কি জ্ঞাতব্য আছে ?

গুরু। "তস্মাদ্বা এতস্মাদ্ বিজ্ঞানময়াৎ অন্যোঽন্তর আত্মা আনন্দময়ঃ" (তৈ ২।৫) (আনন্দময় আত্মা বিজ্ঞানময়ের অন্তরে অথচ বিজ্ঞানময় হইতে ভিন্ন) এই শ্রুত্যুক্ত আনন্দময় ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই, অন্য কেহ নহে, কেন না, আনন্দময় শব্দের পরমাত্মা পরব্রহ্ম পরমেশ্বরে পুনঃ পুনঃ পাঠ আছে। ।১।১।১২,

শিষ্য। বিকারার্থক ময়ট্ প্রত্যয়ান্ত আনন্দময় শব্দ দ্বারা অবিকারী ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর কিরূপে প্রতিপাদিত হয় ?

গুরু। এ স্থলে ময়ট্ প্রত্যয় প্রাচুর্য্যার্থে, বিকারার্থে নহে ; আনন্দের প্রাচুর্য্য অর্থাৎ প্রচুর আনন্দই আনন্দময় শব্দের অর্থ, সুতরাং উহার ব্রহ্মে উপপত্তি হইতে পারে। ১।১।১৩,

শিষ্য। ব্রহ্ম যে আনন্দময় তাহাতে আর কি যুক্তি আছে ?

গুরু। ব্রহ্মের আনন্দ-হেতুত্বের কীর্ত্তন আছে, অর্থাৎ ব্রহ্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে আনন্দের হেতু এরূপ নির্দ্দেশ আছে ; যিনি অন্যের আনন্দের হেতু তিনি স্বয়ং আনন্দময় হইবেন—ইহাতে আর আশঙ্কা কি ? অপিচ মন্ত্রে যে ব্রহ্ম অভিহিত হইয়াছে সেই ব্রহ্মই আনন্দময় বাক্যে আনন্দময়রূপে কীর্ত্তিত হইয়াছে। ১।১।১৪—১৫,

শিষ্য। জীবাত্মা আনন্দময় হয় কি না ?

গুরু। জীবাত্মা আনন্দময় হয় না ; কেন না, আনন্দময়-প্রকরণে আনন্দময়কে আশ্রয় করিয়া যে নিখিল স্রষ্টৃত্বের কথা আছে তাহা জীবে উপপন্ন হয় না। অপিচ আনন্দময় ও জীবাত্মার পরস্পর ভিন্নত্বে, উপাস্য উপাসকত্বে ও প্রাপ্য প্রাপকত্বে নির্দ্দেশ আছে অর্থাৎ আনন্দময় ব্রহ্ম উপাস্য আর জীব উপাসক, আনন্দময় ব্রহ্ম প্রাপ্য আর জীব প্রাপক সুতরাং জীব আনন্দময় হইলে এ সকল শ্রুতির উপপত্তি হয় না। ১।১।১৬—১৭

শিষ্য। অনুমানগম্য অচেতন প্রধান প্রভৃতি আনন্দময় হয় না কেন ?

গুরু। "সোঽকাময়ত বহুস্যাং প্রজায়েয়" (তৈ ২।৬) (তিনি অর্থাৎ আনন্দময় কামনা বা ইচ্ছা করিলেন—আমি বহু হইব ও জন্মগ্রহণ করিব) এইরূপ শ্রুতি দ্বারা আনন্দময় জগৎকারণের ইচ্ছা বিশেষরূপ কাময়িতৃত্ব বা কামনার নির্দ্দেশ আছে, কামনা চেতনের ধর্ম্ম, ইহা অচেতন প্রধানাদির হইতে পারে না, সুতরাং আনন্দময় চেতন ব্রহ্মই, অচেতন নহে। অপিচ এই আনন্দময়ে প্রবোধবান্ তত্ত্বজ্ঞ মুমুক্ষুদিগের তৎস্বরূপে অর্থাৎ আনন্দময়রূপে যোগের বা সম্বন্ধের বা তদ্ভাবাপত্তির অর্থাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মোক্ষের উপদেশ আছে। যদি আনন্দময় ব্রহ্মই হয় তবেই উহার উপপত্তি হয়, আনন্দময় প্রধানাদি হইলে এই উপদেশ উপপন্ন হয় না। ১।১।১৮—১৯,

শিষ্য। বুঝিলাম ব্রহ্মই আনন্দময়, অপর কেহ নহে। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "অথ য এষোঽন্তরাদিত্যে হিরণ্ময়ঃ পুরুষো দৃশ্যতে হিরণ্যশ্মশ্রুর্হিরণ্যকেশঃ আপ্রণখাৎ সর্ব্ব এব সুবর্ণঃ (ছা ১।৭।৫.৬) (আদিত্য মণ্ডলে তাহার অভ্যন্তরে যে হিরণ্ময় বা জ্যোতির্ম্ময় পুরুষ দৃষ্ট বা উপাসিত হয় সেই হিরণ্ময় পুরুষের শ্মশ্রু হিরণ্ময়, কেশও হিরণ্ময়, অধিক কি তাহার নখাগ্র পর্য্যন্ত সকলই হিরণ্ময়) ইত্যাদি শ্রুতিতে উপদিষ্ট হিরণ্ময় পুরুষ ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই অপর কেহ নহে, কেন না, উহাতে পরমাত্মধর্ম্ম যে অপহতপাপ্মত্ব বা পাপশূন্যত্বপ্রভৃতি, তাহার উপদেশ আছে। ১।১.২০,

শিষ্য। এই পুরুষ আদিত্যাদিই হয় না কেন?

গুরু। "য এষোঽন্তরাদিত্যে" (ছা ১ ৬।৬) (যে পুরুষ আদিত্যের অভ্যন্তরে)। "য এষোঽন্তরক্ষিণি" (ছা ১।৭।৫) (যেই পুরুষ অক্ষির অভ্যন্তরে) ইত্যাদি শ্রুতি দ্বারা আদিত্যাদি হইতে এই পুরুষের ভিন্নত্বে নির্দ্দেশ আছে, সুতরাং আদিত্যাদি-স্বরূপ হইতে পারে না। ১।১।২১,

শিষ্য। ব্রহ্ম যে অন্তঃস্থ—ইহা বুঝিলাম, আর বিশেষ কি জ্ঞাতব্য আছে?

গুরু। "অস্য লোকস্য কাগতি রিতি আকাশ ইতি হোবাচ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বাণি হ বা ইমানি ভূতানি আকাশাদেব সমুৎপদ্যন্তে আকাশং প্রত্যস্তং যন্তি। আকাশো হ্যেবৈভ্যো জ্যায়ান্ আকাশঃ পরায়ণম্ (ছা ১।৯।১) (এই লোকের গতি কি ? আকাশ, আকাশই নাম ও রূপের নির্ব্বাহক বা সম্পাদক) এই শ্রুত্যুক্ত আকাশ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই, কেন না, উহাতে ব্রহ্মের লিঙ্গ আছে। ,১।১।২২,

শিষ্য। বুঝিলাম—আকাশ অর্থে ব্রহ্ম। আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। "কতমা সা দেবতা ইতি ? প্রাণ ইতি হোবাচ সর্ব্বাণি হ বা ইমানি ভূতানি প্রাণমেবাভিসংবিশন্তি প্রাণমুজ্জিহতে সৈষা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা, (ছা ১।১১ ৪–৫) (সেই দেবতা কি ? এই প্রশ্নের উত্তর—তাহা প্রাণ, কারণ, এই সকল ভূত প্রাণে লয় প্রাপ্ত হয়, আবার প্রাণ হইতে জন্মে। প্রাণই প্রস্তাবে অর্থাৎ সামগানের অংশ-বিশেষে অনুগত বা ধ্যানার্থ নির্দ্দিষ্ট আছে)। ইত্যাদি শ্রুতিতে শ্রূয়মাণ প্রাণ ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই, অপর কেহ নহে; কেন না, তথায় ব্রহ্মলিঙ্গের সদ্ভাব আছে অর্থাৎ উহাতে যে সকল কথা আছে তাহা ব্রহ্মেই সম্ভবে অন্যে সম্ভবে না। ,১।১।২৩,

শিষ্য। বুঝিলাম—ব্রহ্ম প্রাণ স্বরূপ, আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। "অথ যদতঃ পরো দিবো জ্যোতির্দীপ্যতে বিশ্বতঃ পৃষ্ঠেষু অনুত্তমেষূত্তমেষু লোকেষ্বিদং বাব তদ্ যদিদমস্মিন্নন্তঃ পুরুষে জ্যোতিঃ" (ছা ৩।১৩।৭) (যেই জ্যোতিঃ স্বর্গের উপরে, বিশ্বের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপরে, পৃথিব্যাদি সমুদায় লোকের উপরে, তদন্তর্গত অনুত্তম ও উত্তম সমুদায় লোকে দীপ্যমান বা বিরাজমান বা প্রকাশমান আছে, সেই উৎকৃষ্ট জ্যোতিই এই জ্যোতিঃ—সেই জ্যোতি এই অন্তঃপুরুষে অর্থাৎ এতদ্দেহের অন্তরে আছে) ইত্যাদি শ্রুতিতে শ্রূয়মাণ জ্যোতিঃ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই, অন্য কেহ নহে ; কেন না, তাহাতে "পাদোঽস্য সর্ব্বভূতানি ত্রিপাদোঽস্যা মৃতন্দিবি" (ছা ৩।১২।৬) এই শ্রুতিতে পরমেশ্বরের স্তাপরজ পাদের নির্দ্দেশ আছে। ‹১।১।২৪,

শিষ্য। পূর্ব্ববাক্যে গায়ত্রীছন্দের কথা থাকায় গায়ত্রীছন্দ না বুঝিয়া জ্যোতিঃ যে ব্রহ্ম তাহা কিরূপে বুঝিব ?

গুরু। উহাতে গায়ত্রীছন্দোদ্বারা অর্থাৎ গায়ত্রীর অবলম্বন দ্বারা পরমেশ্বর ব্রহ্ম পরমাত্মায় চিত্তার্পণেরই উপদেশ আছে। অন্যত্রও অন্য দ্বারা ব্রহ্মের উপাসনা ও তাহাতে চিত্ত সমর্পণের প্রতিপাদন আছে অর্থাৎ অন্য শ্রুতিতেও অন্যান্যবিষয় অবলম্বন করিয়া ব্রহ্মোপাসনার বিধান আছে। অপিচ উহাতে ভূত, পৃথিবী, শরীর, হৃদয়—এই গায়ত্রীরপাদচতুষ্টয়ের কথা আছে; উহাও ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাতেই সম্ভবে, ব্রহ্ম ভিন্নে নহে। ‹১।১।২৫—২৬,

শিষ্য। 'ত্রিপাদস্যামৃতং দিবি,' 'যদতঃ পরো দিবো জ্যোতিঃ' এই বাক্যদ্বয়ে দিবি দিবঃ—এই বিভক্তির ভেদ থাকায় পূর্ব্ব বাক্যের ব্রহ্ম পরবাক্যে প্রত্যভিজ্ঞাত হয় না—এইরূপ বলিতে পারি কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। না; কেন না, উভয়ত্র অর্থের বিরোধ না থাকায় অর্থাৎ অর্থের বিরোধ থাকিলেই উভয়ত্রই শঙ্কা হইতে পারে, এ স্থলে অর্থের ভেদ বা বিরোধ নাই, সুতরাং একই ব্রহ্ম উভয়ত্রই প্রত্যভিজ্ঞাত বা প্রমাণিত হইতে পারে। ১।১।২৭,

শিষ্য। বুঝিলাম, জ্যোতিঃ ব্রহ্ম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "প্রতর্দ্দনো হ বৈ দৈবদাসিরিন্দ্রস্য প্রিয়ং ধাম উপজগাম যুদ্ধেন চ পৌরুষেণ চ (কৌ ৩।৩।১) (একদা দিবদাস-পুত্র প্রতর্দ্দন যুদ্ধ ও পুরুষকার প্রদর্শন দ্বারা) এই প্রারম্ভে ইন্দ্র ও প্রতর্দ্দনের আখ্যায়িকায় "স হোবাচ প্রাণোঽস্মি প্রজ্ঞাত্মা তং মামায়ুরমৃতমিত্যুপাস্ব" (কৌ ৩।২) (সে বলিয়াছিল আমিই প্রাণ আমিই প্রজ্ঞাত্মা, আমাকেই আয়ু এবং অমৃত জানিয়া উপাসনা কর) ইত্যাদি শ্রুতিতে যে প্রাণের কথা আছে সে প্রাণ ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই অন্য কেহ নহে, কেন না, তত্তদ্বাক্যস্থ পদসমূহের ব্রহ্মধর্ম্মসম্বন্ধতঃ ব্রহ্মেই তাৎপর্য্যের অবধারণ আছে অর্থাৎ সে স্থানের শব্দার্থের পর্য্যালোচনা করিলে ব্রহ্ম অর্থই লব্ধ বা নিশ্চিত হয়। ১।১।২৮,

শিষ্য। উপক্রমে 'মামেব বিজানীহি' (আমাকেই জান) ইত্যাদি দ্বারা প্রখ্যাত জীব-ভাবাপন্ন বক্তা ইন্দ্রের নিজেরই উপাস্যত্বে নির্দ্দেশ আছে, তবে ব্রহ্মের কথা কিরূপে বুঝিব?

গুরু। সেই প্রকরণে ব্রহ্মের বোধক বহু উপদেশ আছে, এই জন্য তথায় ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই জানিতে হয়। ১।১।২৯

শিষ্য। যদি প্রাণ ব্রহ্মই হয় বক্তা ইন্দ্র না হয় তবে 'মামেব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিজানীহি’ “তং মামায়ুরমৃতম্ ইত্যুপাস্ব” এই রূপ বক্তার নিজে
উপদেশ কিরূপে সম্ভবে ?

গুরু। বক্তা ইন্দ্র শাস্ত্রদর্শনানুসারে ব্রহ্মবুদ্ধিতে শি
প্রতর্দ্দনের উদ্দেশে উপদেশ দিয়াছেন, যেমন ঋষি বামদে
ব্রহ্মতত্ত্ব সাক্ষাৎকারের পর অনুভব করিয়াছিলেন এবং বলিয়া
ছিলেন যে ‘তদ্বৈ তদৃষির্বামদেবঃ প্রতিপেদে অহং মনুরভবম্ সূর্য্য
শ্চেতি’ (বৃ ১।৪।১০) (তাহা দেখিয়া বামদেব ঋষি জানিয়া
ছিলেন যে আমি মনু হইয়াছি এবং সূর্য্য হইয়াছি) যে যখন যে
দেবতায় প্রবুদ্ধ হয় বা অভেদ সাক্ষাৎ করে সে তখন তদ্রূপ ব
তৎস্বরূপ হয়)। ,১।১।৩০,

শিষ্য। সে স্থলে জীব ও মুখ্য প্রাণের লিঙ্গ (ধর্ম্ম) যথ
আছে তখন ব্রহ্ম কিরূপে বুঝিব ?

গুরু। ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের স্বরূপে জীব-রূপে এব
প্রাণ-রূপে—এই ত্রিবিধ উপাসনা আছে, আর প্রাণের ব্রহ্মা
শ্রিতত্ব বা ব্রহ্মবৃত্তিত্ব আছে এবং তথায় ব্রহ্মলিঙ্গের সদ্ভাবও আছে,
সুতরাং তথায় প্রাণ ব্রহ্মই বলিতে হয় জীব ও মুখ্য প্রাণ নহে
,১।১।৩১, (১।১ সমাপ্ত)

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। ছান্দোগ্যে “সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানি
শান্ত উপাসীত, অথ খলু ক্রতুময়ঃ পুরুষো যথা ক্রতুরস্মিন্ লোকে
পুরুষো ভবতি তথা ইতঃ প্রেত্য ভবতি স ক্রতুং কুর্ব্বী
মনোময়ঃ প্রাণশরীরো ভারূপঃ (ছা ৩।১৪) (এই সকল ব্রহ্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তজ্জ তাহা হইতে জন্মে, তল্ল তাহাতেই লীন হয়, তদন্ অর্থাৎ তাহাতেই স্থিতি করে ও চেষ্টিত হয়; সে জন্য শান্ত অর্থাৎ রাগ-দ্বেষাদি-শূন্য হইয়া শত্রু মিত্রাদি ভেদবুদ্ধি পরিত্যাগ করিয়া উপাসনা করিবে; অপিচ পুরুষ বা জীব ক্রতুময় অর্থাৎ ধ্যান-বিকার—ধ্যান-নিষ্পাদ্য। এই লোকে যে যেমন ক্রতু অর্থাৎ সঙ্কল্প ধ্যান বা উপাসনা করে, শরীর ত্যাগের পর সে সেরূপ ফল প্রাপ্ত হয়, এ জন্যই উপদেশ যে জীব বা পুরুষ ক্রতু করিবে—হৃৎপদ্ম মধ্যে মনোময় প্রাণ শরীর প্রভারূপ ও সত্য-সঙ্কল্প ধ্যান করিবে) ইত্যাদি স্থলে মনোময় পুরুষ ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই উপাস্যত্বে উপদিষ্ট হইয়াছে, কেন না, সর্ব্বত্র বেদান্তে উপাসনাপ্রকরণে প্রসিদ্ধ পরমেশ্বরেরই উপাস্যত্বে উপদেশ আছে এবং সে স্থলে উপাসনার্থ সত্যসঙ্কল্পত্ব প্রভৃতি যে সকল গুণ বিবক্ষিত হইয়াছে তাহার উপপত্তি ব্রহ্মপরমেশ্বর পরমাত্মা-তেই হয়; অন্যত্র নহে। ১।২।১—২

শিষ্য। জীবও ত প্রসিদ্ধ, তাহাকে উপাস্য বলি না কেন?

গুরু। সে স্থলে সত্যসঙ্কল্পত্ব প্রভৃতি যে সকল গুণ উপা-দেয়ত্বে বিবক্ষিত হইয়াছে, জীবে তাহার উপপত্তি হয় না অর্থাৎ সত্যসঙ্কল্পত্ব প্রভৃতি গুণ জীবে সঙ্গত হয় না বা খাটে না, এ জন্য তথায় জীব উপাস্যত্বে নির্দ্দিষ্ট হয় নাই। বিশেষতঃ মনোময়ত্বাদি-গুণসম্পন্ন উপাস্য পরমেশ্বর ব্রহ্ম পরমাত্মার প্রাপ্তি কর্ম্মত্বে অর্থাৎ প্রাপ্যত্বে এবং উপাসক জীবাত্মার প্রাপ্তিকর্ত্তৃত্বে অর্থাৎ প্রাপকত্বে নির্দ্দেশ আছে, এ জন্য তথায় শরীর বা জীব উপাস্যত্বে উপদিষ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয় নাই। ১।২।৩—৪

শিষ্য। কর্ম্ম ও কর্ত্তার ব্যপদেশ গৌণ বা কাল্পনিক—ইহা বলিতে পারি কি ?

গুরু। না, কেন না, কর্ম্মবাচক ও কর্ত্তৃবাচক শব্দের বৈলক্ষণ্য আছে অর্থাৎ "এষ ম আত্মা অন্তর্হৃদয়ে" (ছা ৩।১৪।৩) (এই আত্মা আমার অন্তর্হৃদয়ে) এ স্থলে কর্ম্ম উপাস্য ব্রহ্ম "এষ" এই প্রথমা বিভক্তি দ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে, এবং "ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেহর্জ্জুন তিষ্ঠতি" "সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্টঃ" ইত্যাদি স্মৃতিও ইহাই প্রতিপাদন করিতেছে। ১।২।৫—৬

শিষ্য। যদি সে স্থানে ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই উপাস্যত্বে নির্দ্দিষ্ট হয় তবে অর্ভকৌকস্ত্বের অর্থাৎ হৃদয়পুণ্ডরীকরূপ অল্প স্থানের কথা এবং অল্পের ব্যপদেশ কিরূপে উপপন্ন হয় ?

গুরু। ব্রহ্ম বস্তুতঃ অল্প নহে, তবে হৃদয়পুণ্ডরীকরূপ অল্পস্থানে দ্রষ্টব্য ও উপাস্য বলিয়া অল্পত্বের ব্যপদেশ আছে। দৃষ্টান্ত আকাশ—যেমন আকাশের বিভুত্ব থাকিলেও উপাধিসম্বন্ধতঃ অল্পত্বের ব্যপদেশ হয়। ১।২।৭

শিষ্য। হৃদয়-সম্বন্ধতঃ ব্রহ্মের অল্পত্বের ব্যপদেশ হইলে আর হৃদয়বাসিত্বে ও চিদ্রূপত্বে জীবের সহিত সমান হইলে জীবের ন্যায় ব্রহ্মের সুখ দুঃখ ভোগ হয় না কেন ?

গুরু। জীব আর ব্রহ্ম একরূপ নহে যে উভয়ের একরূপ ভোগের প্রসঙ্গ হইবে কিন্তু জীবাত্মা ও পরমাত্মার বৈশিষ্ট্য বা বৈলক্ষণ্য আছে, অর্থাৎ জীবাত্মা কর্ত্তা, ভোক্তা ও ধর্ম্মাধর্ম্মজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুখ দুঃখাদি বিশিষ্ট, আর পরমাত্মা ইহার বিপরীত অর্থাৎ পুণ্যপাপাদি শূন্য, এই দুইয়ের বিশেষ থাকাতে জীবাত্মারই ভোগ হয় পরমাত্মার নহে।১।২।৮

শিষ্য। ব্রহ্ম মনোময়—ইহা বুঝিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "যস্য ব্রহ্ম চ ক্ষত্রং চ উভে ভবত ওদনঃ। মৃত্যুর্যস্যোপসেচনং কইত্থা বেদ যত্র সঃ। (কঠ ১।২।২৫) (ব্রাহ্মণ এবং ক্ষত্রিয় যাহার ওদন অর্থাৎ অন্ন বা ভক্ষ্য আর মৃত্যু যাহার উপসেচন অর্থাৎ অন্নসংস্কারক ঘৃত প্রভৃতি দ্রব্য, তিনি অর্থাৎ সেই অত্তা বা ভোক্তা যাহাতে আছেন, তিনি যাহা বা যে প্রকার তাহা কে জানে?) এই স্থলে অত্তা অর্থাৎ ভক্ষক বা সংহর্ত্তা ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই হয়, অন্য কেহ নহে, কেন না, অত্তৃত্বে চরাচর বিশ্বের কথন আছে, চরাচরের আত্মসাৎ করিবার শক্তি পরমাত্মা পরমেশ্বর ব্রহ্মেরই আছে, অপর কাহারও নাই, এবং অত্তৃবাক্য পরমাত্মার প্রকরণেই আছে, এজন্য পরমাত্মাই অত্তা, অন্য কেহ নহে। ১।২।৯—১০

শিষ্য। ব্রহ্মই অত্তা অপর কেহ নহে—ইহা বুঝিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "ঋতং পিবন্তৌ সুকৃতস্য লোকে গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধ্যে। ছায়াতপৌ ব্রহ্মবিদো বদন্তি পঞ্চাগ্নয়ো যে চ ত্রিণাচিকেতাঃ" ॥ (কঠ ১।৩।১) (সুকৃতের লোকে অর্থাৎ এই কর্ম্মজনিতদেহে পরমে পরার্দ্ধ্যে অর্থাৎ ব্রহ্মদর্শনযোগ্য হৃদয়

২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রদেশে গুহা অর্থাৎ বিবর আছে; সেই বিবরে দুই ঋতপানকারী অর্থাৎ কর্ম্মফলভোগী প্রবিষ্ট আছে—ইহারা ছায়া ও আতপের ন্যায় পরস্পর পরস্পরের বিরোধী। ব্রহ্মকামী কর্ম্মী ও ত্রিণাচিকেতগণ অর্থাৎ যাহারা তিনবার অগ্নিচয়ন করিয়াছে অথবা নাচিকেতবাক্য অধ্যয়ন করিয়াছে, তাহার অর্থ বুঝিয়াছে ও তদনুরূপ কার্য্য করিয়াছে তাঁহারা বলিয়া থাকেন অর্থাৎ জানেন।) এস্থলে গুহা প্রবিষ্ট আত্মদ্বয় পরমাত্মা ও জীবাত্মাই, অন্য কেহ নহে, অর্থাৎ বুদ্ধি ও জীব নহে, কেন না, সর্ব্বত্র পরমাত্মা ও জীবাত্মারই গুহা প্রবিষ্টত্বের কথন আছে এবং পরমাত্মারই গন্তব্যত্ব ও মন্তব্যত্ব এবং জীবের গন্তৃত্ব ও মন্তৃত্বরূপ বিশেষণ আছে। ১।২।১১—১২

শিষ্য। ব্রহ্মের হৃদয়ান্তরত্ব বুঝিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যতে এষ আত্মেতি হোবাচ এতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি। তদ্ যদ্যপ্যস্মিন্ সর্পির্বোদকং বা সিঞ্চতি বর্ত্মনী এব গচ্ছতি (ছাং ৪।১৫।১) (এই যে পুরুষ নেত্রগোলে দেখা যাইতেছে ইনিই আত্মা, ইনিই অমৃত অভয় ও ব্রহ্ম। অক্ষিগোলকে ঘৃত বা উদক প্রক্ষিপ্ত হইলে তাহা পক্ষ্মে গমন করে অর্থাৎ অক্ষিস্থান অসঙ্গ বা নির্লেপ) এই স্থানে শ্রূয়মাণ অক্ষির অভ্যন্তরস্থ পুরুষ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই হন, অন্য কেহ নহে, কেন না, পরমাত্মায়ই উক্ত অমৃতত্বাদিগুণের উপপত্তি হয় এবং সর্ব্বগত ব্রহ্মেরও উপাসনার্থ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থানাদির উপদেশ আছে এবং সুখ বিশিষ্ট প্রকৃত ব্রহ্ম পরমাত্মার "য এষঃ" এই সর্ব্বনাম শব্দদ্বারা কথন আছে এবং উপনিষদ্ বেত্তাদিগের যে গতি অক্ষ্যভ্যন্তরস্থ পুরুষবেত্তাদিগেরও সেই গতির কথন আছে অর্থাৎ যখন ব্রহ্মজ্ঞের ও অক্ষিপুরুষজ্ঞের একই গতি তখন অবশ্যই অক্ষিপুরুষ ব্রহ্মই হইবে। ১।২।১৩—১৬

শিষ্য। অক্ষ্যভ্যন্তরস্থ পুরুষ প্রতিবিম্ব ও জীব প্রভৃতিই হয় না কেন ?

গুরু। পরমাত্ম-ব্যতীত প্রতিবিম্ব ও জীবাদি অপর কাহারও অক্ষিতে সর্ব্বদা অবস্থিতি হয় না এবং ব্রহ্ম ভিন্ন জীবাদিব অমৃতত্বাদিগুণের সম্ভবও হয় না, এজন্য অক্ষভ্যন্তরস্থ পুরুষ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই হন, অপর কেহ নহে। ১।২।১৭

শিষ্য। অক্ষভ্যন্তরস্থ পুরুষ ব্রহ্মই অপর কেহ নহে—ইহা জানিলাম, আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। 'যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো যং পৃথিবী ন বেদ, যস্য পৃথিবী শরীরং যঃ পৃথিবীমন্তরো যময়ত্যেষ ত আত্মা অন্তর্যাম্যমৃতঃ' (বৃ ৩।৭।৩) (যিনি পৃথিবীতে আছেন, অথচ পৃথিবীর অন্তর বা ভিন্ন, পৃথিবী যাহাকে জানে না, পৃথিবী যাহার শরীর, যিনি অন্তরে থাকিয়া পৃথিবীকে নিয়মিত করিতেছেন তিনিই তোমার আত্মা, অমৃত অর্থাৎ অবিনাশী ও অন্তর্যামী)

ইত্যাদি শ্রুতিতে শ্রূয়মাণ অন্তর্যামী ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই, কেন না, উহাতে পরমেশ্বরের ধর্ম্ম যে যময়িতৃত্বাদি তাহার কথন আছে। ১।২।১৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। স্মৃতি প্রতিপাদ্য প্রধানাদি অন্তর্যামী হয় না কেন?

গুরু। তাহাতে প্রধানাদির যে ধর্ম্ম তাহার কথন নাই পরন্তু তদ্ভিন্ন ধর্ম্মের (পরমাত্মধর্ম্মের) কথন আছে, এজন্য প্রধানাদি অন্তর্যামী নহে। ১।২।১৯

শিষ্য। জীবাত্মাই অন্তর্যামী হয় না কেন?

গুরু। জীবাত্মা অন্তর্যামী হইতে পারে না, কেন না, কাণ্ব ও মাধ্যন্দিন—এই উভয় শাখীরাই জীবাত্মা হইতে অন্তর্যামীর ও অন্তর্যামী হইতে জীবাত্মার ভিন্নত্বে পাঠ করিয়া থাকেন অর্থাৎ উভয় শাখীকেই জীব অন্তর্যামীর নিয়ম্য এবং অন্তর্যামী জীবের নিয়ন্তা—এইরূপ গান করিতে দেখা যায়। ১।২।২০

শিষ্য। ব্রহ্মই অন্তর্যামী—ইহা অবধারণ করিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। 'যত্তদদ্রেশ্যমগ্রাহ্যমগোত্রমবর্ণমচক্ষুঃ-শ্রোত্রং তদপাণি-পাদং নিত্যং বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং তদব্যয়ং যদ্ ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরাঃ' (মু১।১।৬) (যাহা অদৃশ্য বা জ্ঞানেন্দ্রিয়ের অবিষয়, অগ্রাহ্য বা কর্ম্মেন্দ্রিয়ের অপ্রাপ্য, অগোত্র অর্থাৎ বংশ বা আদিপুরুষ রহিত, অবর্ণ অর্থাৎ ব্রাহ্মণত্বাদি জাতি বর্জ্জিত, অচক্ষু, অশ্রোত্র, অপাদ, অহস্ত অর্থাৎ ইন্দ্রিয় রহিত, নিত্য অর্থাৎ উৎপত্তি বিনাশ বর্জ্জিত, বিভু, সর্ব্বব্যাপী, সুসূক্ষ্ম অর্থাৎ অত্যন্ত দুর্ব্বিজ্ঞেয়, ভূতযোনি অর্থাৎ উৎপন্নবস্তুর উৎপত্তিস্থান বা উপাদান কারণ এবং কেবল ধীরগণই যাহাকে জানেন তাহাই অক্ষয় তাহাই পর) ইত্যাদি শ্রুতিতে অদৃশ্যত্ব প্রভৃতি গুণসম্পন্ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূতযোনি ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই, কেন না, তাহাতে পরমাত্মার অসাধারণ ধর্ম্ম যে সর্ব্বগতত্ব প্রভৃতি তাহার কথন আছে। ১।২।২১

শিষ্য। প্রধান ও জীবাত্মা অদৃশ্যত্বাদিগুণক হয় না কেন ?

গুরু। "দিব্যো হ্যমূর্ত্তঃ পুরুষঃ" (মু ২।১।২) (তিনি দিব্য অর্থাৎ স্বয়ং জ্যোতি, অমূর্ত্ত অর্থাৎ পূর্ণ, পুরুষ অর্থাৎ আত্মা) ইত্যাদি বিলক্ষণ বিশেষণ আছে এবং "অক্ষরাৎ পরতঃ পরঃ" (মু ২।১।২) (পর অক্ষরের পর অর্থাৎ প্রোক্তভূতযোনি অক্ষর হইতে ভিন্ন) ইত্যাদি দ্বারা ভেদব্যপদেশ আছে এবং 'অগ্নির্মূর্দ্ধা-চক্ষুষী চন্দ্রসূর্য্যৌ' (মু ২।১।৪) (অগ্নিই তাহার মূর্দ্ধা, চন্দ্র সূর্য্য তাহার চক্ষু) ইত্যাদি দ্বারা পরমাত্মার রূপের উপন্যাস আছে, সুতরাং প্রধান ও জীব অদৃশ্যত্বাদিগুণক ভূতযোনি হয় না। ১.২.২২—২৩

শিষ্য। অদৃশ্যত্বাদিগুণক ভূতযোনি ব্রহ্মই অন্য কেহ নহে—ইহা জানিলাম, আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। "আত্মানমেবেমং বৈশ্বানরং সম্প্রত্যধ্যেষি তমেব নো ব্রূহি" (ছাং ৫।১১।৬) (সম্প্রতি এই আত্মা বৈশ্বানরকে কি স্মরণ হয়, আমাদিগকে তাহা বলুন।) এই উপক্রমে "যস্ত্বেতমেবং প্রাদেশমাত্রমভিবিমানমাত্মানং বৈশ্বানরং উপাস্তে স সর্ব্বেষু লোকেষু সর্ব্বেষু ভূতেষু সর্ব্বেষু আত্মসু অন্নম্ অত্তি। তস্য হবা এতস্যাত্মনো বৈশ্বানরস্য মূর্দ্ধৈব সুতেজাশ্চক্ষুর্বিশ্বরূপঃ প্রাণঃ পৃথগ্‌বর্ত্মাত্মা সন্দেহো বহুলো বস্তিরেব রয়িঃ পৃথিব্যেব পাদৌ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উর এব বেদিঃ, লোমানি বর্হিঃ হৃদয়ং গার্হপত্যঃ মনো হন্বাহার্য্য আস্যম্ আহবনীয়ঃ" (ছাং ৫।১৮।১-২) (যে এবম্বিধ প্রাদেশ প্রমাণ অভিবিমান বা সর্ব্বজ্ঞ আত্মা বৈশ্বানরের উপাসনা করে সে সকল লোকে সকল প্রাণীতে ও সকল দেহে সর্ব্বভোগভোগী হয়। এই বৈশ্বানরের মস্তক সুতেজা বা দ্যুলোক, চক্ষু বিশ্বরূপ বা সূর্য্য, প্রাণ বায়ু, সন্দেহ অর্থাৎ দেহমধ্য আকাশ, বস্তি বা মূত্রস্থান, রয়ি অর্থাৎ জল বা সমুদ্র, পদদ্বয় পৃথিবী, বক্ষঃস্থল যজ্ঞবেদী, লোম কুশ, হৃদয় গার্হপত্য অগ্নি, মন অন্বাহার্য্য অগ্নি, মুখ আহবনীয় অগ্নি) ইত্যাদিস্থলে শ্রূয়মাণ বৈশ্বানর ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই অপর কেহ নহে, কেন না, সাধারণ শব্দেও বিশেষ আছে, অর্থাৎ যদ্যপি বৈশ্বানর শব্দ অগ্নি, আদিত্য এবং আত্মার প্রতিপাদক হয়, আর আত্মন্ শব্দ জীব ও পরমেশ্বরের প্রতিপাদক হয় তথাপি দ্যুমূর্দ্ধত্ব প্রভৃতি বিশেষের প্রতিপাদন আছে, আর তথায় স্মর্য্যমাণ বা স্মৃত্যুক্তরূপ পরমেশ্বরেরই অনুমাপক লিঙ্গ হয়। ১।২।২৪—২৫

শিষ্য। বৈশ্বানর প্রভৃতি শব্দ থাকায় এবং অন্তঃপ্রতিষ্ঠানের কথা থাকায় বৈশ্বানর ব্রহ্মই কেন হয়, দেবতা বা ভূত হয় না কেন ?

গুরু। জাঠর বৈশ্বানরে পরমেশ্বরের দৃষ্টির উপদেশ আছে বা জাঠর বৈশ্বানরোপাধিক পরমেশ্বরের দ্রষ্টব্যত্বে উপদেশ আছে এবং পরমেশ্বর ব্যতীত অন্যত্র দ্যুমূর্দ্ধত্বাদির সম্ভব হয় না এবং বাজসনেয়ীরা বৈশ্বানরকে পুরুষ অর্থাৎ চেতন বলিয়া পাঠ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতেছে, সুতরাং বৈশ্বানর ব্রহ্মই, দেবতা বা ভূত নহে। ১।২।২৬—২৭

শিষ্য। বৈশ্বানর শব্দ কিরূপে ব্রহ্মের প্রতিপাদক হয়?

গুরু। জৈমিনি আচার্য্য বলেন—বিশ্বের অর্থাৎ জড় ও অজড় সকলের নর অর্থাৎ নেতা বা অধিষ্ঠাতা, প্রভু বা স্বামী এই যৌগিক বৃত্তিদ্বারা বৈশ্বানর শব্দ ব্রহ্মের প্রতিপাদক হইতে পারে। ১।২।২৮

শিষ্য। ব্রহ্মের প্রাদেশ মাত্রত্ব ব্যপদেশ কিরূপে হয়?

গুরু। আশ্মরথ্য মনে করেন—মহান্ পরমেশ্বর স্বোপাসক দিগের প্রাদেশ প্রমাণ হৃদয়ে অভিব্যক্ত হন, এই জন্য প্রাদেশ মাত্রত্ব ব্যপদেশ হয়। ১।২।২৯

বাদরি আচার্য্য মনে করেন—শ্রবণের অনন্তর প্রাদেশমাত্র প্রমাণ হৃদয় দ্বারা পরমেশ্বরের স্মরণ হয়, এজন্য বিভু পরমেশ্বরের প্রাদেশমাত্রত্ব ব্যপদেশ হয়। ১।২।৩০

জৈমিনি আচার্য্য মনে করেন—সম্পত্তিহেতু প্রাদেশ মাত্রত্ব-ব্যপদেশ হয় অর্থাৎ ধ্যানদ্বারা অভেদ নিষ্পত্তির নাম সম্পত্তি, যত্নের দ্বারা অকল্পিত পদার্থের সহিত কল্পিত পদার্থের ভেদজ্ঞান নিবারিত হইলে তাহাকে সম্পত্তি বলে। বাজসনেয় ব্রাহ্মণ স্বর্গাদি পৃথিবী পর্য্যন্ত স্থানকে লোকমূর্ত্তি বৈশ্বানরের অঙ্গরূপে উপদেশ করিয়া সে সকলকে উপাসকের মস্তকাদি চিবুক (দাড়ি) পর্য্যন্ত অবয়ব সমূহে ধ্যান দ্বারা পরমেশ্বরকে প্রাদেশ প্রমাণে সম্পন্ন করিয়াছেন অর্থাৎ তাহাকে প্রাদেশ প্রমাণ ভাবিবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপায় প্রদর্শন করিয়াছেন, এজন্য তাহাকে প্রাদেশ প্রমাণ বলা যায়। ১।২।৩১

যে হেতু এই বৈশ্বানর পরমাত্মা প্রাদেশ পরিমিত স্থানে প্রাদেশ বিশেষে উপাস্য ও দ্রষ্টব্য বলিয়া কথিত হইয়াছে, এজন্য ব্রহ্মের প্রাদেশমাত্রত্ব ব্যপদেশ হয়। ১।২।৩২

শিষ্য। জগতের জন্মাদির কারণ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই জগতের স্বামী—ইহা নির্দ্ধারিত হইল, এখন আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "যস্মিন্ দ্যৌঃ পৃথিবী চান্তরিক্ষমোতং মনঃ সহ প্রাণৈশ্চ সর্ব্বৈঃ। তমেবৈকং জানথ আত্মানমন্যা বাচো বিমুঞ্চথ অমৃতস্যৈষ সেতুঃ" (মু ২।২।৫) (স্বর্গ, পৃথিবী, অন্তরীক্ষ ইন্দ্রিয়গণের সহিত মন এ সকল যাহাতে প্রোথিত বা কল্পিত সেই আত্মাকে জান, অন্যকথা পরিত্যাগ কর, এই আত্মা অমৃতের অর্থাৎ মোক্ষের বা সংসারসমুদ্র পার হইবার সেতু)। ইত্যাদি শ্রুতিতে শ্রূয়মাণ দিব ও ভূ প্রভৃতির আয়তন পরমেশ্বর পরমাত্মা ব্রহ্মই অপর কেহ নহে, কেন না, আত্মশব্দদ্বারা কথন আছে, এবং মুক্তপুরুষের প্রাপ্যত্বে ব্যপদেশ আছে, মুক্তপুরুষের প্রাপ্য আত্মা পরব্রহ্ম ব্যতীত অন্য কেহ হইতে পারে না। ১।৩।১—২

শিষ্য। দিব ও ভূ প্রভৃতির আয়তন প্রধান বা প্রকৃতি প্রভৃতি হয় না কেন?

গুরু। তথায় প্রধানাদির বোধক কোনও শব্দ নাই, সুতরাং প্রধানাদি দিব ও ভূ প্রভৃতির আয়তন হয় না। ১।৩।৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। দিব ও ভূ প্রভৃতির আয়তন প্রাণভৃৎ জীবই হয় না কেন?

গুরু। তথায় প্রাণভৃৎ জীবাত্মার বোধক কোন শব্দ নাই এবং প্রাণভৃৎ হইতে দ্যুভ্বাদ্যায়তনের দ্যুভ্বাদ্যায়তন হইতে প্রাণভৃতের ভিন্নত্বে ব্যপদেশ আছে, এবং জ্ঞেয় দিব ও ভূ প্রভৃতির আয়তনের পরমাত্মপ্রকরণে পাঠ আছে এবং পরমাত্মার উদাসীন ভাবে অবস্থান আর জীবের কর্ম্মফল ভোগ আছে। ১।৩।৪—৭

শিষ্য। দিব ও ভূ প্রভৃতির আধার ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই অপর কেহ নহে—ইহা বুঝিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "যো বৈ ভূমা তৎসুখং নাল্পে সুখমস্তি ভূমৈব সুখং ভূমাত্বেব বিজিজ্ঞাসিতব্যঃ, ইতি ভূমানং ভগবো বিজিজ্ঞাস ইতি ১। যত্র নান্যৎ পশ্যতি নান্যৎ শৃণোতি নান্যদ্ বিজানাতি স ভূমা। অথ যত্র অন্যৎ পশ্যতি অন্যৎ শৃণোতি অন্যদ্বিজানাতি তদল্পম্। যো বৈ ভূমা তদমৃতম্। অথ যদল্পং তন্মর্ত্ত্যম্" (ছা ৭।২৩।২৪।১—২) (যাহা ভূমা তাহাই সুখ অল্পে সুখ নাই, ভূমাই সুখ, ভূমাকেই জানিতে ইচ্ছা করা উচিত। হে ভগবন্! আমি ভূমাকে জানিতে ইচ্ছা করি। যাহাতে অন্য কিছু দেখা যায় না, অন্য কিছু শুনা যায় না, অন্য কিছু জানা যায় না তাহাই ভূমা, আর যাহাতে অন্য দেখা যায় অন্য শুনা যায় এবং অন্য জানা যায় তাহাই অল্প। যাহা ভূমা তাহাই অমৃত, যাহা অল্প তাহা মর্ত্ত্য অর্থাৎ বিনাশী।) ইত্যাদি শ্রুতিতে যে ভূমার কথা আছে সেই ভূমা ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই, অন্য কেহ নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। জীব হয় না কেন ?

গুরু। জীবাত্মা হইতে আধিক্যে ভূমার উপদেশ আছে অর্থাৎ ভূমা পুরুষ জীবাত্মা হইতে অধিক বা ভিন্ন এরূপ উপদেশ আছে এবং তত্রোক্ত ধর্ম্মসকল পরমাত্মা ব্রহ্ম পরমেশ্বরেই উপপন্ন হয়, অন্যত্র উপপন্ন হয় না, এজন্য ভূমা ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই জীব বা অপর কেহ নহে। ১।৩।৮—৯

শিষ্য। ব্রহ্মপরমাত্মা পরমেশ্বরই ভূমা—ইহা বুঝিলাম, আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। "কস্মিন্নু খলু আকাশ ওতশ্চ প্রোতশ্চেতি, স হোবাচ এতদ্বৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা অভিবদন্ত্যস্থূলমনণ্বহ্রস্বম্" (বৃ ৩।৮।৭—৮) (আকাশ কিসে ওতপ্রোত ? তিনি (যাজ্ঞবল্ক্য) বলিলেন—আকাশ অক্ষরে ওতপ্রোত, ব্রহ্মজ্ঞগণ এই অক্ষরকে অস্থূল, অনণু ইত্যাদি প্রকারে অনুভূত করেন) ইত্যাদি স্থলে যে অক্ষরের উল্লেখ আছে এই অক্ষর পরমাত্মা ব্রহ্ম পরমেশ্বরই, অন্য কেহ নহে, কেন না, উহাতে আকাশান্ত বিকারবর্গের ধৃতির বা ধারণের কথা আছে। সেই নিখিল বিকারের ধারণ পরমেশ্বরেই সম্ভবে অন্যে নহে। ১।৩।১০

শিষ্য। আকাশান্ত বিকারবর্গের ধৃতি বা ধারণ যে পরমাত্মারই কার্য্য বা পরমাত্মায়ই আছে তাহা কিরূপে বুঝিব ?

গুরু। ইহাতে "এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি সূর্য্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠতঃ" (বৃ ৩।৮।৯) (হে গার্গি! এই অক্ষরের প্রশাসনে চন্দ্র সূর্য্য বিধৃত আছে।) ইত্যাদি শাস্ত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে এবং পরমেশ্বর ভিন্নের ব্যাবর্ত্তনও আছে অর্থাৎ পরমেশ্বর-ভিন্নের নিবারণ বা নিষেধ আছে। ১।৩।১১—১২

শিষ্য। অক্ষর ব্রহ্মই অন্য কেহ নহে—ইহা বুঝিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "ষোড়শকলং ভারদ্বাজ পুরুষং বেত্থ" (প্রশ্ন ৬।১) (হে ভারদ্বাজ! ষোড়শকলাবিশিষ্ট পুরুষ কে জান?) এই প্রস্তাবে "ইহৈবান্তঃ শরীরে সৌম্য স পুরুষো যস্মিন্নেতাঃ ষোড়শকলাঃ প্রভবন্তি" (প্রশ্ন ৬।২) (হে সৌম্য! যে পুরুষে এই শোড়শকলা প্রকৃষ্টরূপে সমুৎপন্ন হইয়া থাকে সেই পুরুষ এই শরীর মধ্যেই (বর্ত্তমান) রহিয়াছেন) ইত্যাদিতে শ্রূয়মাণ। ষোড়শকল পুরুষ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই অন্য কেহ নহে, কেন না, উহাতে ঈক্ষতি কর্ম্মের ব্যপদেশ আছে অর্থাৎ সেই পুরুষ দ্রষ্টব্য বা জ্ঞাতব্য এইরূপ উপদেশ আছে। ১।৩।১৩

শিষ্য। ষোড়শকল পুরুষ জানিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম দহরোঽস্মিন্নন্তরাকাশঃ তস্মিন্ যদন্তঃ তৎ অন্বেষ্টব্যং তদ্বাব বিজিজ্ঞাসিতব্যম্" (ছা ৮।১।১) (এই ব্রহ্মপুরে দেহে দহর বা অল্পপদ্মগৃহ আছে অর্থাৎ হৃৎপদ্মরূপ গৃহ আছে, তন্মধ্যে যে দহরাকাশ তাহা অন্বেষণ কর ও জান) এই স্থলে সমাম্নাত দহর বা দহরাকাশ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই, অন্য কেহ নহে, কেন না, তৎপরবর্ত্তী বাক্যসকল হইতে উহাই জানা যাইতেছে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দহরবাক্যশেষে দহরকে ব্রহ্মলোক ও জীবগম্য বা জীবপ্রাপ্য বলা হইয়াছে; অন্য শ্রুতিতে ও দৈনন্দিন প্রসুপ্তিতে জীবের ব্রহ্মগতি বর্ণিত হইয়াছে; এই দহর কর্ত্তৃক বিশ্বের ধারণ আছে; এই বিশ্বধারণ মহিমার প্রতীতি ব্রহ্মেই হয়; আর আকাশ শব্দের পরমাত্মায় প্রসিদ্ধি আছে এজন্য দহরব্রহ্ম পরমাত্মাই অন্য নহে। ১৷৩৷১৪—১৭

শিষ্য। তথায় জীবাত্মার পরামর্শ থাকায় জীবাত্মাই দহর হয় না কেন?

গুরু। অপহত পাপ্মত্ব প্রভৃতি যে সকল দহর ধর্ম্মের কথা আছে উহা জীবে সম্ভবে না, এজন্য জীব দহর হয় না। ১৷৩৷১৮

শিষ্য। তবে দহর বাক্যশেষে জীবাত্মার পরামর্শ কেন থাকে?

গুরু। ঐ বাক্যের তাৎপর্য্য সাধারণ জীব নহে, পরন্তু স্বরূপপ্রাপ্ত ব্রহ্মভাবাপন্ন জীবে; উহাও ব্রহ্মই, কারণ জীবের স্বরূপাবির্ভাব আর ব্রহ্ম একরূপই। দহর বাক্যশেষে জীবের যে পরামর্শ তাহা অন্যার্থ অর্থাৎ জীবের পরমাত্মভাব-প্রতিপাদনার্থ অর্থাৎ জীবভাব বুঝান উদ্দেশ্য নহে, পরন্তু তাহার অনারোপিত রূপ বুঝানই উদ্দেশ্য। ১৷৩৷১৯—২০

শিষ্য। হৃদয়রূপ অল্পপরিমাণ স্থানে উপাসনার উপদেশ থাকায় অর্থাৎ অল্পস্থানের নির্দ্দেশ থাকায় দহরাকাশ জীবাত্মাই হওয়া উচিত, পরমাত্মা কিরূপে হয়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। ইহার উত্তর পূর্ব্বেই বলা হইয়াছে, স্মরণ কর। আর পরমাত্মার হৃদয়পুণ্ডরীকরূপ উপাধির অনুকরণ আছে এজন্য অল্পশ্রুতিতে কোনও বাধা নাই, পরমেশ্বরের অল্পত্বের নির্দ্দেশ শ্রুতিতেও আছে স্মৃতিতেও আছে। ১।৩।২১—২৩

শিষ্য। দহর ব্রহ্মই অপর কেহ নহে—ইহা বুঝিলাম, আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। "অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো মধ্য আত্মনি তিষ্ঠতি ঈশানো ভূতভব্যস্য ন ততো বিজুগুপ্সতে।" এতদ্বৈতৎ (কঠ ২।৪।১২) (অঙ্গুষ্ঠপরিমিত অন্তঃকরণে অভিব্যক্ত হওয়ায় অঙ্গুষ্ঠমাত্র অর্থাৎ অঙ্গুষ্ঠপরিমিত পুরুষ (আত্মা) আত্মমধ্যে অর্থাৎ দেহাভ্যন্তরে অবস্থান করেন অথচ সেই পুরুষই ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই কালত্রয়ের ঈশ্বর (শাসক), তাঁহাকে জানিলে (কেহই আর) আত্মাকে গোপন করিতে ইচ্ছা করে না, ইহাই সেই বস্তু) ইত্যাদি শ্রুতিতে যে অঙ্গুষ্ঠপরিমিত পুরুষের কথা আছে উহা ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাই, কেন না, 'ঈশানো ভূতভব্যস্য' অর্থাৎ ভূত ও ভব্যের ঈশান—এইরূপ শব্দ আছে। ১।৩।২৪

শিষ্য। বিভু পরমেশ্বর পরমাত্মাকে অঙ্গুষ্ঠপরিমিত কেন বলা হয় ?

গুরু। অঙ্গুষ্ঠপরিমিত হৃদয়ে অবস্থানের কথা থাকায়ই অঙ্গুষ্ঠপরিমিত বলা হয়।

শিষ্য। এই অঙ্গুষ্ঠপরিমিত হৃদয় কাহার ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। মানবদিগের, কেন না, উহারাই অধিকারী, এ জন্য তথায় অবস্থানের অপেক্ষায়ই পরমেশ্বরকে অঙ্গুষ্ঠপরিমিত বলা হয়। ১৷৩৷২৫

শিষ্য। যদি মনুষ্যেরই অধিকার থাকে তবে দেবতাদের কি বিদ্যায় অধিকার নাই?

গুরু। এ বিষয়ে বাদরায়ণ আচার্য্য বলেন—দেবতাদিগেরও বিদ্যায় অধিকার আছে, কেন না, অধিকারের কারণ যে অর্থিত্ব বিগ্রহ প্রভৃতি তাহা তাহাদেরও আছে। ১৷৩৷২৬

শিষ্য। যদি দেবতাদিগেরও বিগ্রহ থাকে তবে একই দেবতার উদ্দেশ্যে একদা বহুস্থানে বহু যাগ করিলে এক শরীরের একদা সর্ব্বত্র উপস্থিতির সম্ভব হয় না, সুতরাং কর্ম্মবিরোধ হইতে পারে কি?

গুরু। না, দেবতাদের বিচিত্রশক্তি আছে, তাহাতে তাহারা একদা বহু শরীর গ্রহণ করিয়া নানাস্থানস্থ বহু যাগে উপস্থিত হইতে পারে। ১৷৩৷২৭

শিষ্য। দেবতাদের শরীরদ্বারা যজ্ঞাদিকর্ম্মে বিরোধ না হউক, কিন্তু শব্দে বিরোধ হয় অর্থাৎ শব্দার্থ যে দেবাদিশরীর তাহার অনিত্যত্বহেতু শব্দ ও অর্থের নিত্য সম্বন্ধ নাই, তবে শব্দে অর্থের বিয়োগ হওয়ায় শব্দে অপ্রামাণ্য লক্ষণ বিরোধ হয় কি?

গুরু। না, বৈদিক শব্দ হইতেই দেবাদি বিশ্বের উৎপত্তি হয়; এ বিষয়ে শ্রুতি ও স্মৃতি আছে। ১৷৩৷২৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। বেদ নিত্য হইলে ত দেবাদি জগৎ তাহা হইতে উৎপন্ন হইতে পারে, কিন্তু তাহা সিদ্ধ হইতেছে কি ?

গুরু। দেবাদি জগৎ বেদশব্দ হইতে উৎপন্ন বা আবির্ভূত হইয়াছে, এজন্যই বেদশব্দের নিত্যত্ব মানিতে হয়। ১।৩।২৯

শিষ্য। প্রলয়ে পরিত্যক্তনামরূপ দেবাদি সমস্ত জগতের নাশ হয় সুতরাং অর্থের বিয়োগে ত শব্দার্থের নিত্যসম্বন্ধের অভাব হয়, তাহাতে বেদশব্দের অপ্রামাণ্য-লক্ষণ বিরোধ উপস্থিত হয় কি ?

গুরু। না, হয় না, কেন না, একল্পের সৃষ্টি পূর্ব্বকল্পের সমান, সুতরাং কল্পে দেবাদি জগতের আত্যন্তিক ধ্বংস হয় না, সংস্কার বা বীজ থাকে ; সুতরাং আত্যন্তিক অনিত্য নহে। এজন্য শব্দার্থের নিত্য সম্বন্ধরূপ সিদ্ধান্ত অবিরুদ্ধ, এ বিষয়ে শ্রুতি, স্মৃতি প্রভৃতি প্রমাণ আছে। ১।৩।৩০

শিষ্য। অঙ্গুষ্ঠ পরিমিত হৃদয়ে অবস্থান করে বলিয়া ব্রহ্মকে প্রমিত বা অঙ্গুষ্ঠপরিমিত বলা হইয়াছে, তবে পরমেশ্বর কি কেবল হৃদয়েই থাকে ?

গুরু। না, ব্রহ্ম ব্যাপক (বিভু) সুতরাং হৃদয়ের বাহিরেও থাকে। ১।৩।২৬

শিষ্য। ব্রহ্ম ব্যাপক বা বিভু হইলে নিশ্চয়ই নিষ্ক্রিয়, তবে নিষ্ক্রিয়ের বিশ্বনির্ম্মাণের উপপত্তি কিরূপে হয় ?

গুরু। তাঁহার অনেক শক্তি আছে সুতরাং তিনি সকলই করিতে পারেন। ১।৩।২৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। কণ্ঠ তালু প্রভৃতির অভিঘাত ব্যতীত শব্দের উৎপত্তি হয় না, ব্যাপক ব্রহ্মের শরীর না থাকায় তদবয়ব কণ্ঠ তাল্বাদি নাই, তবে বর্ণ সমূহাত্মক বেদশব্দের উৎপত্তির সম্ভব হয় না, সুতরাং বেদশব্দে বিরোধ হয় কি ?

গুরু। শ্রুতি স্মৃতি হইতে জানা যায় যে, উহা উৎপন্ন নহে, উহা হইতে জগতের উৎপত্তি হয়, সুতরাং বেদশব্দে বিরোধ নাই। ১৷৩৷২৮

শিষ্য। বেদশব্দ জগতের উৎপাদক হউক, কিন্তু বেদশব্দ যে নিত্য, বেদশব্দের যে উৎপত্তি নাই তাহা কিসে জানিব ?

গুরু। শ্রুত্যাদি হইতেই বেদশব্দের নিত্যত্ব জানিবে। ১৷৩৷২৯

শিষ্য। বেদ অনিত্য ও অপূর্ব্ব অর্থের প্রতিপাদক, সুতরাং তাহার নিত্যত্বে বিরোধ নাই কি ?

গুরু। অর্থের আবৃত্তি বা উৎপত্তিতেও পূর্ব্ব পূর্ব্ব কল্পের সমান নামরূপ থাকায় কোন বিরোধ নাই, অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব কল্পে যাহার যে নাম ও যে রূপ ছিল এ কল্পেও তাহার সে নাম সেরূপই হয়, সুতরাং পূর্ব্ব পূর্ব্ব কল্প প্রসিদ্ধ অর্থের প্রতিপাদকই হয়, অপূর্ব্ব অর্থের প্রতিপাদক নহে, এজন্য কোন বিরোধ নাই। ১৷৩৷৩০

শিষ্য। ব্রহ্মবিদ্যায় ও উপাসনায় দেবতাদিগের অধিকার আছে—এই যে সিদ্ধান্ত তাহাতে মতভেদ আছে কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। আছে; জৈমিনি আচার্য্য মনে করেন—ব্রহ্মবিদ্যায় ও উপাসনায় দেবতাদিগের অধিকার নাই, কেন না, মধু প্রভৃতি বিদ্যায় (সূর্য্যোপাসনা বিশেষে) তাহাদের অধিকার সম্ভবে না। বিশেষতঃ আদিত্যাদি দেবতা জ্যোতিঃস্বরূপ অচেতন শরীরহীন সুতরাং তাহাদের বিদ্যায় অধিকার থাকিতে পারে না। ১৷৩৷৩১—৩২

শিষ্য। আর কি মত আছে?

গুরু। বাদরায়ণ ঋষি দেবতাদিগের অধিকারের অস্তিত্ব মনে করেন, কেন না, অধিকারের কারণ যে শরীর অর্থিত্ব ও সামর্থ্যাদি তাহা দেবতাদিগেরও আছে। ১৷৩৷৩৩

শিষ্য। ব্রহ্মবিদ্যায় নিখিল মনুষ্যের অধিকার আছে কি?

গুরু। না, বেদাদিতে অধিকার না থাকায় শূদ্রের ব্রহ্মবিদ্যায় অধিকার নাই।

শিষ্য। তবে সম্বর্গবিদ্যাপ্রস্তাবে শূদ্রের উল্লেখ দেখা যায় কেন?

গুরু। সে স্থলে শূদ্রশব্দের অর্থ শূদ্রজাতি নহে। হংসঋষি হইতে অনাদর বাক্য শ্রবণ করিয়া ক্ষত্রিয় জানশ্রুতির শোক হইয়াছিল, তিনি সেই শোকের সহিত ব্রহ্মবিদ্যালাভার্থ রৈক্কঋষির নিকট গিয়াছিলেন, রৈক্ক তাহাকে শূদ্রশব্দদ্বারা সম্বোধন করতঃ তাহার শোক জ্ঞাপিত করিয়াছিলেন। ১৷৩৷৩৪

শিষ্য। জানশ্রুতি যে ক্ষত্রিয় তাহার প্রমাণ কি?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। পরবর্ত্তিবাক্যে ভোজনপ্রসঙ্গে চৈত্ররথবংশীয় অভি-প্রতারিনামক ক্ষত্রিয়ের সহিত একত্র উল্লেখ আছে, ইহা জানশ্রুতির ক্ষত্রিয়ত্বে প্রমাণ। ১।৩।৩৫

শিষ্য। শূদ্রের ব্রহ্মবিদ্যায় অনধিকারে আর কি যুক্তি আছে?

গুরু। সর্ব্বত্র বিদ্যাগ্রহণের অঙ্গ উপনয়ন সংস্কার, শূদ্রের সেই উপনয়ন সংস্কার নাই, সুতরাং তাহাদের ব্রহ্মবিদ্যায় অধিকার নাই। আরও আছে—সত্যকাম উপনয়নের জন্য গুরু গৌতমের নিকট গেলে গুরু 'সত্যকাম' শূদ্র নহে,—এইরূপ নিশ্চয় করিয়াই তাহাকে উপনয়ন দিয়াছিলেন। আরও আছে—শূদ্রের বেদশ্রবণে বেদাধ্যয়নে বেদবিহিত কর্ম্মানুষ্ঠানে ও বেদার্থজ্ঞানে নিষেধ আছে। ১।৩।৩৬—৩৮

শিষ্য। ব্রহ্মকে 'প্রাণ' বলা হইয়াছে কেন?

গুরু। প্রাণন থাকায়ই 'প্রাণ' বলা হয় অর্থাৎ ব্রহ্মই জগতের প্রাণন ক্রিয়ার কারণ, এজন্য ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরকে প্রাণ বলা হইয়াছে। ১।৩।৩৯

শিষ্য। ব্রহ্মকে 'জ্যোতিঃ' বলা হইয়াছে কেন?

গুরু। ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর জগৎকে প্রকাশ করে, এজন্য তাহাকে 'জ্যোতিঃ' বলা হইয়াছে। ১।৩।৪০

শিষ্য। ব্রহ্মকে 'আকাশ' বলা হইয়াছে কেন?

গুরু। ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর সর্ব্বগত ও অসঙ্গ এজন্য তাহাকে 'আকাশ' বলা হইয়াছে। ১।৩।৪১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই জীব কি না?

গুরু। না, কেন না, সুষুপ্তিতে ও উৎক্রান্তিতে অর্থাৎ সুষুপ্তি ও মরণদশায় জীবভিন্নত্বে ব্রহ্মের ব্যপদেশ আছে অর্থাৎ জীবের সুষুপ্তি ও মরণ আছে পরমেশ্বরের তাহা নাই সুতরাং ভিন্ন, এবং "এষ সর্বেশ্বরঃ এষ ভূতাধিপতিঃ এষ ভূতপালঃ" (ইনি সকলের ঈশ্বর, ইনি ভূতদিগের অধিপতি, ইনি ভূতদিগের পালক) এবং (সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্যাধিপতিঃ সর্ব্বমিদং প্রশাস্তি যদিদং কিঞ্চ (বৃ ৫।২।১) (ইনি সকলের ঈশ্বর, সকলের অধিপতি, জগতে যাহা কিছু আছে সমস্তই তিনি শাসন করিতেছেন) "যো বিশ্বস্য জগতঃ প্রাণতঃ পতিঃ" (ঋ ১।৭।১২।৫) (যিনি নিখিল সংসারের প্রাণতঃ পতি) ইত্যাদি শাস্ত্র থাকায়ও তিনি জীব হইতে ভিন্ন অর্থাৎ জীব নিরতিশয় অধিপতি নহে আর পরমেশ্বর নিরতিশয় অধিপতি হন, এ জন্য উভয়ের ভিন্নতা আছে। ১।৩।৪২—৪৩ (১।৩ সমাপ্ত)

শিষ্য। ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের জগদাধারত্বাদি বুঝিলাম, এখন জিজ্ঞাস্য এই—অনুমানগম্য প্রধান—প্রকৃতি—অব্যক্তের কোনও শাখীর মতে উল্লেখ বা গ্রহণ আছে কি?

গুরু। আছে।

শিষ্য। অব্যক্ত যদি স্বতন্ত্রভাবে জগৎকারণই না হয়—তবে তাহার উল্লেখ বা গ্রহণ কেন?

গুরু। তথায় শরীররূপকে বিন্যস্ত অব্যক্তের গ্রহণ হইয়াছে, শ্রুতি ইহাই দেখাইয়াছে। ১।৪ ১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। অব্যক্ত পদদ্বারা ব্যক্তশরীরের গ্রহণ কিরূপে হয়?

গুরু। যোগ্যত্ব—সামর্থ্য বা সাদৃশ্য নিবন্ধন সেই শরীর সূক্ষ্ম বা অব্যক্তই হয়। ১।৪।২

শিষ্য। তবে কি প্রধান—অব্যক্ত অর্থবৎ বা কার্য্যজনক হয়ই না?

গুরু। পরমেশ্বরের অধীনত্ব প্রাপ্ত হইয়া অর্থবৎ বা কার্য্যজনক হয়, অর্থাৎ প্রধান বা অব্যক্ত স্বতন্ত্রভাবে কার্য্য জন্মায় না, কিন্তু অন্তর্যামিরূপে অবস্থিত পরমেশ্বরের অধীন হইয়া কার্য্য জন্মায়। আরও আছে—প্রধান বা অব্যক্ত যদি স্বতন্ত্র হইতো অর্থাৎ পরমেশ্বরের অধীন না হইতো তবে তাহার জ্ঞেয়ত্বের প্রতিপাদন থাকিত, তাহা না থাকায় জানা যায় যে অব্যক্ত প্রধান পরমেশ্বরের অধীনই স্বতন্ত্র নহে। ১।৪।৩—৪

শিষ্য। শাস্ত্রে আনুমানিক বা অনুমানগম্য প্রধানেরও ত জ্ঞেয়ত্বে উপদেশ পাওয়া যায়।

গুরু। ঐ উপদেশ আনুমানিকের সম্বন্ধে নহে পরন্তু প্রকরণতঃ পরমেশ্বরের সম্বন্ধে অর্থাৎ সে শাস্ত্রের তাৎপর্য্য এই যে—ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই জ্ঞেয় অর্থাৎ তাহাকে জানা উচিত, অপর কেহ নহে, এরূপ হইলে সে স্থানের উপন্যাস ও উপপন্ন হয়। ১।৪।৫—৬

শিষ্য। আনুমানিক প্রধান যে পরমেশ্বরের অধীন হইয়া অর্থবৎ বা সফল হয় অর্থাৎ কার্য্য সম্পাদন করে তাহার প্রশ্ন দৃষ্টান্ত কি?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। দৃষ্টান্ত মহত্তত্ত্ব অর্থাৎ মহত্তত্ত্ব যেরূপ অধীন হইয়া কার্য্য করে সেইরূপ প্রধানও পরমেশ্বরের অধীন হইয়া সৃষ্ট্যাদি কার্য্য করে। ১।৪।৭

শিষ্য। যেরূপ বিশেষতঃ প্রতিপাদন না থাকায় গ্রহ ও চমসের সোমপাত্রত্বে সমান স্বাতন্ত্র্য আছে সেরূপ প্রকৃতি ও পরমেশ্বরের সৃষ্ট্যাদি হেতুত্বে সমান স্বাতন্ত্র্য আছে কি? ১।৪।৮

গুরু। না, কেন না, জ্যোতিঃপ্রমুখা ব্রাহ্মী শক্তির অর্থাৎ অব্যক্ত প্রধান বা প্রকৃতির পারতন্ত্র্য অর্থাৎ পরমেশ্বরাধীনতা আছে, এজন্য প্রকৃতি ও পরমেশ্বরের সমান স্বাতন্ত্র্য নাই। ১।৪।৯

শিষ্য। যদি অব্যক্ত অজা প্রকৃতি ব্রহ্মাধীন হইয়াই অর্থবতী বা সফলা হয় তবে উহার লোহিতাদিব্যক্তরূপে উপদেশ কেন হয়?

গুরু। যেরূপ অমধু সূর্য্যও মধুরূপে উপদিষ্ট হয় সেরূপ সাদৃশ্য কল্পনাদ্বারা অব্যক্ত প্রকৃতিও লোহিতাদিব্যক্তরূপে উপদিষ্ট হয়। ১।৪।১০

শিষ্য। "অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাম্" (শ্বে ৪।৫) এই স্থলে প্রকৃতির একত্ব সংখ্যায় উপদেশ থাকায় প্রকৃতির স্বাতন্ত্র্যে অর্থবত্ত্ব থাকা উচিত কি?

গুরু। না, অজার একত্ব সংখ্যায় নির্দ্দেশ থাকায়ও তাহার স্বাতন্ত্র্যে অর্থবত্তা নাই, কেন না, পরে তাহার নানাত্বে প্রতিপাদন আছে এবং বৃহদারণ্যকে প্রকৃতির অধিষ্ঠাতা পরমেশ্বরের কথাও আছে। ১।৪।১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। "যস্মিন্ পঞ্চ পঞ্চ জনাঃ" (বৃ ৪।৪।১৭) এই পঞ্চজন শব্দে কাহাকে বুঝিব ?

গুরু। পঞ্চজন শব্দে প্রাণাদিকে বুঝিবে, কেন না, বাক্য-শেষে উহাদের উল্লেখ আছে। ১।৪।১২।

শিষ্য। প্রাণাদির মধ্যে অন্নের পাঠ আছে কি ?

গুরু। না, তথায় তত্রোক্ত জ্যোতিদ্বারা পঞ্চসংখ্যা পূরণ করিতে হইবে। ১।৪।১৩।

শিষ্য। আনুমানিক প্রধান কি স্বতন্ত্রভাবে কারণ হইতেই পারে না ?

গুরু। না, কেন না, আকাশাদি নিখিল কার্য্যের কারণত্বে পরমেশ্বরতন্ত্রা প্রকৃতিরই উপদেশ আছে। ১।৪।১৪।

শিষ্য। সর্ব্বত্রই কি ব্রহ্মপূর্ব্বিকা সৃষ্টির উপদেশ আছে ?

গুরু। না। "অসদ্বা ইদমগ্র আসীৎ ততো বৈ সদজায়ত" (তৈ ২।৭) এস্থলে ব্রহ্মপূর্ব্বিকা সৃষ্টির উল্লেখ নাই।

শিষ্য। তবে "জন্মাদ্যস্য যতঃ" (বে ১।১।২) ইহার উপপত্তি কিরূপে হয় ?

গুরু। তৈত্তিরীয়ে ব্রহ্মের সাক্ষাৎ উল্লেখ না থাকিলেও পূর্ব্ব নির্দ্দিষ্ট ব্রহ্মের আকর্ষণ আছে সুতরাং সৃষ্টি ব্রহ্মপূর্ব্বিকা—ইহাই বুঝিতে হইবে। ১।৪।১৫।

শিষ্য। আপনার কৃপায় অনেকই জানিলাম, আর কি জ্ঞাতব্য আছে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। "যো বৈ বালাকে এতেষাং পুরুষাণাং কর্ত্তা—যস্য বৈ তৎকর্ম্ম স বৈ বেদিতব্যঃ" (কৌষী ৪।১৮) (হে বালাকে! যিনি এই সকল পুরুষের কর্ত্তা এবং এ সকল যাহার কর্ম্ম অর্থাৎ কর্ত্তৃত্বের ফল তিনিই জ্ঞেয় অর্থাৎ তাঁহাকে জান)।

এস্থলে বেদিতব্যত্বে যে কর্ত্তার উল্লেখ আছে সে কর্ত্তা ব্রহ্ম—পরমাত্মা—পরমেশ্বরই অন্য নহে, কেন না, তত্রোক্ত পুরুষপদ ও কর্ম্মপদের জগদ্বাচিত্ব আছে অর্থাৎ সে স্থলে পুরুষ ও কর্ম্ম শব্দের অর্থ নিখিল কার্য্য, তবে নিখিল কার্য্যের কর্ত্তা পরমেশ্বর ব্যতীত অন্য কেহ হইতে পারে না, সুতরাং বেদিতব্যত্বে উপদিষ্ট কর্ত্তা পরমেশ্বরই, অপর কেহ নহে। ১।৪।১৬।

শিষ্য। তবে উহাতে জীব ও মুখ্য প্রাণের লিঙ্গ আছে কেন?

গুরু। ইহার উত্তর পূর্ব্বেই বলা হইয়াছে, ব্রহ্মেরই জীব-রূপে ও মুখ্যপ্রাণরূপে উপাসনার জন্যই তাহাদের লিঙ্গ আছে। ১।৪।১৭।

শিষ্য। এস্থলে সকলেরই কি একমত?

গুরু। না, জৈমিনি বলেন—জীবাত্ম-ভিন্ন পরমেশ্বরের অবগতির জন্যই জীবলিঙ্গ দেখান হইয়াছে। ১।৪.১৮।

শিষ্য। কৌষীতকি-ব্রাহ্মণোপনিষদে বালাকি ও অজাত শত্রুর সংবাদে জ্ঞেয়ত্বে উপদিশ্যমান কর্ত্তা ব্রহ্ম—পরমাত্মা—পরমেশ্বরই অন্য কেহ নহে, ইহা বুঝিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ" (ঐ ১।১) (এই এক আত্মাই প্রথমে ছিল) ইহাতে যে আত্মার উপদেশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে, ঐ আত্মা ব্রহ্ম—পরমাত্মা—পরমেশ্বরই, অন্য নহে, কেন না, সে স্থলে তাহার পূর্ব্ব ও পর বাক্যের ব্রহ্ম—পরমাত্মা—পরমেশ্বরেই সমন্বয় বা তাৎপর্য্যের অবধারণ আছে। ১।৪।১৯।

শিষ্য। যদি সে স্থলে আত্মশব্দের অর্থ ব্রহ্ম—পরমাত্মা—পরমেশ্বরই হয়, জীব না হয়, তবে তাহার শরীরপ্রবেশ কিরূপে উপপন্ন হয়?

গুরু। ইহার সমাধানে আশ্মরথ্য আচার্য্য বলেন—ইহা প্রতিজ্ঞাসিদ্ধির লিঙ্গ অর্থাৎ উপক্রমে যে প্রতিজ্ঞা আছে তাহার উপপত্তির জন্যই এরূপ বলা হইয়াছে।১।৪।২০।

ঔড়লোমি আচার্য্য মনে করেন—মুক্তিপদ প্রাপ্ত জীবাত্মার পরমেশ্বরে অবিভাগে অবস্থান থাকায় তাহার সহিত বা জীবের সহিত তাঁহার বা ব্রহ্মের শরীরান্তঃপ্রবেশের উপদেশ আছে। ১।৪।২১। কাশকৃৎস্ন মনে করেন—ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের জীবভাবে মধ্যে অবস্থান থাকায় প্রবিশমান জীবাত্মার সহিত ব্রহ্মের শরীরান্তঃপ্রবেশের উপদেশ আছে।১।৪।২২।

শিষ্য। ঐতরেয়কে জগৎস্রষ্টৃত্বে শ্রূয়মাণ আত্মা ব্রহ্ম পরমাত্মা পমেশ্বরই, অন্য নহে—ইহা বুঝিলাম। ব্রহ্ম যে সৃষ্টি করেন তাহাতে সহায় আর কেহ আছে কি? অর্থাৎ সসহায় ব্রহ্মই জগৎস্রষ্টা কিংবা অসহায় ব্রহ্ম?

গুরু। সসহায় ব্রহ্মই জগৎস্রষ্টা।

শিষ্য। সে সহায় কে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। প্রকৃতি অর্থাৎ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের জগৎ-সৃষ্ট্যাদিকার্য্যে তাঁহার শক্তিরূপা প্রকৃতিও কারণ হয়। ইহা প্রতিজ্ঞা ও দৃষ্টান্তের আলোচনায় এবং অভিধ্যা অর্থাৎ সঙ্কল্প-বিশেষ বা ইচ্ছা বিশেষের উপদেশে এবং সাক্ষাৎ উভয়ের অর্থাৎ পরমাত্মা ও প্রকৃতির আম্নান (প্রতিপাদন) অর্থাৎ পরমেশ্বরের জগৎ জন্মাদিকার্য্যে মায়ানাম্নী প্রকৃতিও যে কারণ হয় এ বিষয়ে "ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে" (ঋ ৪।৭।১৩।১৮) ইত্যাদিতে মায়ানাম্নী প্রকৃতি ও ব্রহ্ম—এই উভয়েরই উল্লেখ আছে—ইহাতেই জানা যায়।

শিষ্য। উভয়ই যদি কারণ হয় তবে "জন্মাদ্যস্য যতঃ" (বে ১।১।২) এই সূত্রদ্বারা যে ব্রহ্মকেই কারণ বলা হইয়াছে তাহা বিরুদ্ধ হয় না কি?

গুরু। না, কেন না, প্রকৃতি ব্রহ্মেরই শক্তিস্বরূপা, সুতরাং ব্রহ্ম হইতে পৃথক্ নহে, শক্তি ও শক্তিমানের ভিন্নতা বা পার্থক্য নাই, এজন্য ব্রহ্মেরই কারণতা উক্ত হইয়াছে। ১।৪ ২৩—২৫

শিষ্য। উভয়েরই (ব্রহ্ম এবং প্রকৃতি এই দুইয়েরই) কারণতা স্বীকার করিলে তন্মধ্যে উপাদান কে? আর নিমিত্ত কে?

গুরু। ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর জগতের নিমিত্ত কারণ আর প্রকৃতি উপাদান কারণ, কেন না, ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের পরিণাম নাই, আর আত্মকৃতির অর্থাৎ পরমাত্মা পরমেশ্বরের কৃতি বা শক্তিরূপা মায়া বা প্রকৃতির পরিণাম অর্থাৎ জগদাকারে পরিণতি আছে; সুতরাং পরিণাম থাকায় প্রকৃতিই উপাদান কারণ আর ব্রহ্ম নিমিত্ত কারণ। ১।৪।২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ব্রহ্ম যে নিমিত্ত কারণ এ সম্বন্ধে আর কোনও প্রমাণ আছে কি ?

গুরু। আছে, সূত্রে স্পষ্ট আছে যে "যোনিশ্চ গীয়তে" (বে ১।৪।২৭) এ সূত্রদ্বারা স্ত্রীযোনিবৎ ব্রহ্মকে জগতের নিমিত্তই বলা হইয়াছে। ১।৪।২৭

এইরূপে বা এতদ্দ্বারা সকলই ব্যাখ্যাত হইয়াছে। ১।৪।২৮ (১।৪ সমাপ্ত)

শিষ্য। জগতের নিমিত্ত কারণ ব্রহ্ম আর উপাদান কারণ মায়ানাম্নী ব্রহ্মশক্তি প্রকৃতি। বস্তুতঃ শক্তি ও শক্তিমানের ভেদ না থাকায় বা অভেদ থাকায় ব্রহ্মই জগতের নিমিত্ত ও উপাদান—ইহা বুঝিলাম। এখন আশঙ্কা এই—ব্রহ্ম পরমেশ্বর পরমাত্মাকে জগতের কারণ মানিলে যাহাতে পরমেশ্বর-নিরপেক্ষ স্বতন্ত্র অচেতন প্রধানাদিকে জগতের কারণ বলিয়া মানা হইয়াছে সেই সকল স্মৃতির অনবকাশ বা বৈফল্য বা নিরর্থকতা দোষ উপস্থিত হয় কি ?

গুরু। পরমেশ্বর-নিরপেক্ষ স্বতন্ত্র অচেতন প্রধানাদিকে জগতের উপাদান বলিয়া যাহাতে নির্দ্দেশ আছে তাহার অনবকাশ বা বৈফল্য বা নিরর্থকত্বদোষের ভয়ে যদি ব্রহ্মকে জগতের উপাদান বলিয়া মানা না হয় তবে যাহাতে ব্রহ্ম—পরমেশ্বর—পরমাত্মাই জগতের উপাদান বলিয়া নির্দ্দিষ্ট আছে—সে সকল স্মৃতির অনবকাশ—বৈফল্য বা নিরর্থকত্বদোষ উপস্থিত হয়। আরও বক্তব্য এই—পরমেশ্বর-নিরপেক্ষ স্মৃতিতে অন্যান্য যে সকল বিষয় নির্দ্দিষ্ট আছে তাহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপলব্ধি হয় না, এবং পক্ষ প্রতিপক্ষ ব্যতিরিক্ত নিরপেক্ষ উদাসীন মধ্যস্থ লোকদিগেরও পরমেশ্বর-নিরপেক্ষ স্বতন্ত্র অচেতনের জগৎকারণত্বের উপলব্ধি বা অনুভব হয় না অর্থাৎ পরমেশ্বর-নিরপেক্ষ স্বতন্ত্র অচেতনই জগতের কারণ—এইরূপ উপলব্ধি মধ্যস্থ উদাসীন দিগেরও হয় না। ২।১।১—২

শিষ্য। যোগ বিষয়ে জ্ঞাতব্য কি?

গুরু। পরমেশ্বর-নিরপেক্ষ যোগও প্রত্যুক্ত বা নিরাকৃত হয়—ইহাই জ্ঞাতব্য। ২।১।৩

শিষ্য। চেতন ব্রহ্ম–পরমেশ্বর—পরমাত্মা এই পরিদৃশ্যমান বিলক্ষণ বা অচেতন জগতের উপাদান কিরূপে হয়?

গুরু। জগৎ যে চেতন ব্রহ্মের বিলক্ষণ—বিরুদ্ধধর্ম্মাবলম্বী বা অচেতন—তাহা কিসে জানিলে?

শিষ্য। সেরূপ শব্দ বা শাস্ত্র থাকায়, অর্থাৎ পরিদৃশ্যমান জগৎ যে অচেতন—ইহা শাস্ত্রত জানিয়াছি।

গুরু। মৃত্তিকাদি যে চেতন তাহা "মৃদব্রবীৎ" ইত্যাদি শাস্ত্রদ্বারা যখন প্রমাণিত হইয়াছে তখন জগতের ব্রহ্মবৈলক্ষণ্যে বা অচেতনত্বে শঙ্কা হয় কেন?

শিষ্য। "মৃদব্রবীৎ" ইত্যাদি বাক্যে মৃদাদ্যভিমানিনী বা মৃদাদ্যধিষ্ঠাত্রী দেবতারই ব্যপদেশ বা কথা বা বচনক্রিয়া কর্ত্তৃত্বে কীর্ত্তন আছে মৃদাদির নহে, ইহা বলিতে পারি কি?

গুরু। কেন পারিবে না, নিশ্চয়ই পার, আমি তোমার বুদ্ধির পরীক্ষাই করিলাম, এখন শ্রবণ কর। তোমার শঙ্কাত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই—চেতন ব্রহ্ম হইতে অচেতন জগতের উৎপত্তি ক
আবির্ভাব কিরূপে হয়; তাহার উত্তর এই—কার্য্য ও কা
সর্ব্বদা সমান হইবে অর্থাৎ চেতন চেতনেরই উৎপাদক হইবে
এরূপ ঐকান্তিক বা অব্যভিচরিত নিয়ম সর্ব্বত্র হয় না, বা হইতে
পারে না, কার্য্য ও কারণ যে একরূপ নহে তাহার দৃষ্টা
আছে, যথা চেতন দেহরূপ পুরুষ হইতে উৎপন্ন বা আবি
অচেতন কেশনখাদিরূপ বিলক্ষণ কার্য্য এবং সূক্ষ্ম কারণ হই
উৎপন্ন বা আবির্ভূত বিলক্ষণ স্থূল কার্য্য। ২।১।৪—৬

শিষ্য। কার্য্য ও কারণ—এই উভয়ই অসৎ—ইহা হয়
যায় কি?

গুরু। বলা যাইবে না কেন? তবে উহা সত্য নহে, এই
প্রতিষেধ মাত্রই হয় অর্থাৎ কার্য্য আর কারণ এই উভয়
যখন কালত্রয়ে বিদ্যমান থাকে তখন প্রতিষেধের প্রতিষে
থাকে না, সুতরাং 'অসৎ' এই যে সত্ত্বের প্রতিষেধ বা নাই
তাহা নিরর্থক হয়। ২।১।৭

শিষ্য। প্রলয়কালে অর্থাৎ কার্য্য ও কারণের একীভা
দশায় কার্য্যের ন্যায় কারণের তদ্বৎপ্রসঙ্গ অর্থাৎ কার্য্য
স্থূলজগতের ন্যায় কারণীভূত ব্রহ্মের স্থূলত্ব প্রসক্তি হয় না কেন
অর্থাৎ কার্য্যের স্থূলত্বদ্বারা কারণ স্থূল হয় না কেন?

গুরু। এরূপ যে হয় না তাহাতে দৃষ্টান্ত আছে, যথা
মৃত্তিকার বিকার শরাবাদি মৃদ্ভাব প্রাপ্ত হইলেও শরাবত্বাদি
নিজ ধর্ম্মদ্বারা মৃত্তিকাকে সম্বন্ধ করে না, এবং সুবর্ণের বিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্তি কটক রুচক প্রভৃতি বিভাগদশায় নানাভেদ প্রাপ্ত হইয়া প্রলয়ে কাস্থবর্ণভাব প্রাপ্ত হইলেও কটকত্বাদিরূপ নিজ ধর্ম্মদ্বারা সুবর্ণকে ইয়েসংসৃষ্ট করে না, বস্তুতঃ এইরূপ দোষ সকল পক্ষেই সমান অর্থাৎ হইশঙ্কাকারীর পক্ষেও এই দোষ অব্যাহত থাকে। ২।১।৮—১০

শিষ্য। তর্কদ্বারা এই দর্শনের অসামঞ্জস্য হয় কি?

গুরু। না, কেন না, তর্কের প্রতিষ্ঠা বা স্থিরতা নাই।

শিষ্য। প্রকারান্তরে তর্কের প্রতিষ্ঠিতত্বের প্রতীতি হয় কি?

গুরু। না, কেন না, তাহা হইলে অবিমোক্ষের প্রসঙ্গ হয় অর্থাৎ অপ্রতিষ্ঠিতত্ব দোষ হইতে বিমোচন হয় না; কিংবা সম্যক্ জ্ঞান না হওয়ায় সংসার হইতে মুক্তির সম্ভব হয় না। এইরূপ শিষ্টদিগের অপরিগৃহীত কেবল অসত্তর্কবলে ব্যবস্থাপিত উভশূন্যাদি পক্ষও নিরাকরণীয়। ২।১।১১—১২

শিষ্য। প্রলয়দশায় পরমকারণ ব্রহ্মে কার্য্যজগৎ লীন হইয়া অভিন্নতা প্রাপ্ত হইলে অর্থাৎ ভোক্তা ও ভোগ্য অভিন্ন হইলে ভোক্তার ভোগ্যত্বের ও ভোগ্যের ভোক্তৃত্বের প্রসক্তি বা আপত্তি হয় না কেন?

গুরু। তাহাতে হানি কি?

শিষ্য। তাহা হইলে সর্ব্বলোক-প্রসিদ্ধ যে ভোক্তৃভোগ্য-ভাব অর্থাৎ ভোক্তৃত্ব ও ভোগ্যত্ব তাহার বিলোপ হইতে পারে।

গুরু। তোমার আশঙ্কার সমাধান এই—লোকবৎ বিভাগ থাকে; অর্থাৎ যেরূপ সমুদ্র ও তদ্বিকার ফেনতরঙ্গাদি অভিন্ন হইলেও উভয়ের বিভাগ থাকে সেরূপ প্রলয়ে ভোক্তা ও ভোগ্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভিন্ন হইলেও উভয়ের বিভাগ থাকে; বস্তুতঃ কার্য্য ও কারণে অভিন্নতাই থাকে, কেন না, সেরূপ শব্দ বা শাস্ত্র আছে এ কারণের সত্তায় বা উপলব্ধিতেই কার্য্যের সত্তা বা উপলব্ধি হ এবং আবির্ভাবের পূর্ব্বে কার্য্যের কারণরূপে সত্তা বা অবস্থা থাকে ।২।১।১৩—১৬।

শিষ্য। 'কার্য্য অসৎ' এইরূপ উপদেশ যখন আছে তখ কার্য্য ও কারণের অভিন্নতা কিরূপে সম্ভবে ?

গুরু। অব্যক্তধর্ম্মদ্বারাই এইরূপ উপদেশ অর্থাৎ অব্যক্ত রূপে কার্য্যের অস্তিত্বের উপদেশ আছে, এজন্যই কার্য্যকে অস বলা হইয়াছে, বস্তুতঃ কার্য্য অসৎ নহে।

শিষ্য। ইহা কিসে বুঝিব ?

গুরু। 'তাহা সৎ' এইরূপ উপদেশ থাকায় অর্থাৎ বাক শেষে 'কার্য্যং সৎ' এইরূপ উপদেশ আছে, সুতরাং বুঝি হইবে যে কার্য্য উৎপত্তির পূর্ব্বে কারণে অব্যক্তরূপে থাকে এজন্য কার্য্যকে অসৎ বলা হয়, বস্তুতঃ অসৎ নহে। এ বিষ যুক্তিও আছে, শাস্ত্রও আছে। এ বিষয়ে দৃষ্টান্তও আ যেরূপ উৎপত্তির পূর্ব্বে পটের তন্তুরূপে সত্ত্ব বা অবস্থিতি অনন্যত্ব বা অভিন্নতা আছে সেরূপ অন্য কার্য্যেরও উৎপ পূর্ব্বে কারণরূপে সত্ত্ব বা অবস্থান ও অনন্যত্ব বা অভিন্ন আছে। অথবা যেরূপ প্রাণাদিপঞ্চক উৎপত্তি বা আবির্ভাব পূর্ব্বে মুখ্যপ্রাণরূপে সৎ এবং তদনন্য বা কারণ হইতে অ হয় সেরূপ অন্যকার্য্যও উৎপত্তির পূর্ব্বে কারণরূপে সৎ কারণ হইতে অভিন্ন হয়।২।১।১৭—২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ব্রহ্ম যদি জগতের জন্মাদির কারণ হয় তবে ব্রহ্মের জীবত্বাভিধান ও জীবের ব্রহ্মত্বাভিধান থাকায় নিজের হিতরূপ স্বর্গ ও অপবর্গাদি না করায় এবং অহিতরূপ বন্ধ ও নরকাদির সৃষ্টি করায় দোষ হয় কি ?

গুরু। না, ব্রহ্ম অন্য হইতে গুণতঃ কর্ম্মতঃ ও স্বরূপতঃ অধিক বা অতিরিক্ত, কেন না, ভেদনির্দ্দেশ আছে অর্থাৎ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর—জীবও জগৎ হইতে ভিন্ন—এইরূপ নির্দ্দেশ আছে। যেমন একই ভূমির উত্তম মধ্যম অধম ভেদে নানা মণি ও ব্রীহ্যাদি পরস্পর ভিন্ন হইয়াও ভূমি হইতে ভিন্ন নহে, সেরূপ জীব ভিন্ন হইয়াও ব্রহ্ম হইতে ভিন্ন নহে; অথবা যেরূপ এক প্রস্তরের ও অন্নরসাদির নানা কার্য্য উপপন্ন হয় সেরূপ একব্রহ্মেও জীবাদির পৃথক্ত্ব ও কার্য্য বৈচিত্র্য উপপন্ন হয়। অথবা যেরূপ অশ্মাদির ব্রহ্মরূপত্ব নাই, সেরূপ জীবেরও ব্রহ্মরূপত্ব নাই, ২।১।২১—২৩।

শিষ্য। উপসংগ্রহ-রহিত বা অন্য উপকরণ শূন্য অসহায় একাকী ব্রহ্ম কিরূপে জগতের কারণ হইতে পারে ?

গুরু। ক্ষীরের ন্যায় হইতে পারে অর্থাৎ যেরূপ ক্ষীর অসহায় হইয়াও দধিরূপে পরিণত হয়, কিংবা যেরূপ অসহায় ধেনু সংকল্পমাত্রে দুগ্ধের উৎপত্তির কারণ হয়, সেরূপ অসহায় ব্রহ্ম সংকল্পমাত্রে জগতের জন্মাদির কারণ হয়। অপিচ যেরূপ দেবতা ঋষি প্রভৃতি বাহ্যসাধনাদির অপেক্ষা না করিয়াও সংকল্পমাত্রে সৃষ্টিকার্য্যের কারণ হয়, ব্রহ্মও সেইরূপ জগতের বা বিশ্বের কারণ হয়, ২।১।২৪—২৫।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ব্রহ্ম নিরবয়ব কিংবা সাবয়ব? নিরবয়ব হইলে সমগ্র ব্রহ্মের জগদাকারে পরিণামের প্রসঙ্গ হয় কি? আর সাবয়ব হইলে নিরয়বয়বত্ব-প্রতিপাদিকা শ্রুতির ব্যাঘাত হয় কি?

গুরু। কার্য্য-ব্যতিরেকেও ব্রহ্মের অবস্থানের কথা আছে সুতরাং সমগ্র ব্রহ্মের জগদাকারে পরিণামের প্রসঙ্গ হয় না, নিরবয়বত্ব বোধক শব্দের ব্যাঘাতও হয় না, যখন স্বপ্নকালে নিজের স্বরূপের উপমর্দ্দ ব্যতিরেকেই অনেকপ্রকার বিচিত্রভাব দৃষ্ট হয় তখন চেতন ও অচেতন হইতে বিলক্ষণ পরমাত্মা পরমেশ্বর ব্রহ্মে যে নানাপ্রকার বিচিত্রতার উপলব্ধি হইবে, ইহাতে আর বৈচিত্র্য কি? আর এই দোষ সর্ব্বত্রই সমান। বস্তুতঃ নিখিল শক্তিসম্পন্ন ব্রহ্ম পরমাত্মায় সকলই সম্ভবে, উহাতে কোন আশঙ্কা করা উচিত নহে। ২।১।২৬—৩০।

শিষ্য। ব্রহ্ম বিকরণ অর্থাৎ ব্রহ্মের করণ নাই, যাহার করণ নাই তিনি কিরূপে জগজ্জন্মাদির কারণ হইতে পারে?

গুরু। ইহার উত্তর বলা হইয়াছে, ব্রহ্ম সর্ব্বোপেত অর্থাৎ সর্ব্বশক্তিযুক্ত, সুতরাং তিনি সকলই করিতে পারেন, তাহাতে কিছুই অসম্ভব নহে।২।১।৩১।

শিষ্য। ব্রহ্ম আপ্তকাম সুতরাং অকাম বা কামনারহিত, নিত্যতৃপ্ত, তাহার ত সৃষ্টিপ্রভৃতির প্রয়োজন নাই, তবে তিনি নিষ্প্রয়োজন সৃষ্ট্যাদি করেন কেন?

গুরু। ব্রহ্ম আপ্তকাম নিত্যতৃপ্ত, তাহার কোন প্রয়োজন নাই—ইহা সত্য, তবে ইহা তাহার লীলা কৈবল্য বা কেবল লীলা,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেরূপ নিত্যতৃপ্ত মহাপুরুষদিগের কোন প্রয়োজন নাই তথাপি তাঁহারা লীলাবশতঃ নৃত্যগীতাদি করিয়া থাকেন, উহা তাহাদের লীলামাত্র সেরূপ নিত্যতৃপ্ত ব্রহ্মের ও সৃষ্ট্যাদি লীলামাত্র। ২।১।৩২—৩৩।

শিষ্য। ব্রহ্ম জগতের সৃষ্ট্যাদির কারণ হইলে উত্তম মধ্যম অধম—এইরূপ নানাপ্রকার সৃষ্টি করায় তাহার বৈষম্য বা পক্ষপাতিত্ব দোষ হয় কি? এবং সংহারাদি করায় তাহার নৈর্ঘৃণ্য বা নির্দ্দয়ত্ব দোষ হয় কি?

গুরু। না; তাঁহার বৈষম্য বা নৈর্ঘৃণ্য দোষ নাই অর্থাৎ ব্রহ্ম পক্ষপাতী বা নির্দ্দয় নহেন কেন না, তিনি স্বেচ্ছায় এরূপ করেন না, কর্ম্মাপেক্ষায় বা ধর্ম্মাধর্ম্মাদির অপেক্ষায়ই এরূপ করেন, অর্থাৎ ধার্ম্মিকের সুখের জন্য একরূপ করেন আর অধার্ম্মিকের শাসন বা দুঃখের জন্য অন্যরূপ করেন, ইহাতে ব্রহ্মের বৈষম্য ও নির্দ্দয়ত্ব নাই, জগতের কর্ম্মানুরূপই তিনি সৃষ্ট্যাদি করিয়া থাকেন। ২।১।৩৪।

শিষ্য। জগতের উৎপত্তির পূর্ব্বে যখন কর্ম্মই নাই তখন কর্ম্মাপেক্ষত্ব কিরূপে সম্ভবে?

গুরু। জগৎ ও কর্ম্ম এই উভয়ই প্রবাহরূপে অনাদি, ইহাদের আদি নাই, সুতরাং কর্ম্মাপেক্ষায় কোনও বাধা নাই অর্থাৎ কর্ম্মানুযায়ী সুখ ও দুঃখ মানিলে কোন দোষ হয় না। ২।১।৩৫।

শিষ্য। কর্ম্মের অনাদিত্ব মানা হয় কেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। কর্ম্মের অনাদিত্ব যুক্তি দ্বারা উপপন্ন হয় এ
শাস্ত্রে দৃষ্ট বা উপলব্ধ হয়। ফলতঃ ব্রহ্মে সকলেরই উপপ
হয় বা সমস্তই সম্ভবে সুতরাং তাহার উপর কোন আশঙ্কা
হইতে পারে না। ২।১।৩৬—৩৭। (২।১ সমপ্ত)

শিষ্য। স্মৃতি ও তর্কনিমিত্ত যে সকল আশঙ্কা ছিল তাহা
সমাধান ত হইল, এখন আবার আমার আশঙ্কা হইতেছে যে-
অনুমানগম্য অচেতন প্রধান বা প্রকৃতি স্বতন্ত্রভাবে জগতে
কারণ হয় না কেন?

গুরু। উহা অচেতন, যাহা অচেতন তাহা হইতে জগতে
রচনার উপপত্তি হয় না অর্থাৎ অচেতন প্রধান স্বতন্ত্রভাবে এ
বিচিত্র বিশ্বের সৃষ্টি করিতে পারে না; সৃষ্টি ত দূরের ক
সৃষ্ট্যর্থ অচেতনের প্রবৃত্তিও হইতে পারে না। ২।২।১—২।

শিষ্য। যেরূপ বৎসের বৃদ্ধির নিমিত্ত অচেতন দুগ্ধে
স্বতন্ত্রভাবে প্রবৃত্তি হয়, অপিচ যেরূপ নিম্নদেশে গতির নি
অচেতন জলের স্বতন্ত্রভাবে প্রবৃত্তি হয় সেরূপ অচেতন প্রধানে
প্রবৃত্তি হয় না কেন?

গুরু। উহাতে অর্থাৎ প্রদর্শিত স্থলে দুগ্ধ ও জলের স্বত
ভাবে প্রবৃত্তি হয় না পরন্তু চেতন পরমেশ্বরের অধিষ্ঠানেই প্রবৃ
হইয়া থাকে। ২।২।৩।

শিষ্য। স্বতন্ত্রপ্রধানকে কারণ বলিয়া মানিলে আর
দোষ হয়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। স্বতন্ত্রপ্রধানকে কারণ মানিলে সৃষ্টির অপেক্ষা বা ব্যবস্থা থাকায় সৃষ্টিই হইতে পারে, প্রলয়ের অপেক্ষা না থাকায় প্রলয় হইতে পারেনা। অপিচ স্বতন্ত্র অচেতন প্রধানের প্রয়োজন বা উদ্দেশ্য না থাকায় তাহা হইতে সৃষ্টি ও প্রলয় কিছুই হইতে পারে না। ২।২।৪।

শিষ্য। যেরূপ প্রয়োজন ব্যতিরেকেও তৃণাদির স্বাভাবিক ক্ষীর রূপ পরিণাম হয় সেরূপ প্রধানেরও বিনা প্রয়োজনে স্বাভাবিক সৃষ্টি ও প্রলয়রূপ পরিণাম হয়—ইহা বলিতে পারি কি ?

গুরু। না, কেন না, ধেন্বাদিভুক্ত তৃণাদির দুগ্ধরূপ পরিণাম হয়, কিন্তু বৃষভাদিভুক্ত তৃণাদির সেরূপ পরিণাম হয় না, যদি স্বাভাবিক পরিণামই হইত তবে ধেন্বাদিভুক্ত তৃণাদির ন্যায় বৃষভাদি-ভুক্ত তৃণাদিরও দুগ্ধরূপ পরিণাম হইতে পারিত, তাহাত আর হয় না, সুতরাং উহাতে স্বাভাবিক বলা যায় না। অপিচ নিরপেক্ষ স্বতন্ত্র প্রধানের স্বতঃ পরিণাম মানিলেও প্রয়োজন না থাকায় তাহা হইতে সৃষ্টি ও প্রলয় হইতে পারে না। ২।২।৫—৬।

শিষ্য। পুরুষার্থ সিদ্ধির নিমিত্ত যেরূপ অয়স্কান্তের প্রবৃত্তি হয় সেরূপ প্রধানেরও প্রবৃত্তি হইবে—ইহা বলিলে কি দোষ হয় ?

গুরু। দোষ এই—প্রধানের সৃষ্টি স্বভাব মানিলে সর্ব্বদা সৃষ্টিই হইতে পারে, আর প্রলয়স্বভাব মানিলে সর্ব্বদা প্রলয়ই হইতে পারে, আর উভয় স্বভাব মানিলে পরস্পর প্রতিবন্ধকতায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বা পরস্পরবিরোধে সৃষ্টি প্রলয় এই উভয়ের একটীও হইতে পারে না। অপিচ অচেতন প্রধানের প্রভুত্ব অর্থাৎ স্বাতন্ত্র্যই সম্ভবে না। ২।২।৭—৮।

শিষ্য। কালই প্রধানের সৃষ্টি ও প্রলয় কার্য্যের ব্যবস্থাপক হয়—ইহা বলিলে দোষ হয় কি ?

গুরু। হয়; কাল ও প্রধান এই উভয়ই অচেতন, তাহাদের জ্ঞশক্তি বা জ্ঞাতৃত্ব শক্তি নাই, যাহার জ্ঞাতৃত্ব শক্তি বা জানিবার সামর্থ্যই নাই সে কিরূপে ব্যবস্থাপক হইতে পারে, সুতরাং ব্যবস্থা ব্যতীত সৃষ্টি প্রলয় হইতে পারে না। অপিচ স্বতন্ত্র অচেতন প্রধান কারণবাদে বিপ্রতিষেধ বা বিপ্রতিপত্তি বা বিরুদ্ধ বহু দোষ আছে, সুতরাং অচেতন স্বতন্ত্র প্রধান কারণ এই বাদ অসমঞ্জস হয় অর্থাৎ সমঞ্জস বা সমীচীন হয় না। ২।২।৯—১০।

শিষ্য। এরূপ অসমঞ্জস আর কি আছে ?

গুরু। হ্রস্ব ও পরিমণ্ডল হইতে মহৎ ও দীর্ঘ অর্থাৎ পরমাণুকারণবাদীর মতে অচেতন স্বতন্ত্র হ্রস্ব দ্ব্যণুক হইতে মহৎ ত্রসরেণুকের জনন অসমঞ্জস এবং স্বতন্ত্র অচেতন পরমাণু হইতে স্বাপেক্ষায় দীর্ঘ দ্ব্যণুকের জনন অসমঞ্জস। ২।২।১১।

শিষ্য। ইহা অসমঞ্জস বা অসমীচীন কেন ?

গুরু। দুইটী পরমাণুর যে পরস্পর সংযোগ হয় তাহার জনক যে আদ্যকর্ম্ম সে কর্ম্মের কোন কারণ স্বীকৃত হয় কি না ? উহা স্বীকৃত হউক বা নাই হউক—উভয়থাই চেতনানধিষ্ঠিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অচেতন নিরপেক্ষ স্বতন্ত্র পরমাণুতে পরস্পর সংযোগজনক কার্য্য সম্ভবে না, সুতরাং হ্রস্ব ও পরিমণ্ডল হইতে মহৎ ও দীর্ঘের জন্ম হইতে পারে না। ২।২।১২

শিষ্য। জীবাত্মায় সমবায় সম্বন্ধে যে অদৃষ্ট আছে—তদ্দারা পরমাণুতে কর্ম্ম উৎপন্ন হয়, সে কর্ম্মদ্বারা পরমাণুর পরস্পর সংযোগ হয়, তাহাতেই হ্রস্ব ও পরিমণ্ডল হইতে মহৎ ও দীর্ঘের জনন উপপন্ন হয় কি ?

গুরু। না, জীবাত্মায় অদৃষ্ট থাকুক কিন্তু পরমাণুতে ত অদৃষ্ট নাই; কার্য্য ও কারণের একত্র থাকার নিয়ম, তাহা না থাকায় জীবাত্মার অদৃষ্টদ্বারা পরমাণুতে কর্ম্ম হইতে পারে না।

শিষ্য। অদৃষ্ট-যুক্ত জীবাত্মার সম্বন্ধদ্বারা পরমাণুতে কর্ম্ম হয় না কেন ?

গুরু। অদৃষ্ট যুক্ত জীবাত্মার সম্বন্ধ সর্ব্বদা সমান ভাবে পরমাণুতে বিদ্যমান থাকে, ইহা মানিলে সৃষ্টি ও প্রলয়ের ব্যবস্থা থাকিতে পারে না।

শিষ্য। স্পষ্ট বুঝিতে ইচ্ছা হয়।

গুরু। শ্রবণ কর। কর্ম্ম যদি পরমাণুর স্বভাব হয় তবে স্বাভাবিক কর্ম্মদ্বারা সর্ব্বদা সৃষ্টি হইতে পারে প্রলয় হইতে পারে না। অপিচ, পরমাণুতে রূপাদি থাকে বলিয়া পরমাণু অনিত্য হয় অর্থাৎ লোকে দেখাযায় ঘটাদির ন্যায় রূপাদি-বিশিষ্ট বস্তু সকল অনিত্য, তবে পরমাণুও রূপাদিমান্ সুতরাং উহাও অনিত্যই হইতে পারে নিত্য হইতে পারে না। আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অচেতন ও স্বতন্ত্র পরমাণুর সৃষ্টিকারণত্ব মান আর না মান উভয় প্রকারেই দোষ হয়। আর স্বতন্ত্র পরমাণু কারণবাদে শিষ্টদিগের সম্মতি নাই সুতরাং এই মতের অত্যন্ত অনপেক্ষা অর্থাৎ এই মত একেবারেই অগ্রাহ্য। ২।২।১৩—১৭

শিষ্য। আর কি মত আছে?

গুরু। ভূত ভৌতিক সংঘাতরূপ বাহ্য প্রপঞ্চ পরমাণু কারণক বা পরমাণু হইতে হয় আর চিত্তচৈত্তাত্মক অন্তঃ প্রপঞ্চ স্কন্ধ কারণক অর্থাৎ স্কন্ধ হইতে হয়, এই উভয়ের সম্বন্ধে নিখিল ব্যবহার উপপন্ন হয়—এই এক মত আছে।

শিষ্য। এই মত উপপন্ন হয় না কেন?

গুরু। ইহা মানিলেও অচেতন বলিয়া এবং সমুদায়ের অবস্তুত্ব হেতু এবং স্থিরচেতন সংহতি না থাকায় সমুদায়ের সিদ্ধি হইতে পারে না। অপিচ কার্যের উৎপত্তিদশায় ক্ষণিকত্ব-হেতু কারণের নিরোধ থাকে সুতরাং সমুদায়ের সিদ্ধির সম্ভব হয় না। অপিচ সোঽহয়ং ঘটঃ ইত্যাদি প্রত্যভিজ্ঞা থাকে, এজন্য ভাব পদার্থের ক্ষণিকত্ব বা ক্ষণস্থায়িত্ব সিদ্ধ হয় না। ২।২।১৮—২৫

শিষ্য। অভাব হইতে ভাব পদার্থের উৎপত্তি হয় কি?

গুরু। না, অভাব হইতে ভাবের উৎপত্তি হয় না, কেননা, এরূপ দেখা যায় না। অপিচ অভাব হইতে ভাবের উৎপত্তি মানিলে সচেষ্টদিগের ন্যায় নিশ্চেষ্ট উদাসীন দিগেরও বিনা যত্নে অভিমত কার্য্য সিদ্ধ হইতে পারে। ২।২।২৬—২৭।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। বাহ্যার্থ বা বাহ্যবস্তু নাই—এইরূপ বলা যায় কি ?

গুরু। না, কেন না, বাহ্য অর্থের বা বস্তুর উপলব্ধি হয়। ২।২।২৮।

শিষ্য। বাহ্যার্থের উপলব্ধির সাধন যে জাগরণ উহাকে স্বপ্নাদির ন্যায় বলিতে পারি কি ?

গুরু। না, জাগরণ স্বপ্নাদির তুল্য নহে, কেন না, বৈধর্ম্ম্য আছে, অর্থাৎ স্বপ্নাবলম্বিত পদার্থ বাধিত আর জাগরণাবলম্বিত পদার্থ অবাধিত, সুতরাং স্বপ্ন ও জাগরণ সমান নহে। ২।২।২৯।

শিষ্য। বাহ্যার্থ নাই, পরন্তু বাসনার বিলাসে বাহ্যার্থের উপলব্ধি হয়—ইহা বক্তব্য কি ?

গুরু। না, কেন না, বাহ্যার্থ না থাকিলে তন্নিবন্ধন বাসনার উপলব্ধি হইতে পারে না, বিশেষতঃ বাসনার আশ্রয়ীভূত যে বিজ্ঞান তাহার ক্ষণিকত্ব থাকায়ও ক্ষণিকত্ববাদীর মতে বাসনার ভাব বা অস্তিত্ব সম্ভবে না, বস্তুতঃ এই মত সর্ব্বপ্রকারেই অনুপপন্ন হয় অর্থাৎ কোন প্রকারেই ইহার উপপত্তি হয় না। ২।২।৩০—৩২।

শিষ্য। আর কি মত আছে ?

গুরু। অস্তি নাস্তি (আছে, নাই) ইত্যাদি অস্তিত্ব নাস্তিত্ব-লক্ষণ এক অনৈকান্ত্যবাদ আছে।

শিষ্য। উহা মানিতে হানি কি ?

গুরু। এক বস্তুতে যুগপৎ অস্তিত্ব নাস্তিত্ব লক্ষণ পরস্পর বিরুদ্ধ অনৈকান্ত্যবাদ মানা যায় না, কেন না, উহা অসম্ভব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপিচ—জীবকে শরীরপরিমাণ মানিলে অপূর্ণত্ব প্রসঙ্গ দোষ হয়, জীবের সঙ্কোচ বিকাশ মানিলে বিকার দোষের প্রসঙ্গ হয়। অপিচ মোক্ষ কালীন জীব পরিমাণ নিত্য অন্যত্র অনিত্য—এই সিদ্ধান্ত ও উপপন্ন হয় না। ২।২।৩৩—৩৬।

শিষ্য। প্রকৃতি ও পুরুষের অধিষ্ঠাতৃত্বে স্বতন্ত্র পরমেশ্বর জগতের নিমিত্ত কারণ হইতে পারে কি ?

গুরু। না, কেন না, উহাতে সামঞ্জস্য হয় না, অর্থাৎ বৈষম্য নৈর্ঘৃণ্যাদি লক্ষণ দোষ উপস্থিত হয়। অপিচ প্রধানাদির সহিত পরমেশ্বরের সম্বন্ধের উপপত্তিও হয় না, অর্থাৎ পরমেশ্বর নিরবয়ব, এজন্য কাহারও সহিত সংযোগ সম্বন্ধ হয় না, বিপ্রতিপত্তি থাকায় স্বস্বামিত্ব লক্ষণ সম্বন্ধ ও সমবায় সম্বন্ধের উপপত্তি হয় না, সম্বন্ধের উপপত্তি না হওয়ায় অধিষ্ঠানের উপপত্তি হয় না অর্থাৎ তিনি অধিষ্ঠাতা হইতে পারেন না। অপিচ পরমেশ্বরের শরীর না থাকায়ও তিনি অধিষ্ঠাতা হইতে পারেন না।

শিষ্য। ইন্দ্রিয় সকল অতীন্দ্রিয় উহাতে যেরূপ জীবের অধিষ্ঠান থাকে, সেরূপ অতীন্দ্রিয় প্রধানাদিতে পরমেশ্বরের অধিষ্ঠান থাকে—এরূপ বলিতে হানি কি ?

গুরু। জীবের ন্যায় পরমেশ্বরের অধিষ্ঠান স্বীকার করিলে জীবের ন্যায় তাঁহার ভোগাদিও মানিতে হয়। বস্তুতঃ তাঁহার ভোগাদি নাই।

শিষ্য। পরমেশ্বরের শরীর স্বীকার করিলে দোষ কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। পরমেশ্বরের শরীর স্বীকার করিলে তাঁহার অন্তবত্ত্ব, অর্থাৎ বিনাশিত্ব ও অসর্ব্বজ্ঞত্বের স্বীকার করিতে হয়। অপিচ পরমেশ্বরের করণের অর্থাৎ ইন্দ্রিয়াদির সম্ভব হয় না, কেন না, উৎপাদকের অভাবে পরমেশ্বরের করণের উৎপত্তির সম্ভব হয় না।

শিষ্য। কর্ত্তা পরমেশ্বর হইতে উহার সম্ভব হয় কি ?

গুরু। না, কর্ত্তা হইতে করণের উৎপত্তি হয় না।

শিষ্য। উহাতে কারণ কি ?

গুরু। কারণ এই—করণের উৎপত্তির পূর্ব্বে করণ নামক সহকারীর অভাবে করণের উৎপত্তি করিতে পারে না অর্থাৎ করণের উৎপত্তির পূর্ব্বে সহকারী না থাকায় পরমেশ্বর করণ-দিগের উৎপত্তি বা জননের কর্ত্তা হইতে পারে না।

শিষ্য। পরমেশ্বরের করণ না থাকিলে তাঁহার বিজ্ঞানাদি কিরূপে থাকিতে পারে ?

গুরু। বিজ্ঞানাদির জন্য তাহার মন মানিতে হয়। বস্তুতঃ পরমেশ্বরের অপর কোনও করণ নাই কেবল বিজ্ঞান আছে। "ন তস্য কার্য্যং করণং চ বিদ্যতে" ইত্যাদি বিপ্রতিষেধ থাকায়ও ব্রহ্ম করণবৎ নহে।

শিষ্য। কেবল অনুমিতি দ্বারাই যখন ব্রহ্ম সিদ্ধ হয়, তখন "শাস্ত্রযোনিত্বাৎ" (বে ১।১।৩) ইহার ফল কি ?

গুরু। ব্রহ্মের অনুমিতি সম্ভবে না, কেন না, উহাতে সামঞ্জস্য হয় না, ব্যাপ্তি সম্বন্ধেরও উপপত্তি হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। অধিষ্ঠাতৃত্ব দ্বারা ব্রহ্মের অনুমিতি হউক?

গুরু। ব্রহ্মের করণ নাই, বিনা করণে অধিষ্ঠাতৃত্ব বা বা অধিষ্ঠান সম্ভবে না।

শিষ্য। ব্রহ্মকে করণবৎ বা সকরণক মানিতে পারি কি?

গুরু। না, কেন না, ব্রহ্ম সকরণক হইলে জীবের ন্যায় ব্রহ্মের ভোগাদির প্রসঙ্গ হয় এবং জীবের ন্যায় অন্তবত্ত্ব ও অসর্ব্বজ্ঞত্বের প্রসঙ্গ হয়। বস্তুতঃ ব্রহ্মের করণের উৎপত্তিও সম্ভবে না, তবে বিজ্ঞানার্থ তাহার মন (অন্তঃকরণ) মানিতে হয়, তদতিরিক্ত করণের প্রতিষেধ আছে।

শিষ্য। আর কি বাদ আছে?

গুরু। পরমাত্মা হইতে জীবাত্মা, জীবাত্মা হইতে মন, মন হইতে অহঙ্কার উৎপন্ন হয়—এই এক বাদ আছে।

শিষ্য। এই বাদ আশ্রয়ণীয় হয় কি?

গুরু। না, কেন না, এই রীতিতে উৎপত্তির সম্ভব নাই।

শিষ্য। কর্ম্মকর্ত্তা চেতনের মন বা অন্তঃকরণ ত থাকেই না, তবে তাহার কথা কেন?

গুরু। কর্ত্তার মন বা অন্তঃকরণ যে থাকেই না, এই কল্পনা সর্ব্বথা অযুক্ত, কেন না, বিজ্ঞানাদির উৎপত্ত্যর্থ মন বা অন্তঃকরণ মানিতেই হয়।

শিষ্য। জীবাদির উৎপত্তি বাদের প্রতিকূলে বিশেষ বক্তব্য কি আছে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। জীবাদির উৎপত্তি বাদ আগম-বিরুদ্ধ ও শিষ্টা-পরিগৃহীত, এই জন্য এই বাদ সর্ব্বথা বর্জ্জনীয়। ২।২।৩৭—৪৫। (২।২। সঃ)

শিষ্য। আকাশ যে ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছে—এইরূপ শ্রুতি আছে কি?

গুরু। তৈত্তিরীয়কে "তস্মাদ্বা এতস্মাদাত্মনঃ আকাশঃ সম্ভূতঃ" (তৈ ২।১) (সেই এই আত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে) ব্রহ্ম হইতে আকাশের উৎপত্তির বোধিকা এই শ্রুতি আছে।

শিষ্য। আকাশের উৎপত্তি শ্রুতি গৌণী অর্থাৎ মুখ্যা নহে, কেন না, নিরবয়ব আকাশের বাস্তবিক উৎপত্তির সম্ভব হয় না; বিশেষতঃ "বায়ুশ্চান্তরীক্ষঞ্চৈতদমৃতম্" (বৃ ২।৩.৩) আকাশের অমৃতত্ববোধক এইরূপ শাস্ত্রও পাওয়া যায়, ইহা বলা যায় কি?

গুরু। না; কেননা, "তস্মাদ্বা এতস্মাদাত্মনঃ আকাশঃ সম্ভূতঃ আকাশাদ্বায়ুঃ" (তৈ ২।১) (সেই এই আত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে, আকাশ হইতে বায়ু) এই শ্রুতিতে একই উৎপত্তিবোধক সম্ভূত শব্দের তেজে মুখ্যার্থতা অর্থাৎ বাস্তবিক উৎপত্তি আর আকাশে গৌণার্থতা অর্থাৎ কল্পিত উৎপত্তি—ইহা কিরূপে সম্ভবে অর্থাৎ ইহা অসম্ভব।

শিষ্য। যেরূপ একই ব্রহ্ম শব্দের অন্নপ্রভৃতিতে গৌণার্থত্ব আর পরমাত্মা পরমেশ্বরে মুখ্যার্থত্ব আছে সেরূপ একই সম্ভূত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শব্দের আকাশে গৌণার্থত্ব আর তেজঃ-প্রভৃতিতে মুখ্যার্থ বা মুখ্যপ্রয়োগ কেন সম্ভবে না ?

গুরু। আকাশকে নিত্য মানাইত তোমার উদ্দেশ্য ; তাহা হইলে সর্ব্বোৎপত্তি প্রতিজ্ঞার হানি হয় অর্থাৎ "ব্রহ্ম হইতে সকল উৎপন্ন হয়"—এইরূপ প্রতিজ্ঞার বাধ হয়।

শিষ্য। আকাশের নিত্যত্ব অর্থাৎ উৎপত্তির অভাব মানিলেও সর্ব্বোৎপত্তিপ্রতিজ্ঞার হানি হয় না ; কেন না, আকাশ ব্যাপক হওয়ায় উৎপদ্যমান কোন পদার্থের সহিতই তাহার ব্যতিরেক বা ভিন্নতা অর্থাৎ জন্যবস্তুমাত্রের সহিতই তাহার বিশেষ সম্বন্ধ আছে, সুতরাং সর্ব্বোৎপত্তিপ্রতিজ্ঞার হানি হয় না।

গুরু। আকাশের উৎপত্তি অসম্ভব—এইরূপ আশঙ্কা করিতে পার না ; কেন না, যেরূপ লোকে ঘটপটাদি বিকারের (কার্য্যের) অবয়বের বিভাগ আছে সেইরূপ আকাশের অবয়বের বিভাগ আছে, সুতরাং ঘটপটাদির ন্যায় আকাশও অনিত্য বা উৎপন্নই হয়।

শিষ্য। আকাশ অনিত্য বা উৎপন্ন হইলে "বায়ুশ্চান্তরীক্ষঞ্চৈতদমৃতম্" (বৃ ২।৩।৩) (বায়ু ও আকাশ এই উভয়ই অমৃত) এই শ্রুতিতে যে আকাশের অমৃতত্বের কথা আছে তাহার উপপত্তি কিরূপে হয় ?

গুরু। এস্থলে অমৃত শব্দের অর্থ নিত্য নহে পরন্তু চিরস্থায়ী, তাহা হইলে আর কোনও অনুপপত্তি হয় না

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। বায়ুর সম্বন্ধে কি মনে করিব?

গুরু। আকাশের ন্যায় বায়ুও অনিত্য অর্থাৎ আকাশ হইতে বায়ু উৎপন্ন হয়। ২।৩।৮

শিষ্য। আকাশ ও বায়ুর ন্যায় ব্রহ্মেরও উৎপত্তি মানি না কেন?

গুরু। ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের উৎপত্তির সম্ভব হয় না, কেন না, ব্রহ্ম সৎ, যাহা সৎ তাহার বিকারত্বের উপপত্তি হয় না অর্থাৎ ব্রহ্ম বিকার বা কার্য্য নহে, সুতরাং তাহার উৎপত্তির সম্ভব নাই। ২।৩।৯

শিষ্য। তেজ সম্বন্ধে কি জানিব?

গুরু। তেজ বায়ু হইতে অর্থাৎ সাক্ষাৎ আকাশতঃ বায়ুর উৎপত্তির ন্যায় সাক্ষাৎ বায়ু হইতে তেজের উৎপত্তি হয়, কেন না, "আকাশাদ্বায়ুঃ বায়োরগ্নিঃ" (তৈ ২।১) (আকাশ হইতে বায়ু এবং বায়ু হইতে অগ্নি সম্ভূত হইয়াছে) এইরূপ শ্রুতি আছে। ২।৩।১০

শিষ্য। আর কি জানিব?

গুরু। তেজ হইতে জলের উৎপত্তি হয়, কেন না, "অগ্নেরাপঃ" (তৈ ২।১) (অগ্নি হইতে জল সম্ভূত হইয়াছে) এইরূপ শ্রুতি আছে। ২।৩।১১

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। জল হইতে পৃথিবীর উৎপত্তি হয়, কেন না, "তা অন্নমসৃজন্ত" (ছাং ৬।২।৪) এইরূপ শ্রুতি আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। এস্থলে অন্নের উল্লেখ আছে, এই অন্ন যে পৃথিবী তাহা কিরূপে জানিব ?

গুরু। উহা অধিকার অর্থাৎ প্রকরণ, কৃষ্ণাদিরূপের নির্দ্দেশ, আর "অদ্ভ্যঃ পৃথিবী" (তৈ ২।১) ইত্যাদি সমভাবাপন্ন অন্য শ্রুতিদ্বারা জানিবে। ২।৩।১২

শিষ্য। যদি আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজ, তেজ হইতে জল ও জল হইতে পৃথিবীর উৎপত্তি মানা যায় তবে "জগতের জন্মাদির কারণ ব্রহ্ম"—এই সিদ্ধান্ত কিরূপে উপপন্ন হয় ?

গুরু। পরমাত্মা—ব্রহ্ম—পরমেশ্বরের অভিধ্যান বা সঙ্কল্প-বিশেষ বশতঃই সকলের উৎপত্তি হইয়া থাকে অর্থাৎ আকাশাদি ভূত সকল অচেতন, যাহা অচেতন তাহার কোন কার্য্যেই স্বতঃপ্রবৃত্তি হয় না, সুতরাং বুঝিতে হইবে যে পরমেশ্বরই সেই সেইরূপে আবিষ্ট বা অবস্থিত হইয়া সেই সেই বিকারের সৃষ্টি করিয়াছেন, এ কারণ, সকল সৃষ্টির মূলেই তিনি আছেন, সুতরাং তাঁহাকে জগতের জন্মাদির কারণ বলিতে কোনও বাধা হয় না। ২।৩।১৩

শিষ্য। ভূতের উৎপত্তির কথা শুনিলাম, প্রলয় কিরূপে হয় ?

গুরু। উৎপত্তির বৈপরীত্যে প্রলয় হয় অর্থাৎ পৃথিবী জলে, জল তেজে, তেজ বায়ুতে, বায়ু আকাশে এবং আকাশ ব্রহ্মে লয়প্রাপ্ত হয়। ২।৩।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। আত্মা ও ভূতের মধ্যে অর্থাৎ ব্রহ্ম ও আকাশের মধ্যে বিজ্ঞান অর্থাৎ বুদ্ধিতত্ত্ব আর মন অর্থাৎ সঙ্কল্পাত্মক অন্তঃকরণ উৎপন্ন হয়। ২।৩।১৫

শিষ্য। জীবাত্মার উৎপত্তি ও প্রলয় আছে কি না?

গুরু। না।

শিষ্য। তবে চৈত্র জন্মিয়াছে, মৈত্র মরিয়াছে ইত্যাদি ব্যপদেশ কিরূপে হয়?

গুরু। উহা চরাচর শরীরের সম্বন্ধেই হয় অর্থাৎ শরীরের উৎপত্তি ও প্রলয়েই আত্মার জন্ম মৃত্যুর ব্যপদেশ হয়, বস্তুতঃ আত্মা জন্মেও না, মরেও না, কেন না, আত্মার জন্মমৃত্যুর প্রতিপাদিকা শ্রুতি নাই।

শিষ্য। ইহা হইতে আর কি জানা যায়?

গুরু। আত্মার জন্মমৃত্যু প্রতিপাদিকা শ্রুতি না থাকায় এবং জন্মমৃত্যু প্রতিষেধিকা শ্রুতি থাকায় আত্মার জন্ম মৃত্যু নাই সুতরাং উহা নিত্য—ইহা জানা যায়, এই আত্মা নিত্য বলিয়াই জ্ঞ অর্থাৎ পূর্ব্বানুভূত বিষয়ের স্মরণ কর্ত্তা হয়, নিত্য না হইলে জন্মান্তরীণ অনুভূত বিষয়ের স্মরণ করিতে পারে না।

শিষ্য। আত্মা যদি জ্ঞাতাই হয় তবে তাহাকে কিরূপে চিৎস্বরূপ মনে করিব?

গুরু। শ্রুতি আত্মাকে জ্ঞান ও জ্ঞাতা এই উভয় রূপেই প্রতিপাদন করিয়াছে, সুতরাং ইহাই বুঝিতে হইবে যে আত্মা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিত্যোদিত চৈতন্যস্বরূপ হইলেও ঔপাধিক বৃত্তিজ্ঞানের আশ্রয় হইয়া থাকে। ২।৩।১৬—১৮

শিষ্য। আত্মা সৎ ও চিৎস্বরূপ—ইহা বুঝিলাম, তাঁহার পরিমাণ কি ?

গুরু। আত্মার পরিমাণ অণুত্ব অর্থাৎ জীবাত্মা অণু-পরিমাণক বা অণু।

শিষ্য। আত্মা যে অণু—ইহা কিসে বুঝিব ?

গুরু। আত্মার উৎক্রান্তি অর্থাৎ শরীর হইতে নিক্রমণ আছে এবং গতি অর্থাৎ লোকান্তরে গমন আছে আর আগতি অর্থাৎ লোকান্তর হইতে আগমনের কথা আছে, যাহার নিক্রমণ, গমন ও আগমন থাকে সে বিভু হইতে পারে না। ২।৩।১৯—২০

শিষ্য। জীবাত্মা যদি অণুই হয় তবে শাস্ত্রে যে উহার বিভুত্বের কথা আছে তাহা কিরূপে উপপন্ন হয় ?

গুরু। "স বা এষ মহান্ অজ আত্মা" (বৃ ৪।৪।২২) (এই আত্মা মহান্ ও অজ) ইত্যাদি শাস্ত্রে যে আত্মা মহান্ বা বিভু বলা হইয়াছে তাহা জীবাত্মার সম্বন্ধে নহে পরন্তু পরমাত্মার সম্বন্ধে অর্থাৎ পরমাত্মাই মহান্ বিভু বা ব্যাপক, জীবাত্মা নহে। ২।৩।২১

শিষ্য। জীব যে অণু—এইরূপ স্পষ্ট শাস্ত্র আছে কি ?

গুরু। আছে, "এষ অণুরাত্মা চেতসা বেদিতব্যঃ" (মু ৩।১৯) (এই দুর্জ্ঞেয় আত্মা বিশুদ্ধজ্ঞানদ্বারা জ্ঞাতব্য) ইত্যাদি। ২।৩।২২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। জীবাত্মা যদি অণুই হয় তবে শরীরের সর্ব্বাঙ্গে উপলব্ধি কিরূপে জন্মে ?

গুরু। চন্দনবৎ তাহা হইতে পারে অর্থাৎ যেরূপ শরীরের একদেশস্থ চন্দনবিন্দু অবিশেষে শরীরের সকল দেশে শান্তি জন্মাইয়া থাকে সেইরূপ শরীরের একদেশস্থ অণু আত্মাও সর্ব্বাঙ্গীণ উপলব্ধি জন্মাইতে সমর্থ হয়। ২।৩।২৩—২৪।

শিষ্য। নিরবয়ব আত্মায় সাবয়ব চন্দনের দৃষ্টান্ত কি উচিত হয় ?

গুরু। দৃষ্টান্ত সর্ব্বাংশে নহে, কোন কোন অংশে, সুতরাং চন্দনের দৃষ্টান্তে কোনও বাধা নাই। আরও দৃষ্টান্ত আছে "লোকের ন্যায়" যেরূপ লোকে দেখা যায়—গৃহের একদেশস্থ প্রদীপের প্রভাদ্বারা সর্ব্বগৃহব্যাপী কার্য্য হয় সেরূপ অণু জীবাত্মারও গুণভূত বুদ্ধিসত্ত্বদ্বারা সকল শরীরব্যাপী কার্য্য হয়। ২।৩।২৫।

শিষ্য। জীবহীন দেশে বুদ্ধিসত্ত্বের যে কার্য্য উপপন্ন হয় সেইরূপ দৃষ্টান্ত কি ?

গুরু। যেরূপ কেতকী প্রভৃতি কুসুমের গন্ধ কেতকীব্যতীত অন্যত্রও উপপন্ন হয় সেরূপ গুণভূত বুদ্ধিসত্ত্বের ব্যাপার শরীরের জীবহীন প্রদেশেও উপপন্ন হয়, শাস্ত্রেও এইরূপ পাওয়া যায়। ২।৩।২৬—২৭।

শিষ্য। আত্মা হইতে বুদ্ধিসত্ত্বের যে পৃথক্ ব্যাপার বা কার্য্য আছে তাহা কিসে জানিব ?

৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। পৃথক্ উপদেশ থাকায়, যখন আত্মা হইতে বুদ্ধিসত্ত্বের পৃথক্ উপদেশ আছে তখন তাহার পৃথক্ ব্যাপার বা কার্য্যও জানিতে হয়। ২।৩।২৮।

শিষ্য। জীবাত্মা যদি অণুই হয় তবে তাহার অঙ্গুষ্ঠমাত্র ব্যপদেশ কিরূপে হয়?

গুরু। উহা উপাধিরূপ বুদ্ধিসত্ত্বের সম্বন্ধে হয়।

শিষ্য। ইহাতে কি দৃষ্টান্ত আছে?

গুরু। প্রাজ্ঞ, যেরূপ প্রাজ্ঞ বা পরমাত্মায় হৃদয়গুণ-প্রাধান্যে অঙ্গুষ্ঠমাত্রত্ব ব্যপদেশ হয় সেইরূপ জীবাত্মায় বুদ্ধিসত্ত্ব-সম্বন্ধে অঙ্গুষ্ঠমাত্রত্ব ব্যপদেশ হয়। ২।৩.২৯।

শিষ্য। অনিত্য উপাধিরূপ বুদ্ধিসত্ত্বের সম্বন্ধেই যদি নিত্য আত্মার সংসার হয় তবে অনিত্য বুদ্ধির নাশ ত স্বতঃই হইবে—তাহার নিমিত্ত আর শাস্ত্রোপদেশ কেন?

গুরু। বুদ্ধিসত্ত্ব যাবদাত্মভাবী অর্থাৎ যতকাল পর্য্যন্ত আত্মার সংসার থাকে ততকাল পর্য্যন্তই আত্মার উপাধিরূপে বুদ্ধিসত্ত্বও থাকে, সুতরাং তাহার নিবৃত্তির জন্য শাস্ত্রোপদেশ আবশ্যক। ২।৩।৩০।

শিষ্য। জন্য বুদ্ধিসত্ত্বের নাশ ত প্রলয়কালে অবশ্যই হ[illegible] তবে আর তাহা যাবদাত্মভাবী কিরূপে হয়?

গুরু। প্রলয় কালেও বুদ্ধিসত্ত্বের সর্ব্বথা নাশ হয় [illegible] পরন্তু সূক্ষ্মরূপে অবস্থান হয়, তবে বাল্যাবস্থায় সূক্ষ্মরূপে বিদ্যমান পুংস্ত্বাদির বা রেতঃ প্রভৃতির যেরূপ যৌবনে অভিব্যক্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয় সেরূপ প্রলয়ে সূক্ষ্মরূপে বিদ্যমান বুদ্ধিসত্ত্বেরও সংসার দশায় পুনঃ অভিব্যক্তি হয়, সুতরাং বুদ্ধিসত্ত্বের যাবদাত্মভাবিত্ব আছে। ২।৩।৩১।

শিষ্য। আত্মা ব্যতিরিক্ত অন্তঃকরণরূপ বুদ্ধিসত্ত্ব যে আছে—তাহা মানিতে হয় কেন ?

গুরু। আত্মাতিরিক্ত অন্তঃকরণরূপ বুদ্ধিসত্ত্ব না মানিলে সর্ব্বদা সর্ব্বজ্ঞান বা সর্ব্বদা জ্ঞানাভাব হইতে পারে; অথবা আত্মা ও ইন্দ্রিয়—এই উভয়ের মধ্যে একতরের শক্তির প্রতিবন্ধ বা স্তম্ভ বা রোধ মানিতে হয়।

শিষ্য। ইহার তাৎপর্য্য কি ?

গুরু। তাৎপর্য্য এই—যদি অন্তঃকরণ না থাকে তবে যুগপৎ পঞ্চ ইন্দ্রিয়ের সহিত পঞ্চবিষয়ের সম্বন্ধ থাকিলে যুগপৎ পঞ্চজ্ঞানই জন্মিতে পারে, আর যদি বলা যায় যে, সামগ্রী থাকিলেও জ্ঞান হয় না তবে কখনও জ্ঞান হইতে পারে না; আর যদি বলা যায় যে, সামগ্রী থাকিলেও কদাচিৎ জ্ঞান হয় না তবে আত্মা ও ইন্দ্রিয় এই উভয়ের মধ্যে একের অর্থাৎ আত্মার বা ইন্দ্রিয়ের শক্তির প্রতিবন্ধ স্বীকার করিতে হয়—এই স্বীকারও উচিত নহে। ২।৩।৩২।

শিষ্য। তবে কি জীবাত্মাকে অণুই বুঝিব ?

গুরু। না, বস্তুতঃ জীবাত্মা ও পরমাত্মার ন্যায় বিভুই; কোন কোন আচার্য্য অণুত্ববোধক সূত্রগুলিকে পূর্ব্বপক্ষপর করিয়া জীবের বিভুত্ব সিদ্ধান্তই স্থির করিয়াছেন। আমি এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকল সূত্রের সরলার্থে জীবের অণুত্বই বুঝিতে পারিয়াছি, তবে উপাধি-সংশ্লিষ্ট জীবেরই অণুত্ব—ইহা বলিলে আর মতে অসামঞ্জস্য থাকে না।

শিষ্য। অন্তঃকরণ সংশ্লিষ্ট জীবাত্মা অণু—ইহা জানিলাম, আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। এই জীবাত্মা কর্ত্তা; কেন না, শাস্ত্রের অর্থবত্ত্ব বা সাফল্য বা প্রামাণ্য আছে অর্থাৎ জীবের কর্ত্তৃত্ব মানিলে শাস্ত্রের সাফল্য বা প্রামাণ্য অক্ষত থাকে।

শিষ্য। ইহার তাৎপর্য্য কি?

গুরু। তাৎপর্য্য এই—অন্তঃকরণ অচেতন, তাহার জ্ঞা নাই, সুতরাং তাহাতে বিধি নিষেধ শাস্ত্রের সাফল্য ঘটিতে পা না, বিধিনিষেধশাস্ত্র জ্ঞানবান্ বা চেতনের উদ্দেশেই প্রবৃ হইয়াছে, চেতনই বিধি ও নিষেধ প্রতিপালন করিতে পারে, এ জন্য জীবই কর্ত্তা হয়। আরও আছে জীবাত্মার বিহারের স্বপ্নে যথেচ্ছ সঞ্চরণের উপদেশ আছে, সুতরাং সে-ই কর্ত্তা হ "জীব চক্ষুরাদি করণদিগকে গ্রহণ করিয়া সুপ্ত হয়—এই শাস্ত্র থাকায়ও জীবের কর্ত্তৃত্ব সিদ্ধ হইয়া থাকে, লৌকিক বৈদিক ক্রিয়ায় জীবের কর্ত্তৃত্বের ব্যপদেশ বা প্রতিপা থাকায়ও জীবই কর্ত্তা। ২।৩।৩৩—৩৬।

শিষ্য। জীবাত্মার কর্ত্তৃত্ব জানিলাম; এই কর্ত্তৃত্ব কি নি না অনিত্য?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। উপলব্ধির ন্যায় নিত্য নহে অর্থাৎ জীবাত্মার স্বরূপ চৈতন্য যেরূপ নিত্য, কর্ত্তৃত্ব সেরূপ নিত্য নহে, কেন না, বুদ্ধিতত্ত্বের সম্বন্ধতঃই কর্ত্তৃত্ব উৎপন্ন হয়, বুদ্ধিতত্ত্ব সম্বন্ধের নিবৃত্তিতে কর্ত্তৃত্বের নিবৃত্তি হয়। আরও আছে জীবের কর্ত্তৃত্ব নিত্য—ইহা মানিলে আত্মার নিষ্ক্রিয়াবস্থালক্ষণ অসম্প্রজ্ঞাত সমাধির সিদ্ধি হইতে পারে না।

শিষ্য। জীব যদি স্বতন্ত্র কর্ত্তাই হয় তবে নিজের অনিষ্ট করে কেন ?

গুরু। উপলব্ধির ন্যায় অনিয়ম অর্থাৎ যেরূপ অনিয়মে ইষ্টানিষ্ট বুঝিয়া থাকে সেইরূপ অনিয়মে ইষ্টানিষ্ট করিয়া থাকে।

শিষ্য। আত্মার ক্রিয়াশক্তিমত্ত্ব-লক্ষণ কর্ত্তৃত্ব নিত্য—এইরূপ নিয়মই হয় না কেন ?

গুরু। আত্মার ক্রিয়াশক্তিমত্ত্বলক্ষণ কর্ত্তৃত্ব নিত্য—এইরূপ নিয়ম হইতে পারে না, কেন না, ক্রিয়াশক্তির বিপর্য্যয়—বিলোপ বা অভাব হইয়া থাকে, সুতরাং নিত্য হইতে পারে না ; অপিচ আত্মার কর্ত্তৃত্ব নিত্য মানিলে আত্মার সম্বন্ধে যে নিষ্ক্রিয়া-বস্থা-লক্ষণ সমাধির উপদেশ আছে তাহার সম্ভব হইতে পারে না।

শিষ্য। জীবাত্মা কর্ত্তা না হইয়া বুদ্ধিসত্ত্বই কর্ত্তা হয় না কেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। বুদ্ধিসত্ত্ব কর্ত্তা হইলে শক্তির বিপর্য্যয় প্রসঙ্গ হয় অর্থাৎ বুদ্ধিসত্ত্ব করণশক্তিরূপই হয় কর্ত্তৃশক্তিরূপ নহে, তাহাকে কর্ত্তৃশক্তিরূপ মানিলে শক্তির ব্যত্যয় হইয়া উঠে। আরও আছে বুদ্ধিসত্ত্বই যদি কর্ত্তা হয়, আত্মা যদি কর্ত্তা না হয় তবে আত্মার উদ্দেশে যে সমাধির উপদেশ আছে তাহার অভাবের প্রসঙ্গ হয়। ২।৩।৩৭—৩৯।

শিষ্য। এক আত্মারই কর্ত্তৃত্ব ও অকর্ত্তৃত্ব—এই উভয় কিরূপে উপপন্ন হয় ?

গুরু। তক্ষা (বাঢ়ৈ) ন্যায় উপপন্ন হয় অর্থাৎ যেরূপ তক্ষা বাস্যাদির সম্বন্ধে কর্ত্তা আর অসম্বন্ধে অকর্ত্তা হয় সেরূপ আত্মাও বুদ্ধিসত্ত্বের সম্বন্ধে কর্ত্তা আর বুদ্ধিসত্ত্বের অসম্বন্ধে অকর্ত্তা হয়। ২।৩।৪০।

শিষ্য। জীবের কর্ত্তৃত্ব স্বতঃসিদ্ধ কিংবা পরতঃ সিদ্ধ ?

গুরু। জীবের কর্ত্তৃত্ব স্বতঃসিদ্ধ নহে, পরন্তু পরতঃসিদ্ধ অর্থাৎ পরমেশ্বরের আয়ত্ত, কেন না, জীব নিয়ম্য আর পরমেশ্বর নিয়ামক—এইরূপ শাস্ত্র আছে। ২।৩।৪১।

শিষ্য। জীব যদি পরমেশ্বরের নিয়ম্যই হয় তবে পরমেশ্বর যাহা করান তাহাই করে, তাহা হইলে বিধি ও নিষেধ শাস্ত্র নিরর্থক হয়, এবং পরমেশ্বর-নিয়ম্য জগতের বৈচিত্র্য হইতে পারে না, আর পরমেশ্বর কাহারও ভাল কাহারও মন্দ করিলে পরমেশ্বরের বৈষম্য উপস্থিত হয় এবং পরমেশ্বর জগৎসংহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন বলিয়া তাঁহার নৈর্ঘৃণ্য অর্থাৎ নিষ্ঠুরতা বা নির্দ্দয়তা উপস্থিত হয় কি ?

গুরু। পরমেশ্বরের কোন দোষই উপস্থিত হয় না, কেন না, তিনি জীবের ব্যাপার বা কর্ম্ম অপেক্ষায় অর্থাৎ অদৃষ্ট অপেক্ষা করিয়াই জীবকে প্রবৃত্ত করেন অর্থাৎ পরমেশ্বর জীবের কর্ম্মানুসারেই তাহাদিগকে ফল দিয়া থাকেন, সুতরাং পরমেশ্বরের উপর কোন দোষ আরোপিত হইতে পারে না ।২।১।৪২।

শিষ্য। জীব পরমেশ্বরের নিয়ম্য বা আয়ত্ত—ইহা জানিলাম, পরমেশ্বরের সহিত জীবের সম্বন্ধ কি ?

গুরু। জীবাত্মা পরমেশ্বরের অংশ।

শিষ্য। জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন কি অভিন্ন ?

গুরু। উভয়থাই ব্যপদেশ আছে অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন ও অভিন্ন—এই উভয়রূপেই প্রতিপাদন আছে।

শিষ্য। জীব যে পরমাত্মার অংশ এবিষয়ে প্রমাণ কি ?

গুরু। এ বিষয়ে "এতাবানস্য মহিমা" (ঋ ৮।৪।১৭।৩) ইত্যাদি মন্ত্র এবং "মমৈবাংশো জীবলোকো জীবভূতঃ সনাতনঃ" (গী ১৫।৭) ইত্যাদি স্মৃতি প্রমাণ। ২।৩।৪৩—৪৫।

শিষ্য। জীবাত্মা যদি পরমাত্মার অংশই হয় তবে জীবাত্মার ন্যায় পরমাত্মাও ক্লেশকর্ম্মাদিমান্ হয় না কেন ?

গুরু। যেরূপ অংশী সূর্য্যাদির প্রকাশ নীল-পীতাদি কাচের সম্বন্ধে নীলপীতাদি ভাবাপন্ন হয় কিন্তু তদ্দ্বারা অংশী সূর্য্য নীলাদি-সম্বদ্ধ হয় না, সেরূপ অংশী পরমাত্মা অংশরূপ জীবাদির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্লেশাদিদ্বারা সম্বদ্ধ হয় না। অপিচ যেরূপ আদিত্যাদির প্রকাশ আদিত্যাদির অংশরূপ হইয়াও স্বরূপতঃ ও স্বভাবতঃ ভিন্ন হয় সেইরূপ এই স্থলেও জীবাত্মা পরমাত্মার অংশ হইয়াও স্বরূপতঃ ও স্বভাবতঃ পরমাত্মা হইতে ভিন্ন হয়, সুতরাং জীবাত্মার ক্লেশাদি পরমাত্মাকে সম্বদ্ধ করে না, এ বিষয়ে শাস্ত্র আছে। ২।৩।৪৬—৪৭

শিষ্য। পরমাত্মা জীবাত্মার ন্যায় ক্লেশাদিমান্ না হউক কিন্তু জীবাত্মা পরমাত্মার ন্যায় হয় না কেন, অর্থাৎ জীবাত্মা পরমাত্মার ন্যায় বিধিনিষেধ সম্বন্ধশূন্য হয় না কেন ?

গুরু। যেরূপ দেশ বিশেষ সম্বন্ধ হেতু অগ্নি ও জল প্রভৃতির গ্রাহ্যত্ব বিষয়ে বা গ্রহণ সম্বন্ধে বিধি ও নিষেধ হয় সেরূপ জীবাত্মারও শরীরসম্বন্ধতঃই বিধি ও নিষেধ হয়। ২।৩।৪৮

শিষ্য। জীব যদি দেহসম্বদ্ধই হয় তবে দেহাসম্বদ্ধ বা শরীর-রহিত ব্রহ্মের তুল্য কিরূপে হয় ?

গুরু। জীবের শরীর আছে বটে কিন্তু সেই শরীর বিকারের কারণ নহে, সুতরাং জীবের বিকার নাই, এজন্য জীবাত্মায় পরমাত্মার সাদৃশ্য উপপন্ন হয়।

শিষ্য। নিখিল জীবের এক পরমাত্মাই যখন স্বামী তখন সকল শরীরে কর্ম্ম এবং ফল একরূপ হয় না কেন ?

গুরু। জীবও বস্তুতঃ নির্ব্বিকার এবং ব্রহ্মের অংশ পরন্তু অন্তঃকরণরূপ উপাধির সম্বন্ধে নানারূপে প্রকট হইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নানাপ্রকার বা নানারূপ প্রতীয়মান হয় সুতরাং কর্ম্ম এবং ফলাদিও নানারূপই দেখা যায়। ২।৩।৪৯

শিষ্য। দেহ সম্বদ্ধ জীবের জ্ঞান, ইচ্ছা, ধর্ম্ম ও অধর্ম্মাদি বিকার যখন দেখা যায় তখন আর জীবকে অবিকার কিরূপে বলা যায়?

গুরু। পরমাত্মার অংশস্বরূপ জীবে বাস্তবিক বিকার নাই, তবে যাহা কিছু দেখা যায় তাহা আভাস বা অভিমান মাত্র। ২।৩।৫০

শিষ্য। সকল জীবই যদি ব্রহ্মের অংশ হয় তবে সকলের একরূপ সুখ দুঃখাদিভোগ হয় না কেন?

গুরু। অদৃষ্টের একরূপতা না থাকায় তাহা হয় না অর্থাৎ অদৃষ্ট নানারূপ বলিয়া ভোগও নানারূপই হয়, একরূপ হইতে পারে না। ২।৩।৫১

শিষ্য। জীব যখন পরমাত্মার অংশ তখন সকল জীবের অদৃষ্ট একরূপ হয় না কেন?

গুরু। অভিসন্ধির নিয়ম না থাকায় অর্থাৎ অভিসন্ধি বা সঙ্কল্প নানা বলিয়া অদৃষ্টও নানারূপ হয়। ২।৩।৫২

শিষ্য। অভিসন্ধিরও একরূপ নিয়ম হয় না কেন?

গুরু। অন্তর্ভাব থাকায় হয় না অর্থাৎ ভিন্ন ভিন্ন শরীরের অন্তর্ভাব বিভিন্ন থাকায় একরূপ নিয়ম বা ব্যবস্থা হয় না। ২।৩।৫৩ (২।৩ সমাপ্ত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। আকাশাদির উৎপত্তি অবগত হইলাম। সম্প্রতি প্রাণ অর্থাৎ ইন্দ্রিয়ের উৎপত্তির বিষয় জানিতে ইচ্ছা হয়।

গুরু। শ্রবণ কর। আকাশ প্রভৃতির ন্যায় প্রাণ অর্থাৎ ইন্দ্রিয় সকল ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর হইতে উৎপন্ন বা আবির্ভূত হয়, কেন না, এইরূপ শ্রুতি আছে। ২।৪।১

শিষ্য। প্রাণোৎপত্তি শ্রুতি কি গৌণী?

গুরু। না, প্রাণোৎপত্তিশ্রুতি মুখ্যই গৌণী নহে। ২।৪।২

শিষ্য। প্রাণ বা ইন্দ্রিয় সকল কি আকাশাদির পূর্ব্বে উৎপন্ন হয়, না আকাশাদির পরে উৎপন্ন হয়?

গুরু। তাহার পূর্ব্বে—অর্থাৎ আকাশাদির উৎপত্তির পূর্ব্বে প্রাণের অর্থাৎ ইন্দ্রিয়ের উৎপত্তি হয়, কেন না, এইরূপ শ্রুতি ও স্মৃতি আছে। ২।৪।৩

শিষ্য। যদি আকাশাদির উৎপত্তির পূর্ব্বেই প্রাণের অর্থাৎ ইন্দ্রিয়ের উৎপত্তি হয় তবে "তেজোময়ী বাক্" (ছাং ৬।৫।৪) (বাগিন্দ্রিয় তেজোময় অর্থাৎ ভুক্ততৈল ঘৃতাদি তেজঃপদার্থদ্বারা পরিপুষ্ট) এই তেজোময়ীত্বের উপপত্তি কিরূপে হয়?

গুরু। বাগিন্দ্রিয় ব্রহ্ম হইতে উৎপন্ন হয়, তবে তাহার কার্য্যজননশক্তির অভিব্যক্তি তেজ হইতে হইয়া থাকে এজন্য তেজোময়ী বলা হইয়াছে, বস্তুতঃ বাগিন্দ্রিয় তেজ হইতে উৎপন্ন নহে। ২।৪।৪।

শিষ্য। প্রাণ অর্থাৎ ইন্দ্রিয় কত প্রকার?

গুরু। তুমি কি মনে কর?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। "সপ্তপ্রাণাঃ প্রভবন্তি তস্মাৎ" (মু ২।১।৮) (সপ্তপ্রাণ অর্থাৎ মস্তকস্থ সপ্ত ইন্দ্রিয় তাহা হইতে জন্মে) ইহাতে সপ্তইত মনে হয়।

গুরু। না, সপ্ত নহে; কেন না, উহাতে অর্থাৎ প্রাণসংখ্যানিয়ামকশাস্ত্রে হস্তাদিরও উল্লেখ আছে, এজন্য সাত বলা যায় না। ২।৪।৫—৬

শিষ্য। প্রাণের পরিমাণ কি ?

গুরু। অণুত্ব, অর্থাৎ প্রাণ বা ইন্দ্রিয় সকল অণুপরিমাণক।

শিষ্য। ভূত সূক্ষ্মের উৎপত্তি নাই কি ?

গুরু। আছে, যেরূপ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর হইতে আকাশাদির উৎপত্তির পূর্ব্বে প্রাণ বা ইন্দ্রিয়ের উৎপত্তি হয় সেরূপ ভূতসূক্ষ্ম বা সূক্ষ্মভূত অর্থাৎ তন্মাত্রদিগেরও উৎপত্তি হয়। ২।৪।৭।

শিষ্য। ইন্দ্রিয় নামক প্রাণের উৎপত্তি শুনিলাম, মুখ্য-প্রাণের উৎপত্তি নাই কি ?

গুরু। আছে, যেরূপ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর হইতে আকাশাদির উৎপত্তির পূর্ব্বে ইন্দ্রিয়রূপ প্রাণের উৎপত্তি হয় সেরূপ মুখ্য প্রাণেরও উৎপত্তি হয়। ২।৪।৮।

শিষ্য। এই মুখ্যপ্রাণ কি বায়ু, না বায়ুর ক্রিয়া ?

গুরু। মুখ্যপ্রাণ বায়ুও নহে বায়ুর ক্রিয়াও নহে, কেন না, বায়ু ও বায়ুর ক্রিয়া হইতে পৃথগ্‌ভাবে মুখ্যপ্রাণের উপদেশ আছে। ২।৪।৯।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। তবে শ্রেষ্ঠপ্রাণ কি জীবাত্মবৎ কোনও স্বতন্ত্র পদার্থ ?

গুরু। শ্রেষ্ঠ প্রাণ চক্ষুরাদি প্রাণের ন্যায় জীবাত্মার উপকরণ বিশেষই অর্থাৎ চক্ষুরাদি যেরূপ আত্মার উপকরণ শ্রেষ্ঠপ্রাণও সেরূপ উপকরণই, কেন না, চক্ষুঃপ্রভৃতি প্রাণের সহিত শ্রেষ্ঠপ্রাণের উপদেশাদি আছে। ২।৪।১০।

শিষ্য। ইন্দ্রিয়দিগের বিষয় বিশেষের পরিচ্ছেদলক্ষণ কার্য্য আছে আর শ্রেষ্ঠপ্রাণের তাহা নাই—ইহা দোষ নহে কি ?

গুরু। না, ইহাতে কোন দোষ নাই, কেন না, ইন্দ্রিয়-সকল করণ আর শ্রেষ্ঠপ্রাণ করণ নহে।

শিষ্য। শ্রেষ্ঠপ্রাণ যে করণ নহে তাহা কিসে বুঝিব ?

গুরু। সেরূপ প্রতিপাদন আছে। ২।৪।১১

শিষ্য। শ্রেষ্ঠপ্রাণের আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। মনের ন্যায় শ্রেষ্ঠপ্রাণ পঞ্চবৃত্তিক অর্থাৎ প্রমাণাদি বৃত্তিভেদে মন যেরূপ পঞ্চবৃত্তিক সেরূপ প্রাণাদিবৃত্তিভেদে প্রাণও পঞ্চবৃত্তিক; অর্থাৎ মনের প্রমাণ, বিপর্য্যয়, বিকল্প, নিদ্রা, স্মৃতি—এই পাঁচবৃত্তিভেদে যেরূপ ভেদ আছে সেরূপ শ্রেষ্ঠপ্রাণেরও প্রাণ, অপান, সমান, উদান ও ব্যানভেদে পাঁচটি ভেদ আছে। ২।৪।১২।

শিষ্য। শ্রেষ্ঠপ্রাণের পরিমাণ কি ?

গুরু। অণুত্ব অর্থাৎ শ্রেষ্ঠপ্রাণ অণু।

শিষ্য। সূক্ষ্মদেহের উৎপত্তি নাই কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। আছে, যেরূপ আকাশাদির উৎপত্তির পূর্ব্বে ব্রহ্ম হইতে প্রাণ উৎপন্ন হয় সেরূপ সূক্ষ্মশরীরও উৎপন্ন হইয়া থাকে। ২।৪।১৩।

শিষ্য। বাগাদিপ্রাণে বা ইন্দ্রিয়ে কাহারও অধিষ্ঠান আছে কি?

গুরু। আছে; জ্যোতিঃ প্রভৃতি দেবতার অধিষ্ঠান আছে। ২।৪।১৪।

শিষ্য। প্রাণ কি অধিষ্ঠাত্রীদেবতায় সম্বদ্ধ না প্রাণবান্ জীবাত্মায় সম্বদ্ধ হয়?

গুরু। প্রাণ প্রাণবান্ জীবাত্মায় সম্বদ্ধ। ২।৪।১৫।

শিষ্য। জীবাত্মার নাশে প্রাণের সম্বন্ধ কিসে হয়?

গুরু। প্রাণবান্ ভোক্তা জীবাত্মার নাশ নাই, কেন না, তাহার নিত্যত্ব আছে অর্থাৎ প্রাণবান জীবাত্মা নিত্য। ২।৪।১৬।

শিষ্য। প্রাণ সকলে বিশেষ কি আছে?

গুরু। শ্রেষ্ঠপ্রাণ ব্যতীত সকল প্রাণই ইন্দ্রিয় নামে সমাখ্যাত আছে। ২।৪।১৭।

শিষ্য। শ্রেষ্ঠপ্রাণ ব্যতীত—ইহা বলা হয় কেন?

গুরু। বাগাদি প্রাণ হইতে শ্রেষ্ঠপ্রাণের ভিন্নত্ব প্রতিপাদন আছে, এবং বৈলক্ষণ্য আছে, অর্থাৎ বাগাদি প্রাণ ইন্দ্রিয় আর শ্রেষ্ঠপ্রাণ ইন্দ্রিয় নহে এবং বাগাদিপ্রাণ হইতে বিলক্ষণ। ২।৪।১৮—১৯।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। সংজ্ঞামূর্ত্তি কল্পন অর্থাৎ নাম ও রূপের সৃষ্টি কিসে হয়?

গুরু। সংজ্ঞার অর্থাৎ নামের আর মূর্ত্তির অর্থাৎ আকৃতির সৃষ্টি ত্রিবৃৎকারী অর্থাৎ সকল ভূতের সৃষ্টিকর্ত্তা ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর হইতে হয়, কেন না, এরূপ উপদেশ আছে।

শিষ্য। ত্রিবৃৎকরণ কি?

গুরু। ক্ষিতি, জল ও তেজ—এই ভূতত্রয়ে যে সৃষ্টি তাহার নাম ত্রিবৃৎ করণ। ২।৪।২০।

শিষ্য। শরীরে কোন ভূতের কি কার্য্য?

গুরু। মাংস প্রভৃতি ভূমির কার্য্য; মূত্র, লোহিত বা রক্ত ও প্রাণ—এই সকল জলের কার্য্য আর অস্থি, মজ্জা, বাক্—এই তিন তেজের কার্য্য। ২।৪।২১

শিষ্য। যদি সকলই ত্রিবৃৎকৃত হয় তবে ইহা পার্থিব, ইহা আপ্য, ইহা তৈজস—এইরূপ কথন কেন হয়?

গুরু। ইহা ভাগের আধিক্য নিবন্ধনই হইয়া থাকে অর্থাৎ যাহাতে পৃথিবীর ভাগ অধিক তাহাকে পার্থিব বলা হয় এবং যাহাতে জলের ভাগ অধিক তাহাকে আপ্য বলা হয়, আর যাহাতে তেজের ভাগ অধিক তাহাকে তৈজস বলা হয়। ২।৪।২২ (২।৪ সমাপ্ত)

শিষ্য। গুরুদেব! আপনার কৃপায় অনেকই অবগত হইয়াছি, সম্প্রতি জীবের গতি ও আগতি অর্থাৎ পরলোকে গমনের ও তথা হইতে আগমনের কথা জানিতে ইচ্ছা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। শ্রবণ কর। জীবাত্মা যখন এই শরীর ত্যাগ করিয়া দেহান্তর প্রাপ্তি বা পুনর্জন্ম লাভের নিমিত্ত যায় তখন শরীরের বীজ যে সূক্ষ্মভূত বা তৎসম্বন্ধ লিঙ্গদেহ তদ্দ্বারা সম্পরিষক্ত বা সম্বন্ধ হইয়া লোকান্তরে গমন করিয়া থাকে, ইহা ছান্দোগ্য উপনিষদে পঞ্চাগ্নি বিদ্যায় যে প্রশ্ন ও প্রতিবচন আছে তদ্দ্বারা জানা যায়। ৩।১।১।

শিষ্য। উহাতে সূক্ষ্মভূত বা লিঙ্গশরীরের কথা স্পষ্ট আছে কি ?

গুরু। না, উহাতে অপ্ অর্থাৎ জলের কথা আছে।

শিষ্য। তবে জলমাত্র না বুঝিয়া সূক্ষ্মভূত বা লিঙ্গশরীর কিরূপে বুঝিব ?

গুরু। জলভূতের ত্রিবৃৎকৃতত্ব নিবন্ধন ত্রিরূপতা আছে অর্থাৎ জলভূত ত্র্যাত্মক বা জল ক্ষিতি তেজ—এই ভূতত্রয়রূপ, সুতরাং জলের গমনে অন্য দুইয়ের গতিও পাওয়া যায়, তবে উহাতে জলের বাহুল্য নিবন্ধনই জলমাত্রের নির্দ্দেশ আছে; অথবা ভূতসূক্ষ্ম, বাহ্যকরণ ও অন্তঃকরণ ভেদে লিঙ্গশরীরের ত্রিরূপতা আছে তাহাতে জলের প্রাধান্য থাকে এজন্য প্রশ্ন ও প্রতিবচনে জলেরই নির্দ্দেশ আছে। ৩।১।২।

শিষ্য। জীবাত্মা যে সূক্ষ্মভূত বা তৎসম্বন্ধ লিঙ্গশরীর দ্বারা সম্বদ্ধ হইয়া গমন করে—এ বিষয়ে আর কি যুক্তি আছে ?

গুরু। প্রাণের গতির কথা আছে অর্থাৎ জীবাত্মার সহিত লিঙ্গদেহ—সম্বন্ধ প্রাণের গতির শ্রবণ আছে, যখন জীবের সহিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লিঙ্গদেহ-সম্বন্ধ প্রাণের গতির উল্লেখ আছে তখন লিঙ্গদেহের কথা স্পষ্টই বুঝিতে হয়। ৩।১।৩।

শিষ্য। তবে মরণ কালে বাগাদি প্রাণের অগ্নি প্রভৃতিতে যে গমনের কথা আছে তাহা কিরূপে উপপন্ন হয়?

গুরু। উহা ভাক্ত অর্থাৎ মুখ্য নহে, জীবের সহিত গমনই মুখ্য। ৩।১।৪।

শিষ্য। পঞ্চাগ্নির প্রথমে দ্যুলোক নামক অগ্নিতে লিঙ্গ-দেহবচন জলের হোম্য দ্রব্যত্বে শ্রবণ আছে কি?

গুরু। না; কিন্তু তথায় শ্রদ্ধা শব্দের উল্লেখ আছে, ঐ শ্রদ্ধা শব্দের অর্থ জলই বুঝিতে হয়। ৩।১।৫।

শিষ্য। জীবাত্মা যে সূক্ষ্মভূত বা লিঙ্গদেহ দ্বারা সম্বন্ধ হইয়া গমন করে সেরূপ শ্রুতি ও প্রতীতি আছে কি?

গুরু। "অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে তে ধূমমভিসম্ভবন্তি ধূমাৎ রাত্রিম্" ৫।১০।৩। (যে সমস্ত গৃহস্থ গ্রামে ইষ্ট (যাগাদি) পূর্ত্ত (কূপাদিদান) ও দত্ত (যথাশক্তি দান) করে তাহারা মৃত্যুর পর ধূমাভিমানী দেবতাকে প্রাপ্ত হয় ধূমের পর রাত্রি ইত্যাদি) এই আরম্ভে "মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকা-দাকাশং আকাশাচ্চন্দ্রমসং এষ সোমো রাজা তদ্দেবানামন্নং তং দেবা ভক্ষয়ন্তি" (ছাং ৫।১০।৪) (দক্ষিণায়ন ছয় মাসের পর পিতৃলোকে, পিতৃলোক হইতে আকাশে, আকাশ হইতে চন্দ্রমণ্ডলে গমন করে; ইহাই দীপ্তিমান্ সোম ইহাই দেবগণের অন্নস্বরূপ, দেবগণ তাহাকে ভক্ষণ করেন অর্থাৎ উপভোগ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন।) ইত্যাদি শাস্ত্রে ইষ্টাদিকর্ম্মানুষ্ঠায়ীদিগের গতির শ্রুতি ও প্রতীতি আছে। ৩।১।৬।

শিষ্য। চন্দ্রলোকপ্রাপ্ত ইষ্টাদিকারিগণ যদি সত্যই দেবতাদিগের অন্ন বা ভক্ষ্য হয়, তবে তাহাদের রংহণ বা গমন কিরূপে সম্ভবে ?

গুরু। উহা ভাক্ত—অমুখ্য বা কল্পিত অর্থাৎ উহারা বাস্তবিক অন্ন বা ভক্ষ্য নহে।

শিষ্য। তবে দেবান্নত্বে উহাদের প্রতিপাদন কেন ?

গুরু। উহারা অনাত্মবিৎ অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞ নহে, এজন্য উহারা দেবান্নত্বে বা পশুবৎ দেবভোগ্যত্বরূপে প্রতিপাদিত হইয়াছে, বস্তুতঃ দেবতারা পশু ভক্ষণ করে না, পশুদ্বারা তৃপ্তিমাত্র প্রাপ্ত হয়। ৩।১।৭।

শিষ্য। ধূমাদি মার্গে চন্দ্রমণ্ডলাধিরূঢ় ইষ্টাদিকারীদিগের আগমন কিরূপে হয় ?

গুরু। চন্দ্রমণ্ডলাধিরূঢ় অনুশয়বান্ বা কর্ম্মাবশেষী ইষ্টাদি কর্ম্মকারিগণ তথাকার ভোগের অন্তে ভুক্তাবশিষ্ট কর্ম্মের সহিত চন্দ্রলোক হইতে এই লোকে আগমন করে অর্থাৎ জন্ম গ্রহণ করে, ইহা শ্রুতি ও স্মৃতি হইতে জানা যায়।

শিষ্য। কোন্ পথে আসিয়া থাকে ?

গুরু। সেই পথেও অন্য পথেও অর্থাৎ যে পথে গিয়া থাকে সে পথেও আসিয়া থাকে এবং অন্য পথে অর্থাৎ—আকাশাদিতেও আসিয়া থাকে। ৩।১।৮।

৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। শ্রুতিতে কি অনুশয়ের বা ভুক্তাবশিষ্ট কর্ম্মের কথা আছে ?

গুরু। না, উহাতে চরণ শব্দ আছে, এই চরণশ্রুতি কর্ম্মের উপলক্ষণ—কার্ষ্ণাজিনি আচার্য্য এইরূপই মনে করেন। ৩।১।৯।

শিষ্য। যদি চরণ শব্দের অনুশয় বা কর্ম্মই অর্থ হয় তবে শীল সদাচারাদি বিধান নিরর্থক হয় কি ?

গুরু। না, নিরর্থক হয় না, কেন না, শ্রৌতকর্ম্ম ও স্মার্ত্ত-কর্ম্ম শীল-সদাচারাদিসাপেক্ষই হয়, আচারশীল না হইলে কর্ম্মাধিকার হয় না এবং কৃতকর্ম্মের ফলও হয় না। ৩।১।১০।

শিষ্য। এ বিষয়ে মতভেদ আছে কি ?

গুরু। আছে ; বাদরি আচার্য্য মনে করেন—চরণ শব্দের অর্থ সুকৃত ও দুষ্কৃতই, অপর কিছু নহে। ৩।১।১১।

শিষ্য। ইষ্টাদিকারীদিগের চন্দ্রলোকে গমন এবং ভোগ সমাপ্তিতে পুনরাগমনের কথা শ্রবণ করিলাম। এখন জানিতে ইচ্ছা হয় যে অনিষ্টাদিকারীদিগের চন্দ্রলোকে গতি আছে কি ?

গুরু। না, অনিষ্টাদিকারিদিগের চন্দ্রলোকে গতি নাই কেন না, অনিষ্টাদিকর্ম্মকারীরা যমপুরে নানাবিধ যাতনা অনুভব করিয়া ভোগান্তে পুনঃ অবরোহণ বা পুনঃ প্রত্যাগমন করে অর্থাৎ তাহারা ইহলোক হইতে যমলোকে গমন ও যমলোক হইতে ইহলোকে প্রত্যাগমন করে, শ্রুতি ও স্মৃতিতে তাহাদের এবম্বিধ গতিরই প্রতিপাদন আছে। ৩।১।১২—১৪।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। পাপীদিগের জন্য কতিবিধ নরক আছে?

গুরু। রৌরব প্রভৃতি সপ্তবিধ নরক আছে। ৩।১।১৫।

শিষ্য। রৌরব প্রভৃতিতে চিত্রগুপ্তাদিরই ত অধিষ্ঠাতৃত্বের কথা শুনা যায়, তবে আর উহাতে পাপীরা যমযাতনা কিরূপে অনুভব করে?

গুরু। উহাতে যমেরই অধিষ্ঠাতৃত্ব অর্থাৎ যমই অধিষ্ঠাতা হয়, যমপ্রযুক্ত হইয়াই চিত্রগুপ্তাদিরা অধিষ্ঠাতা হয় অর্থাৎ মুখ্য অধিষ্ঠাতা যমই হয় তৎপ্রেরিত হইয়া চিত্রগুপ্তাদি অমুখ্য বা গৌণ অধিষ্ঠাতা হয়, সুতরাং কোন বিরোধ নাই। ৩।১।১৬।

শিষ্য। যদি অনিষ্টাদিকর্ম্মকারীদের তৃতীয় পথই হয় তবে দেবযানে কার্য্যব্রহ্মলোকে গমন ও পিতৃযানে চন্দ্রলোকে গমন কাহাদের হয়?

গুরু। দেবযানে বা অর্চ্চিরাদিমার্গে কার্য্যব্রহ্মলোকে গমন উপাসকদিগের আর পিতৃযানে চন্দ্রলোকে গমন ইষ্টাপূর্ত্তকারী-দিগেরই হয়। ৩।১।১৭।

শিষ্য। দেবযান ও পিতৃযান ব্যতিরিক্ত তৃতীয়পথে প্রস্থানকারী পাপীদিগের শরীরপ্রাপ্তির নিমিত্ত আহুতিসংখ্যা নিয়ম আছে কি?

গুরু। না; তৃতীয় পথে প্রস্থানকারী পাপীদিগের আহুতি ব্যতীতও কীটপতঙ্গাদিশরীর লাভ হয়, উহাতে আর আহুতির অপেক্ষা নাই, এই বিষয়ে প্রমাণ—শাস্ত্র, এবং জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ, উদ্ভিজ্জ—এই চতুর্ব্বিধ ভূতগ্রামের মধ্যে মৈথুনধর্ম্ম-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যতীতও স্বেদজ ও উদ্ভিজ্জের উৎপত্তিদর্শন হয়, সুতরাং সর্ব্বত্র একপ্রকার নিয়ম হয় না।

শিষ্য। "তেষাং খলু এষাং ভূতানাং ত্রীণ্যেব বীজানি ভবন্ত্যণ্ডজং জীবজং উদ্ভিজ্জমিতি" (ছাং ৬।৩।১) (সেই জীবসম্পন্ন এই সমস্ত ভূতের তিনটীই কারণ হইয়া থাকে, অণ্ডজ (পক্ষি সর্পাদি) জীবজ (জরায়ুজ মনুষ্যাদি) আর উদ্ভিজ্জ (বৃক্ষাদি) এই শ্রুতিতে স্বেদজের কথা নাই কিন্তু আপনি স্বেদজের উল্লেখ করিয়াছেন—এই বিষয়ে কি জানিব?

গুরু। স্বেদজ শ্রুত্যুক্ত তৃতীয়ের অন্তর্গত অর্থাৎ স্বেদজ উদ্ভিজ্জেরই অন্তর্গত, সুতরাং কোন দোষ নাই। ৩।১।১৮—২১।

শিষ্য। ইষ্টাদিকারিগণ চন্দ্রলোক প্রাপ্ত হইয়া তথায় ভোগ সমাপ্তি হইলে অবশিষ্ট কর্ম্ম লইয়া পুনঃ অবতরণ করে—ইহা আপনার কৃপায় জানিতে পারিয়াছি, উহাদের প্রত্যাগমন কালে যে আকাশাদি ভাবপ্রাপ্তির কথা আছে তাহার অর্থ কি আকাশাদির তাদাত্ম্য প্রাপ্তি বা সাভাব্য প্রাপ্তি বা সাদৃশ্য প্রাপ্তি?

গুরু। আকাশাদির সাভাব্যাপত্তি বা সাদৃশ্যপ্রাপ্তিই হয় তাদাত্ম্যপ্রাপ্তি নহে অর্থাৎ অবরোহণকারিগণ চন্দ্রলোক হইতে অবরোহণ কালে আকাশাদির সমানই হয় স্বরূপ হয় না। ৩।১।২২

শিষ্য। অনুশয়ী বা কর্ম্মাবশেষীদিগের যে আকাশাদি সাভাব্যাপত্তি হয় তাহা কি নাতিচিরে হয় কিংবা অতিচিরে হয় অর্থাৎ অনুশয়ী বা কর্ম্মশেষী অল্পে অল্পে বা শীঘ্র শীঘ্র আকাশাদির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাব হইতে নিষ্ক্রান্ত হইয়া পৃথিবীতে আসে কিংবা বিলম্বে আসে ?

গুরু। চন্দ্রলোক হইতে পৃথিবীলোকে প্রত্যাগমনকারী অনুশয়ীদিগের আকাশাদির সাভাব্যাপত্তি অর্থাৎ নিষ্ক্রামণ নাতিচিরে অর্থাৎ শীঘ্রই হয়।

শিষ্য। কি সে বুঝিব ?

গুরু। "অতো বৈ সহ দুর্নিষ্প্রপতরম্" (ছাং ৫।১০।৬) (এই ব্রীহি যবাদি অবস্থা হইতে নির্গমনই অতিশয় ক্লেশ কর) ব্রীহ্যাদিভাব হইতে নিঃসরণ দুঃখে হয়—এইরূপ থাকায়ই জানা যায় যে আকাশাদিভাব হইতে নিঃসরণ সুখে হয়। ৩।১।২৩।

শিষ্য। চন্দ্রলোক হইতে প্রত্যাগত কর্ম্মশেষীদিগের সম্বন্ধে যে "ত ইহ ব্রীহি যবা ওষধি বনস্পতয়ঃ তিল মাষা ইতি জায়ন্তে" (ছাং ৫।১০।৬) (তাহারা পৃথিবীতে ধান্য, যব, ওষধি, বনস্পতি, তিল, মাষ ইত্যাদিরূপে জন্মধারণ করে) এইরূপ কথা আছে, তাহার অর্থ কি ব্রীহ্যাদিরূপে জন্ম কিংবা সাভাব্যাপত্তি ?

গুরু। ব্রীহ্যাদি সাভাব্যাপত্তি বা সাদৃশ্যপ্রাপ্তি, ব্রীহ্যাদি রূপে জন্ম নহে, অর্থাৎ চন্দ্রলোক হইতে পৃথিবীতে প্রত্যাগত কর্ম্মশেষীরা ভোক্তৃপুরুষান্তরাধিষ্ঠিত ব্রীহ্যাদির সমান হয়, কেন না—আকাশাদিবৎ সাভাব্যাপত্তি বা সাদৃশ্যপ্রাপ্তিরই প্রতিপাদন আছে। ৩।১।২৪।

শিষ্য। চন্দ্রলোক হইতে প্রত্যাগত কর্ম্মশেষীদিগের পূর্ব্বকৃত যাগাদিতে যে হিংসা আছে তাহা দ্বারা তাহারা অশুদ্ধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বা পাপী হয়, সুতরাং তাহাদের ব্রীহ্যাদিরূপে জন্ম মানা উচিত হয় কি ?

গুরু। না; বৈধহিংসায় পাপ হয় না, কেন না, এইরূপ শাস্ত্র আছে। ৩।১।২৫।

শিষ্য। তৎপর কি হয় ?

গুরু। রেতঃসিগ্‌—যোগ হয় অর্থাৎ চন্দ্রলোক হইতে প্রত্যাগত কর্ম্মশেষী পুরুষদিগের বীর্য্যমোচন কর্ত্তা পুরুষের সহিত সম্বন্ধ হয় অর্থাৎ সেই পুরুষেরা সেই ব্রীহ্যাদ্যন্নভোজী পুরুষের উদরে প্রবেশ করে। ৩।১।২৬।

শিষ্য। তৎপর কি হয় ?

গুরু। যোনি হইতে শরীর হয় অর্থাৎ রেতের মোচন কর্ত্তা পুরুষের উদরে প্রবেশের পর রেতঃসম্বন্ধতঃ মাতৃযোনিতে উপস্থিত হইয়া বিপাকের অনুরূপ বা শেষকর্ম্মের ফলভোগ-যোগ্য শরীর প্রাপ্ত হয়। ৩।১।২৭ (৩।১। সমাপ্ত)।

শিষ্য। আপনার কৃপায় জীবের গমনাগমন অবগত হইলাম। সম্প্রতি জীবের অবস্থাভেদ জানিতে ইচ্ছা হয়।

গুরু। কি অবস্থা জানিতে চাহিতেছ ?

শিষ্য। জাগরণ ও সুষুপ্তি—এই দুইয়ের মধ্যবর্ত্তী যে স্বপ্ন তাহাতে যে রথাদির সৃষ্টি হয়—উহা কিসে জানা যায় ?

গুরু। "ন তত্র রথা রথযোগাঃ ন পন্থানো ভবন্ত্যথ রথান্ রথযোগান্ পথশ্চ সৃজতে" (বৃ ৪।৩।১০) (সেই স্বপ্নে রথ নাই, রথে যোজিত অশ্বাদি নাই এবং গমনোপযোগী পথও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাই, অথচ রথ অশ্বাদি ও পথ নির্ম্মাণ করে)। ইত্যাদি শ্রুতিদ্বারাই জানা যায়।

শিষ্য। ইহাতে আর কি হেতু আছে?

গুরু। কোনও এক শাখীরা উহাতে নির্ম্মাতা বা স্রষ্টা পুরুষের প্রতিপাদন করিয়াছে, আবার তাহাতে কাম্যমান নির্ম্মাতব্য পুত্রাদির উল্লেখও আছে।

শিষ্য। তবে স্বপ্নে যে সৃষ্টি তাহা কি পারমার্থিক?

গুরু। না, পারমার্থিক নহে, উহা মায়া মাত্র।

শিষ্য। উহা যে পারমার্থিক নহে মায়ামাত্র—তাহা কিসে জানিব?

গুরু। সম্পূর্ণরূপে অভিব্যক্তি বা স্বরূপের প্রকাশ না হওয়ায় অর্থাৎ সমুচিত দেশ কালাদিতে সম্পূর্ণরূপে অভিব্যক্ত না হওয়াতেই জানিতে হয় যে—উহা মায়ামাত্র, উহা যদি পারমার্থিক হইত তবে উহা সম্পূর্ণরূপে সমুচিত দেশ-কালাদিতে প্রকাশিত হইত, তাহা না হওয়াতেই উহাকে মায়ামাত্র জানিতে হয়।

শিষ্য। তবে কি আকাশকুসুমবৎ ইহা অলীক?

গুরু। না, আকাশকুসুমবৎ অলীকও নহে, কেন না, স্বপ্ন ভাবি শুভাশুভের সূচক বা আবেদক হয় অর্থাৎ স্বপ্নানুসারে কখনও কখনও ফলও পাওয়া যায়, যদি সম্পূর্ণ অলীক হয় তবে ভাবি শুভাশুভের সূচক হইতে পারে না, আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপ্ন তত্ত্ববিদ্‌গণ শ্রুতি হইতে এইরূপ প্রতিপাদন করিয়া থাকেন। ৩।২।১—৪

শিষ্য। জীবাত্মার স্বপ্নে বন্ধ ও মোক্ষ কিরূপে প্রতিভাত হয়?

গুরু। প্রত্যক্ষাদিপ্রমাণতঃ যে সকল পদার্থ অনুভূত হয় তাহাদের অশেষ বিশেষরূপে চিন্তা বা আলোচনা করায়ই বুদ্ধিতত্ত্ব তিরোহিত বা আচ্ছাদিত হয়, তাহাতেই স্বপ্নে জীবাত্মার বন্ধ ও মোক্ষ প্রতিভাত হয়। ৩।২।৫

শিষ্য। স্বপ্ন কিসে হয়?

গুরু। স্বপ্ন কদাচিৎ শরীরবিশেষের সম্বন্ধে কদাচিৎ ধর্ম্মতঃ কদাচিৎ অধর্ম্মতঃ হইয়া থাকে। ৩।২।৬

শিষ্য। জীবের স্বপ্ন বুঝিলাম, উহার সুষুপ্তি কি? উহা কোথায় হয়?

গুরু। স্বপ্নের অভাবই সুষুপ্তি। উহা নাড়ীতে—অর্থাৎ পুরীতৎ নাড়ীতে ও পরমাত্মায় হয়।

শিষ্য। কিসে জানা যায়?

গুরু। সুষুপ্তি প্রকরণে শ্রুতি আছে—"তদ্‌যত্রৈতৎ সুপ্তঃ সমস্তঃ সম্প্রসন্নঃ স্বপ্নং ন বিজানাত্যাসু তদা নাড়ীষু সৃপ্তো ভবতি (ছাং ৮।৬।৩) (এইরূপে নিদ্রিত ব্যক্তি যে সময়ে সমস্ত ইন্দ্রিয়ের ব্যাপারশূন্য ও সম্পূর্ণ প্রশান্ত হইয়া কোন স্বপ্ন দর্শন করে না, তখন এই সমস্ত নাড়ীর মধ্যে প্রবিষ্ট হয়।) "অথ যদা সুষুপ্তো ভবতি যদা ন কস্যচন বেদ হিতা নাম নাড্যো

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বাসপ্ততিঃ সহস্রাণি হৃদয়াৎ পুরীততমভিপ্রতিষ্ঠন্তে তাভিঃ প্রত্যবসৃপ্য পুরীতভি শেতে" (বৃ ২।১।১৯) (এই বিজ্ঞানময় পুরুষ যে সময়ে সুষুপ্ত হয় সে সময়ে কোন বিষয়ে কিছু জ্ঞান থাকে না, সে সময়ে হিতা নামক যে বাহত্তরহাজার নাড়ী হৃৎপিণ্ড হইতে নির্গত হইয়া পুরীততে—হৃদয়বেষ্টনে অর্থাৎ তদ্বিশিষ্ট শিরাভিমুখে বহির্গত হইয়াছে সেই সমস্ত নাড়ীদ্বারা নির্গত হইয়া সমস্ত শরীরে পরিব্যাপ্ত হইয়া অবস্থান করে)। "যত্রৈতৎ পুরুষঃ স্বপিতি নাম সতা সৌম্য তদা সম্পন্নো ভবতি" (ছা ৬ ৮।১) (পুরুষ যে সময়ে এইরূপে শয়ন করে অথবা জীবপুরুষ যে সময় এই "স্বপিতি" নামে প্রসিদ্ধ হয়, হে সোম্য ! তখন সে সতের অর্থাৎ পরমাত্মার সহিত মিলিত হয়)। "প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তঃ ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্" (বৃ ৪।৩।২১) (প্রাজ্ঞ আত্মার সহিত মিলিত হইয়া জীব বাহ্য এবং আভ্যন্তরিক কোনও বিষয়কে জানিতে পারে না) ইত্যাদি শ্রুতিদ্বারাই জানা যায়। ৩।২।৭

শিষ্য। জীবের প্রবোধ বা জাগরণ কিসে হয় ?

গুরু। যে হেতু পরমাত্মাই জীবাত্মার সুষুপ্তি স্থান সে হেতু পরমাত্মা হইতে জীবাত্মার প্রবোধ বা জাগরণ হয়। ৩।২।৮

শিষ্য। সুষুপ্ত জীবাত্মাই কি প্রবুদ্ধ হয়, না অন্য কেহ প্রবুদ্ধ হয় ?

গুরু। সে-ই প্রবুদ্ধ হয় অর্থাৎ যে জীবাত্মা পরমাত্মায় সুষুপ্ত হইয়া থাকে সে-ই আবার প্রবুদ্ধ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। এইরূপ কিসে জানা যায় ?

গুরু। প্রবুদ্ধ জীবের পূর্ব্বানুষ্ঠিতাবশিষ্টের বা অসম্পূর্ণ কার্য্যের অনুষ্ঠান থাকে এবং যে আমি সুপ্ত ছিলাম এখন সে আমিই প্রবুদ্ধ হইয়াছি এইরূপ প্রত্যভিজ্ঞা থাকে, এ বিষয়ে শ্রুতি ও কর্ম্মবিদ্যাবিধান আছে। ৩।২।৯

শিষ্য। জীবের মূর্চ্ছা অবস্থা কি ?

গুরু। উহা অর্দ্ধ সুষুপ্তি।

শিষ্য। কিসে বুঝিব ?

গুরু। জাগরণাদির সম্ভব না থাকায়ই মূর্চ্ছাকে অর্দ্ধ-সুষুপ্তি বুঝিবে।

শিষ্য। স্পষ্ট বুঝিলাম না।

গুরু। মূর্চ্ছায় বৃত্তিজ্ঞান থাকে না, সুতরাং উহা জাগরণ ও স্বপ্ন নহে, গাত্রকম্পাদি থাকায় পূর্ণ সুষুপ্তি নহে, পুনঃ উত্থান থাকায় মরণও নহে সুতরাং পরিশেষতঃ ইহাকে অর্দ্ধ সুষুপ্তিই বলিতে হয়। ৩।২।১০

শিষ্য। উপাসক জীবাত্মা হইতে উপাস্য পরমাত্মার বিশেষ কি আছে ?

গুরু। পরমাত্মা পরব্রহ্ম পরমেশ্বরের স্থান বিশেষেও অর্থাৎ উপাধি বিশেষেও সবিশেষত্ব নির্বিশেষত্বরূপ অর্থাৎ সগুণত্ব নির্গুণত্বরূপ উভয় ধর্ম্ম নাই।

শিষ্য। কিসে জানিব ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। যে হেতু সর্ব্বত্র অর্থাৎ সকল কালে সকল দেশে ও সকল অবস্থায় সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের একরূপতারই উপদেশ আছে।

শিষ্য। নানারূপতার কি কোথায়ও উপদেশ নাই?

গুরু। না, প্রত্যেক স্থানেই ভিন্নরূপতার কথন নাই, একরূপতারই কথন আছে, কোথায়ও আপাততঃ ভিন্নরূপতার প্রতিপাদন থাকিলেও একরূপতাতেই চরম তাৎপর্য্য। অপিচ কোন কোন শাখীরা ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের নানারূপতার নিষেধ করিয়া একরূপতারই প্রতিপাদন করিয়াছেন। কিঞ্চ ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর অরূপবৎ বা নির্গুণ অর্থাৎ নির্বিশেষই হয়। কেন না, নির্বিশেষে ব্রহ্মেরই শ্রেষ্ঠত্ব আছে অর্থাৎ ব্রহ্ম প্রতিপাদিকা শ্রুতিতে নির্গুণ নির্বিশেষ ব্রহ্মেরই তাৎপর্য্যের অবধারণ থাকায় নির্গুণ ব্রহ্মেরই শ্রেষ্ঠত্ব বুঝিতে হইবে। ৩।২।১১—১৪

শিষ্য। ব্রহ্ম যদি অরূপবৎই হয় তবে ব্রহ্ম রূপবৎ—এতৎ প্রতিপাদক বাক্যসমূহ ব্যর্থ হয় কি?

গুরু। না, ব্যর্থ হয় না, কেন না, ব্রহ্মকে প্রকাশ তুল্যও মানিতে হয় অর্থাৎ রূপবদ্ বাক্য সমূহের নির্বিষয়ত্ব প্রসঙ্গ-নিবৃত্তির নিমিত্ত উপাস্য পরব্রহ্ম রূপবৎ—সাদৃশ্যতঃ এইরূপ মানিতে হয়, অথবা ব্রহ্মকে প্রকাশবৎ অর্থাৎ সগুণও মানিতে হয়, অন্যথা উপাসনাবিধি ব্যর্থ হয়। ৩।২।১৫

শিষ্য। ব্রহ্ম নির্গুণ হইলে উপাসনা বিধি ব্যর্থ হয় কেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। নির্গুণের উপাসনা নাই, উপাসনা সগুণেরই হয়, যদি ব্রহ্মকে কেবল নির্গুণই মানা যায় তবে তাহার উপাসনা সম্ভবে না সুতরাং ব্রহ্মের উপাসনার বিধান নিষ্ফল হইয়া পড়ে, বস্তুতঃ ব্রহ্ম নির্গুণ হইলেও উপাসনার নিমিত্ত তাঁহাকে সগুণও মানিতে হয়।

শিষ্য। অপ্রকাশ ব্রহ্মের প্রকাশবত্ত্ব বা প্রকাশতুল্যত্ব কিরূপে উপপন্ন হয় ?

গুরু। উপাস্য ব্রহ্মকে প্রকাশবৎ বা প্রকাশতুল্যও মানিতে হয়, যেহেতু শাস্ত্রে ব্রহ্ম তন্মাত্র বা প্রকাশমাত্র এইরূপ উপদেশ আছে। অপিচ ব্রহ্ম যে তন্মাত্র বা প্রকাশমাত্র তাহা শ্রুতি ও স্মৃতি হইতে স্পষ্ট প্রকাশিত হইতেছে "তৎশুভ্রং জ্যোতিষাং জ্যোতিঃ" (মু ২।২।১০) (তিনি শুদ্ধ এবং জ্যোতিরও [অগ্ন্যাদিরও] জ্যোতিঃ [প্রকাশক])। "যদতঃ পরো দিবো জ্যোতিঃ (ছা ৩।১৩।৭)" (স্বর্গেরও উপরে যেই জ্যোতিঃ দীপ্ত হইতেছে) "তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাসতেঽমৃতম্" (বৃ ৪।৪।১৬) (দেবগণ আদিত্যাদি জ্যোতিঃপুঞ্জেরও জ্যোতিঃপ্রদ সেই ঈশানকে অমৃত আয়ু বলিয়া উপাসনা করিয়া থাকেন)।

জ্যোতিষামপি তজ্জ্যোতিস্তমসঃ পরমুচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য ধিষ্ঠিতম্॥

(গী ১২।১৭)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতএব সূর্য্যাদির সহিত ব্রহ্মের উপমা বা সাদৃশ্য প্রদর্শিত হইয়াছে। যথা "বেদাহমেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ" (যজুঃ ৩১।১৮)

অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো জ্যোতিরিবাধূমকঃ (কঠ ২।১।১৩) (সেই অঙ্গুষ্ঠমাত্র পুরুষই নির্ধূম জ্যোতির ন্যায় উজ্জ্বল)।

"যথা প্রকাশয়ত্যেকঃ কৃৎস্নং লোকমিমং রবিঃ।
ক্ষেত্রং ক্ষেত্রী তথা কৃৎস্নং প্রকাশয়তি ভারত ॥

(গী ১৩।৩৩) (হে অর্জ্জুন! এক সূর্য্য যেরূপ সকল লোককে [ভুবনকে] প্রকাশিত করে সেরূপ একক্ষেত্রী [আত্মা] এই ক্ষেত্র সমূহকে প্রকাশিত করে)। ৩।২।১৬—১৮

শিষ্য। ব্রহ্মকে যদি সূর্য্যাদির তুল্যই মানা যায় তবে তাঁহাকে সূর্য্যাদির ন্যায় পরিচ্ছিন্নও মানা যায় কি?

গুরু। না, উপাস্য ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরের সূর্য্যাদির ন্যায় পরিচ্ছিন্নত্ব নাই, কেন না, জলে সূর্য্যাদির প্রতিবিম্বের ন্যায় ব্রহ্মের প্রতিবিম্ব দেখা যায় না অর্থাৎ জলে যেরূপ পরিচ্ছিন্ন সূর্য্যাদির প্রতিবিম্ব দৃষ্ট হয় সেরূপ অপরিচ্ছিন্ন ব্রহ্মের প্রতিবিম্ব দেখা যায় না সুতরাং সূর্য্যাদির তুল্য ব্রহ্ম পরিচ্ছিন্ন নহে। ৩।২।১৯।

শিষ্য। ব্রহ্ম যদি অপরিচ্ছিন্ন সর্ব্বগতই হন অর্থাৎ সর্ব্বব্যাপক বা সমস্তেই থাকেন তবে তত্তৎপদার্থের হ্রাস বৃদ্ধি নিবন্ধন ব্রহ্মেরও হ্রাসবৃদ্ধির প্রসঙ্গ হয় না কেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। ব্রহ্ম সর্ব্বপদার্থে বিদ্যমান থাকিয়াও তত্তৎপদার্থের বৃদ্ধি ও হ্রাস প্রাপ্তিতে বৃদ্ধি ও হ্রাস প্রাপ্ত হয় না, কেন না, ব্রহ্মব্যতিরিক্ত পরিচ্ছিন্ন বস্তুতেই বৃদ্ধি ও হ্রাসের সম্ভব হয়—অপরিচ্ছিন্ন ব্রহ্মে তাহার সম্ভব হয় না, এবং এইরূপ শাস্ত্রেও দেখা যায়, যথা—"সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষুর্ণ লিপ্যতে চাক্ষুষৈর্বাহ্যদোষৈঃ একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ (কঠ ২।২।১১) (যেমন একই সূর্য্য সর্ব্বলোকের চক্ষু অর্থাৎ নিয়ন্তৃরূপে চক্ষুর অভ্যন্তরস্থ হইয়াও চক্ষুঃসম্বন্ধী বাহ্যপদার্থগত দোষে লিপ্ত হন না তেমনই সর্ব্বভূতের অন্তরাত্মা এক হইয়াও লোকদুঃখে লিপ্ত বা সম্বদ্ধ হন না, কারণ, তিনি বাহ্য অর্থাৎ অসঙ্গ স্বভাব। "সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্যাধিপতিঃ স ন সাধুনা কর্ম্মণা ভূয়ান্ ন এব অসাধুনা কনীয়ান্" (বৃ ৪।৪।২২) (যে আত্মা সকলের বশীকর্ত্তা সকলের অধিপতি ও সকলের ঈশ্বর সে আত্মা উত্তম কর্ম্মদ্বারা বৃদ্ধি প্রাপ্ত হয় না এবং নিকৃষ্ট কর্ম্মদ্বারাও হীন হয় না)। ৩।২।২০—২১।

শিষ্য। "অথাতো আদেশো নেতি নেতি" (বৃ ২।৩।৬) (অতঃপর এই হেতু "নেতি নেতি"—ইহাই ব্রহ্মের আদেশ) ইহাদ্বারা কি ব্রহ্মের প্রতিষেধ করা হইয়াছে?

গুরু। না, ব্রহ্মের সত্তার প্রতিষেধ নাই তবে তাহার ইয়ত্তাবচ্ছিন্নত্ব মূর্ত্তামূর্ত্তলক্ষণ রূপাত্মকত্বেরই প্রতিষেধ করা হইয়াছে। কেন না, অনন্তরই মূর্ত্তামূর্ত্তভিন্নত্বে ব্রহ্মের প্রতিপাদন আছে। ৩।২।২২।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ব্রহ্ম কিরূপ ?

গুরু। সেই ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বর অব্যক্ত অর্থাৎ ইন্দ্রিয়াদির অগ্রাহ্য, এইরূপ শাস্ত্র আছে যথা—"নৈব বাচা ন মনসা প্রাপ্তুং শক্যো ন চক্ষুষা" (কঠ ২।৩।১২) (আত্মা বাক্যদ্বারা মনের দ্বারা বা চক্ষুদ্বারাও প্রাপ্তিযোগ্য নহে)। "যত্তদদ্রেশ্যমগ্রাহ্যম্" (মু ১।১।৬) (সেই যে অদৃশ্য এবং অগ্রাহ্য)। "ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচা নান্যৈর্দেবৈস্তপসা কর্ম্মণা বা" (মু ৩।১।৮) (সেই আত্মাকে চক্ষুদ্বারা গ্রহণ করা যায় না কিংবা বাক্যদ্বারা গ্রহণ করা যায় না অথবা অপরাপর ইন্দ্রিয়দ্বারাও গ্রহণ করা যায় না—এবং তপস্যা কিংবা অগ্নিহোত্রাদি কর্ম্ম-দ্বারাও গ্রহণ করা যায় না) "অব্যক্তোঽক্ষর ইত্যুক্তঃ" (গী ৮।২১) (তিনি অব্যক্ত এবং অক্ষর বলিয়া কথিত হইয়া থাকেন) ৩।২।২৩

শিষ্য। ব্রহ্ম যদি অব্যক্তই হয় তবে তাহাকে জানিবার জন্য যে সকল উপদেশ আছে সে সকল কিরূপে সার্থক হয় ?

গুরু। ব্রহ্ম অব্যক্ত হইলেও সম্যক্ আরাধনা অর্থাৎ দীর্ঘকাল নিরন্তর সৎকার পূর্ব্বক আসেবন এবং শ্রবণ মনন নিদিধ্যাসন দ্বারা আরাধনা করিলে তাহাকে জানা যায়; শাস্ত্রে এইরূপ উপদেশ আছে, যথা—"যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ তস্যৈষ আত্মা বিবৃণুতে তনূং স্বাং" (কঠ ১।২।২৩) (এই ঈশ্বর আরাধিত হইয়া যাহাকে বরণ করেন অর্থাৎ আত্মদর্শনের উপযুক্ত পাত্র বলিয়া স্বীকার করেন তিনিই তাহাকে লাভ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতে পারেন, কারণ তিনি (ঈশ্বর) তাহার নিকটেই স্বীয় প্রকৃত স্বরূপ বিবৃত বা প্রকটিত করেন)। "জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধসত্ত্বস্ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ" (মু ৩।১।৮) (জ্ঞানের প্রসন্নতা দ্বারা শুদ্ধচিত্ত হইয়া তৎপরে ধ্যান করিতে করিতে সেই নিষ্কল আত্মাকে দর্শন করিয়া থাকে) "যদাত্মতত্ত্বেন তু ব্রহ্মতত্ত্বং দীপোপমেনেহযুক্তঃ প্রপশ্যেৎ" (শ্বে ২।৫) (যুক্ত হইয়া অর্থাৎ যোগ করিতে করিতে দীপোপম আত্মতত্ত্বের দ্বারা ব্রহ্মতত্ত্বকে দর্শন করিবে) "সূক্ষ্মতাং চান্ববেক্ষেত যোগেন পরমাত্মনঃ" (মনু ৬।৬৫) (যোগের দ্বারা পরমাত্মার দুর্জ্ঞেয়ত্বকে জানিবে)। ৩।২।২৪।

শিষ্য। ব্রহ্মজ্ঞানের নিমিত্ত কি কেবল সম্যক্ আরাধনাই অপেক্ষণীয় না আরও কিছু আছে?

গুরু। যেরূপ প্রকাশের সহিত প্রকাশের, জলের সহিত জলের অবৈশেষ্য আছে অর্থাৎ বিশেষ নাই সেরূপ ব্রহ্মের সহিত মুমুক্ষুর ব্রহ্মদর্শনার্থ অবৈশেষ্য বা অভেদজ্ঞান অপেক্ষণীয় হয় অর্থাৎ আমি ব্রহ্ম এইরূপ চিন্তনেরও অপেক্ষা আছে। ৩।২।২৫

শিষ্য। এই অবৈশেষ্য বা অভেদজ্ঞান কিসে উৎপন্ন হয়?

গুরু। আরাধনার অভ্যাসে অর্থাৎ পুনঃ পুনঃ অনুষ্ঠানে অভেদজ্ঞান উৎপন্ন হয়।

শিষ্য। তাহাতে ব্রহ্মের দর্শন কিরূপে হয়?

গুরু। অবৈশেষ্যে অর্থাৎ অভেদজ্ঞানে যোগিগণের নির্বিকল্পক সমাধিতে ব্রহ্মের অনন্তরূপে অপরিচ্ছিন্নরূপে দর্শন হয়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এইরূপ মন্ত্রও পাওয়া যায়। ৩।২।২৫—২৬

শিষ্য। জগৎকারণ ব্রহ্ম কি জ্ঞানস্বরূপ কিংবা জ্ঞানাশ্রয়?

গুরু। যেরূপ কুণ্ডলস্বরূপ সর্প কুণ্ডল ও কুণ্ডলী এই উভয়রূপে লোকে অবগত হয় সেরূপ জ্ঞানস্বরূপ ব্রহ্মও জ্ঞান ও জ্ঞানাধিকরণ এই উভয়রূপে অবগত হয়, কেন না, উভয়রূপেই প্রতিপাদন আছে, যথা—"যো বিশ্বাভিপশ্যতি" (ঋ ৩।৪।১০।৯) (যিনি সকলকে দর্শন করিয়া থাকেন) "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ" (মু ১।১।৯) (যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্ববিৎ)। "স বিশ্বকৃৎ বিশ্ববিৎ" (শ্বে ৬।১১) (তিনি বিশ্বকর্ত্তা ও বিশ্বজ্ঞ)। "প্রজ্ঞানং ব্রহ্ম" (ঋ ৩।১) (ব্রহ্ম প্রজ্ঞানস্বরূপ)। "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" (তৈ ২।১) (ব্রহ্ম সত্য, জ্ঞান ও অনন্তস্বরূপ)। "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" (বৃ ৩।৯।২৮) (ব্রহ্ম বিজ্ঞান ও আনন্দস্বরূপ)।

শিষ্য। ইহা কিরূপে সম্ভবে?

গুরু। তেজ যেমন প্রকাশস্বরূপ হইয়াও প্রকাশ্য-সম্বন্ধে প্রকাশক অর্থাৎ প্রকাশাশ্রয় হয় ব্রহ্মও সেরূপ জ্ঞানস্বরূপ হইয়াও জ্ঞেয়-সম্বন্ধে জ্ঞাতা বা জ্ঞানাশ্রয় হয়। অথবা জীবাত্মা যেরূপ জ্ঞানস্বরূপ হইয়াও বুদ্ধির সম্বন্ধে জ্ঞানাশ্রয় হয় সেইরূপ ব্রহ্ম জ্ঞানস্বরূপ হইয়াও নিখিল জগতের সম্বন্ধে জ্ঞাতা জ্ঞানাশ্রয় হয়।

শিষ্য। ব্রহ্মকে জ্ঞানাশ্রয়ই মানা যায় কি?

৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। না; ব্রহ্ম বস্তুতঃ জ্ঞানস্বরূপই, জ্ঞানাশ্রয় নহে, কেন না, "সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ" (শ্বে ৬।১১) ইত্যাদি শ্রুতিতে তাহার গুণগুণিভাবের নিষেধ আছে। ফলতঃ বাক্য ও মনের অতীত ব্রহ্ম যে কিরূপ তাহা ব্রহ্মই জানেন। ৩।২।২৭—৩০

শিষ্য। ব্রহ্ম সকল জগতের পর বা ভিন্ন বা শ্রেষ্ঠ—ইহা বুঝিলাম, ব্রহ্ম হইতে পর বা ভিন্ন বা শ্রেষ্ঠ কেহ আছে কি?

গুরু। না, ব্রহ্মের পর বা ভিন্ন বা শ্রেষ্ঠ কিছুই নাই।

শিষ্য। ইহা কিসে জানা যায়?

গুরু। "তস্মাদ্ধান্যন্ন পরঃ কিঞ্চ নাস" (ঋ ৮।৭।১৭।২) (তাহা হইতে কিছুই আর পর বা শ্রেষ্ঠ নাই)। "পুরুষান্ন পরং কিঞ্চিৎ" (কঠ ৩।১১) (পুরুষ অপেক্ষা আর কিছুই পর বা শ্রেষ্ঠ নাই)। "যস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ" (শ্বে ৩।৯) (যাহা হইতে অপর কিছুই পর অর্থাৎ শ্রেষ্ঠ নাই)। "ন তস্য কিঞ্চিৎ পতিরস্তি লোকে" (শ্বে ৬।৯) (লোকে তাহার পতি অর্থাৎ অধিষ্ঠাতা আর কেহই নাই) ইত্যাদি শাস্ত্রদ্বারাই জানা যায়; অপি চ ব্রহ্মভিন্নের প্রতিষেধ আছে, সুতরাং ব্রহ্মের পর বা ভিন্ন কিছুই নাই।

শিষ্য। ইহাদ্বারা কি জানিব?

গুরু। ব্রহ্মান্যের বা ব্রহ্মভিন্নের প্রতিষেধদ্বারা ব্রহ্মের সর্ব্বগতত্ব জানিবে। ব্রহ্ম যে সর্ব্বগত সর্ব্বসাক্ষী এরূপ শাস্ত্র আছে, যথা—"পরো দিবা পর এনা পৃথিব্যাঃ" (ঋ ৮।৩।১৭।৫)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"এতাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পুরুষঃ" (ঋ ৮।৪।১৭।৩) "জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ানন্তরীক্ষাৎ জ্যায়ান্ দিবো জ্যায়ানেভ্যো লোকেভ্যঃ" (ছাং ৩।১৪) (এই আত্মা পৃথিবী অপেক্ষা অতিশয় মহান, অন্তরীক্ষ হইতে অতিশয় মহান্ এবং দ্যুলোক হইতেও অতিশয় মহান্ এবং এই সমস্ত লোক অপেক্ষাও অতিশয় মহান্)। "জ্যায়ান্ দিবো জ্যায়ানাকাশাৎ" (শত ১০।৬।৩।২) (দ্যুলোক হইতে মহান্ এবং আকাশ হইতেও বৃহত্তর)। "স ওতঃ প্রোতশ্চ বিভুঃ প্রজাসু" (যজুঃ ৩২।৮) "নিত্যং বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং (মু ১।১।৬), (নিত্য বিভু সর্ব্বব্যাপী ও অতিসূক্ষ্ম)। "তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যতঃ" (যজুঃ ৪০।৫) "সর্ব্বব্যাপিনমাত্মানং ক্ষীরে সর্পিরিবার্পিতম্" (শ্বে ১।১৬) (দুগ্ধে পরিব্যাপ্ত ঘৃতের ন্যায় আত্মাও সর্ব্বব্যাপী) "তেনেদং পূর্ণং পুরুষেণ সর্ব্বং" (শ্বে ৩।৯) (সেই পুরুষ কর্ত্তৃক এই সমস্তই পূর্ণ অর্থাৎ ব্যাপ্ত)—ইত্যাদি বহু শাস্ত্রই আছে।

শিষ্য। ব্রহ্ম যদি বিভুই হয় ও সর্ব্বগতই হয় এবং ব্রহ্ম-ভিন্ন কিছুই না থাকে তবে "অথ য আত্মা স সেতুর্বিধৃতিঃ (ছাং ৮।৪।১) (সেই আত্মা বিধৃতি অর্থাৎ বিশেষরূপে ব্যবস্থা-কারক সেতুস্বরূপ ইত্যাদি শ্রুতি ব্রহ্মের সেতুত্ব প্রতিপাদন করে কেন?

গুরু। ব্রহ্ম বস্তুতঃ সেতু নহে তবে সেতুর ন্যায় মর্য্যাদা-বিধারক বলিয়াই ব্রহ্মের সেতুত্বে ব্যপদেশ আছে, যথা—"অথ য আত্মা স সেতুর্বিধৃতিরেষাং লোকানামসম্ভেদায়" (ছাং ৮।৪।১)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(যাহা পূর্ব্বোক্ত আত্মা তাহাই এই সমস্ত লোকের বা জগতের অসম্ভেদের জন্য বিধৃতি অর্থাৎ বিশেষরূপে ব্যবস্থা-কারক সেতু-স্বরূপ)। "এষ সর্ব্বেশ্বর এষ ভূতাধিপতিঃ এষ ভূতপালঃ এষ সেতুর্বিধরণঃ এষাং লোকানামসম্ভেদায়" (বৃ ৪।৪।২২) (ইনি সকলের ঈশ্বর, ইনি ভূতাধিপতি, ইনি সর্ব্বভূতের পালক এবং ইনিই সমস্ত জগতের সাঙ্কর্য্য নিবারণের জন্য জগদ্বিধারক সেতুস্বরূপ)।

শিষ্য। ব্রহ্ম অপরিচ্ছিন্ন—এই যদি হয় তবে "পাদোঽস্য বিশ্বাভূতানি ত্রিপাদোঽস্যামৃতন্দিবি (ঋ ৮।৪।১৭।৩) "ব্রহ্মণশ্চ তে পাদং ব্রবাণি" (ছা ৪।৫।২) (ঋষভ তাহাকে বলিলেন হে সত্যকাম! তোমাকে পরব্রহ্মের পাদ অর্থাৎ অংশ বলিতে চাই।)—ইত্যাদি শাস্ত্র ব্রহ্মের উন্মানব্যপদেশ করে কেন?

গুরু। উহা বুদ্ধ্যর্থ অর্থাৎ জ্ঞানের জন্য বা উপাসনার জন্য; যেরূপ পাদরহিত কার্ষাপণ প্রভৃতিতে বুঝিবার নিমিত্ত লৌকিক পাদব্যপদেশ হয় সেরূপ জ্ঞানার্থ উন্মানব্যপদেশ হয়।

শিষ্য। যদি ব্রহ্ম ভিন্ন কিছু না-ই থাকে তবে "পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণ অভিনিষ্পদ্যতে" (ছাং ৮।১২।৩) (পরজ্যোতি পরমাত্মাকে লাভ করতঃ স্বস্বরূপে পরিনিষ্পন্ন হয়) ইত্যাদি দ্বারা প্রাপ্যপ্রাপকত্বরূপ সম্বন্ধের ব্যপদেশ কেন?

গুরু। পরমাত্মা ও জীবাত্মার প্রাপ্যপ্রাপকত্বলক্ষণ সম্বন্ধের উপপত্তি হওয়ায়ই সেরূপ ব্যপদেশ আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ব্রহ্ম ভিন্ন যদি কিছুই না থাকে তবে "স তু তৎপদমাপ্নোতি যস্মাৎ ভূয়ো ন জায়তে" (কঠ ৩।৮) (সেই রথীই সেই পদ প্রাপ্ত হন, যে পদ হইতে চ্যুত হইয়া পুনর্ব্বার আর জন্মধারণ করিতে হয় না)। "সোঽধ্বনঃ পারমাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্" (কঠ ৩।৯) (তিনি সংসার গতির পরিসমাপ্তিরূপ সর্ব্বব্যাপী বিষ্ণুর সেই প্রসিদ্ধ পদ প্রাপ্ত হন, অর্থাৎ বিষ্ণুস্বরূপ প্রাপ্ত হইয়া সংসার হইতে বিযুক্ত হন) "পরাৎপরং পুরুষমুপৈতি দিব্যম্" (মু ৩।২।৮) (পরাৎপর সেই দিব্যপুরুষকে প্রাপ্ত হয়) ইত্যাদি ভেদব্যপদেশ কেন?

গুরু। উহাও সম্ভব হওয়ায়ই হয়। ৩।২।৩১—৩৭

শিষ্য। জীবের শুভাশুভ কর্ম্মের সুখদুঃখাদিরূপ ফলের দাতা কে?

গুরু। ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরই কর্ম্মফল দাতা, কেন না, ব্রহ্ম হইতেই ফলের উপপত্তি হয়, শাস্ত্রেও আছে "যদঙ্গদাশুষে ত্বমগ্নে ভদ্রং করিষ্যসি ভবেৎ তৎ সত্যমঙ্গিরঃ (ঋ ৮ ১।৫।১) "অহং দধামি দ্রবিণং হবিষ্মতে" (ঋ ৮।৭।১১।২) "অহং দাশুষে বিভজামি ভোজনং (ঋ ৮।১।৫।১) "কর্ম্মাধ্যক্ষঃ" (শ্বে ৬।১১) (তিনিই কর্ম্মাধ্যক্ষ অর্থাৎ কর্ম্মফল দাতা)। ৩।২।৩৮—৩৯

শিষ্য। এ বিষয়ে আচার্য্যদিগের মতভেদ আছে কি?

গুরু। আছে; জৈমিনি আচার্য্যের মতে ধর্ম্মই কর্ম্মফলপ্রদাতা, আর বাদরায়ণের মতে পরমাত্মা ব্রহ্ম পরমেশ্বরই কর্ম্মফলপ্রদাতা। ৩।২।৪০—৪১ (৩।২। সমাপ্ত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ভগবন্! আপনার কৃপায় ব্রহ্মগোচর বিবেক অবগত হইয়াছি, এখন ব্রহ্মোপাসনা বিষয়ক বিবেক অবগত হইতে ইচ্ছা করি।

গুরু। ব্রহ্মোপাসনাই নিখিল বেদান্তবিধির বিষয়, ইহা অবিশিষ্ট অর্থাৎ সর্ব্বত্র সমান বা এক, কেন না, বিধ্যাদির অর্থাৎ বিধায়কশাস্ত্রের বা ফলের কোন বিশেষ বা ভেদ নাই। সার কথা এই—ভিন্ন ভিন্ন বেদান্তে ভিন্ন ভিন্ন উপাসনার কথন আছে বটে পরন্তু সেই সকলই ব্রহ্মের অবশিষ্ট বা সমান বা এক উপাসনা, কারণ, উহাতে বিধায়ক শব্দের ও ফলের ভিন্নত্বের প্রতিপাদন নাই। ৩।৩।১

শিষ্য। বেদান্তের উপাসনার ও তাহার প্রকারের যখন ভেদ আছে তখন ব্রহ্মোপাসনা কিরূপে সমান বা এক হয়?

গুরু। প্রকারাদির ভেদ থাকিলেও সর্ব্বত্রই ব্রহ্মোপাসনা সমান বা একই, একেও প্রকারাদি ভেদের উপপত্তি হয়। ৩।৩।২

শিষ্য। বেদান্তভেদে ব্রহ্মোপাসনার ভেদ না হউক—ধর্ম্মভেদে ত ভেদ হওয়া উচিত। অথর্ব্বনিকেরা মুণ্ডকে ব্রহ্মবিদ্যার ধর্ম্ম শিরোব্রত বলিয়া থাকে আর বাজসনেয়ী, কঠ ও ছন্দোগেরা তাহা বলে না।

গুরু। শিরোব্রত ধর্ম্মটী উপাসনার ভেদক নহে, কেন না, উহা উপাসনার অঙ্গ নহে, উহা মুণ্ডকাধ্যয়নেরই অঙ্গ—অর্থাৎ শিরোব্রত না করিলে মুণ্ডক অধ্যয়নের অধিকারী হইতে পারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না সুতরাং ব্রহ্মোপাসনায় কোন বিশেষ নাই। শাস্ত্রে ব্রহ্মোপাসনার অবিশিষ্টত্ব বা একত্ব প্রতিপাদন হইয়াছে। ৩।৩।৩—৪

শিষ্য। বুঝিলাম, প্রতি বেদান্তেই ব্রহ্মোপাসনা অবিশিষ্ট বা সমান বা এক—এই সাম্য বা একত্ব নির্দ্ধারণের প্রয়োজন কি?

গুরু। প্রয়োজন এই—কোনও এক উপাসনায় কোনও গুণের উল্লেখ থাকিলে অন্য উপাসনায় তাহার উপসংহার বা সম্বন্ধ বুঝিতে হইবে। ৩।৩।৫

শিষ্য। শ্রুতিতে ত ব্রহ্মোপাসনারই বিধি আছে, তবে আর গুণের উপসংহার কেন?

গুরু। ব্রহ্ম আর তাহার গুণের পরমার্থতঃ কোন ভেদ নাই, সুতরাং ব্রহ্মোপাসনায় ব্রহ্মের গুণের উপসংহার কর্ত্তব্যই হয়। ৩।৩।৬

শিষ্য। প্রকরণের যখন ভেদ আছে তখন এক প্রকরণোক্ত গুণের প্রকরণান্তরে উপসংহার কি কারণে হয়?

গুরু। কারণ উপাস্যের ভেদ না থাকা অর্থাৎ প্রকরণ ভিন্ন বটে কিন্তু উপাস্য ব্রহ্ম ত আর ভিন্ন নহে, সুতরাং উপাস্যের বিশেষ না থাকায় গুণোপসংহার কর্ত্তব্য। ৩।৩।৭

শিষ্য। ব্রহ্ম ও বৈশ্বানর প্রভৃতি সংজ্ঞার ভেদে উপাসনার ভেদ হওয়া উচিত সুতরাং একত্রোক্ত গুণের উপসংহার অন্যত্র কর্ত্তব্য নহে—ইহা বলিতে পারি কি?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। না, তাহা বলিতে পার না, কেন না, সংজ্ঞা ভিন্ন ভিন্ন হইলেও সকলেরই তাৎপর্য্য এক ব্রহ্মেই অন্যে নহে, কোন স্থলে সংজ্ঞার একত্বও আছে। ৩।৩।৮

শিষ্য। হৃদয়াদিত্য প্রভৃতি স্থানভেদে ভিন্ন হওয়া উচিত নহে কি ?

গুরু। না, ব্রহ্মের ব্যাপকত্ব বা ব্যাপ্তি সর্ব্বত্রই আছে, সুতরাং স্থানের ভেদে উপাসনার ও উপাস্যের ভেদ মানা উচিত নহে। ৩।৩।৯—১০

শিষ্য। ব্রহ্মের কি কি গুণ আছে—যাহার অন্যত্র উপসংহার করিতে হয় ?

গুরু। আনন্দ প্রভৃতি, তাৎপর্য্য এই—কোন উপাসনায় আনন্দ প্রভৃতির উল্লেখ থাকিলে অন্যত্রও তাহার উপসংহার করিতে হয়। ৩।৩।১১

শিষ্য। প্রিয়শিরস্ত্ব প্রভৃতি গুণের উপসংহার আছে কি না ?

গুরু। না, কেন না, ভেদ বা নানাত্মকত্ব থাকিলেই উপচয় অপচয় এই উভয় সম্ভবে কিন্তু ব্রহ্মের ত নানাত্মকত্ব নাই, তবে আর তৎসূচক গুণের উপসংহার বিফল। ৩।৩।১২

শিষ্য। তবে প্রিয়শিরস্ত্বাদির ন্যায় আনন্দাদিরও উপসংহার না হউক ?

গুরু। তাহা নহে, ব্রহ্মের প্রতীতিতে আনন্দাদির প্রতীতি হয় অর্থাৎ যে স্থানে ব্রহ্মের উপাসনা হয় সে স্থানে অবর্জ্জনীয় বলিয়া আনন্দাদির প্রতীতি হয়। ৩।৩।১৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধিঃ বুদ্ধেরাত্মা মহান্ পরঃ॥
মহতঃ পরমব্যক্তং অব্যক্তাৎ পুরুষঃ পরঃ।
পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ॥"

(কঠ ৩।১০—১১) (ইন্দ্রিয় হইতে অর্থ পর অর্থাৎ শ্রেষ্ঠ, অর্থ হইতে মন শ্রেষ্ঠ, মন অপেক্ষা বুদ্ধি শ্রেষ্ঠ, মহান্ ইন্দ্রিয়াধীশ্বর আত্মা (জীব) বুদ্ধি হইতেও শ্রেষ্ঠ, পরমাব্যক্ত (প্রকৃতি) পূর্ব্বোক্ত বুদ্ধিতত্ত্ব হইতেও শ্রেষ্ঠ এবং অব্যক্ত হইতেও পুরুষ পর, কিন্তু পুরুষ অপেক্ষা আর কিছুই পর নাই, তিনিই কাষ্ঠা অর্থাৎ চরম সীমা এবং সেই পুরুষই জীবের পরা গতি অর্থাৎ সর্ব্বোত্তম গন্তব্য স্থান) এতদুক্ত পুরুষমাত্রপরত্বই ব্রহ্মোপাসনায় সম্যক্ দর্শনার্থ উপসংহর্ত্তব্য হয়, প্রত্যেকপরত্ব নহে, কেন না, উহাদের প্রয়োজন নাই; বিশেষতঃ বাক্যশেষে "এষ সর্ব্বেষু ভূতেষু গূঢ়োত্মা ন প্রকাশতে" (কঠ ৩.১২) (ইনি সর্ব্বভূতের অভ্যন্তরে গূঢ়ভাবে নিহিত থাকায় প্রকাশ পান না, অথবা সকলের নিকট প্রকাশ পান না) এই আত্মার গূঢ়ত্বপ্রতিপাদক বাক্যশেষে আত্মশব্দের উল্লেখ আছে। ৩।৩।১৪—১৫

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। "অকামো বীরোঽমৃতঃ স্বয়ম্ভূ রসেন তৃপ্তো ন কুতশ্চনো নঃ। তমেব বিদ্বান্ ন বিভায় মৃত্যোরাত্মানং ধীরমজরং যুবানম্॥" (অথ ১০।৪।৮) এই অথর্ব্বাঙ্গিরস মন্ত্রে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মশব্দে পরমাত্মারই গ্রহণ হয়, কেন না, পরমন্ত্রে ইন্দ্রশব্দে প্রকৃত পরমাত্মারই গ্রহণ হইতেছে। যেরূপ অন্যত্র আত্মশব্দে পরমাত্মার গ্রহণ হয় এস্থানেও সেরূপই। ৩।৩।১৬

শিষ্য। জীবাত্মার সম্বন্ধ থাকায় তথায় জীবাত্মার গ্রহণ হইতে পারে কি ?

গুরু। না, তাহা হয় না, কেন না, তথায় জন্মমরণ-প্রবাহ-ভয়ের অভাবের অবধারণ আছে, উহা পরমাত্মজ্ঞানব্যতীত সম্ভবে না। ৩।৩।১৭

শিষ্য। আর কোন গুণের উপসংহার আছে ?

গুরু। অপূর্ব্বত্ব বা অনাদিত্ব গুণের উপসংহার আছে অর্থাৎ ব্রহ্ম অপূর্ব্ব বা অনাদি এইরূপ জানা উচিত, কেন না, কার্য্যের আখ্যান আছে অর্থাৎ নিখিল জগৎ ব্রহ্মের কার্য্য এইরূপ প্রতিপাদন আছে, যাহা সমস্ত কার্য্যের মূল কারণ তাহার অপূর্ব্বত্ব বা অনাদিত্ব অবশ্যই স্বীকার্য্য। ৩।৩।১৮

শিষ্য। আর কি গুণের উপসংহার আছে ?

গুরু। অনপরত্ব, অর্থাৎ অপূর্ব্বত্বের সমান ব্রহ্মের অনপরত্বও উপসংহৃত হয়, অর্থাৎ ব্রহ্ম যেরূপ অপূর্ব্ব বা অনাদি সেরূপ অনপর অর্থাৎ তাহার পর আর কেহ নাই। ৩।৩।১৯

শিষ্য। অনপরত্বাদিগুণের ন্যায় দেশবিশেষনিবাসিত্ব প্রভৃতি গুণের সম্বন্ধ থাকায় তাহাদের উপসংহার আছে কি ?

গুরু। না, কেন না, বিশেষ বা বৈলক্ষণ্য আছে, ঋষি ব্রহ্ম ও তদ্গুণের যাথাত্ম্যতঃ জ্ঞাপনে শ্রুতির বিশেষ দেখাইতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বস্তুতঃ তথায় দেশবিশেষনিবাসিত্বাদি গুণের সম্বন্ধ বা বিদ্যমানতা আছেই, যথায় যাহার সম্বন্ধ বা বিদ্যমানতা আছেই তথায় আর তাহার উপসংহারের প্রয়োজন থাকে না। ৩।৩।২০—২২

শিষ্য। আর কি গুণের উপসংহার আছে?

গুরু। সম্ভৃতি অর্থাৎ জগতে সৃষ্টিরক্ষণ সংহারশক্তির ধারণ এবং দ্যুব্যাপ্তি অর্থাৎ দ্যুপর্য্যন্ত সর্ব্বলোকব্যাপকত্ব—এই দুই গুণের উপসংহার আছে। ৩।৩।২৩

শিষ্য। সকল উপাসনায় সকল গুণেরই কি উপসংহার আছে?

গুরু। না, সর্ব্বত্র সকল গুণের উপসংহার নাই, অর্থাৎ যে উপাসনায় যে গুণের উল্লেখ নাই সে উপাসনায় সে গুণেরই উপসংহার করিতে হয় আর যে সকল গুণের উল্লেখ আছে সে সকল গুণের উপসংহারের প্রয়োজন নাই, সুতরাং সকল উপাসনায় সকল গুণের উপসংহার হয় না। ৩।৩।২৪

শিষ্য। ব্রহ্মোপাসনায় কি কি গুণের উপসংহার নাই?

গুরু। বেধকত্ব প্রভৃতি গুণের উপসংহার নাই, কেন না, উহার অর্থ বা ফল ভিন্ন, সুতরাং প্রয়োজন নাই। ৩।৩।২৫

শিষ্য। উপাসনাদ্বারা উপাসক ব্রহ্মদর্শী হইলে তাঁহার কি পাপমাত্রেরই হানি হয়, কিম্বা পাপ-পুণ্য—এই উভয়েরই হানি হয়?

গুরু। ব্রহ্মদর্শী বা ব্রহ্মজ্ঞ পুরুষের পাপ-পুণ্য—এই উভয়েরই হানি হয়, কেন না, তাঁহার পরলোকে ভোগদ্বারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতিক্রমের যোগ্য কিছুই থাকে না। এ বিষয়ে "তথা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয় নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি" (মু ৩।১।৩) (তখন সেই বিদ্বান্ পুণ্য ও পাপ পরিত্যাগ পূর্ব্বক নির্লেপ হইয়া ব্রহ্মের সহিত নিরতিশয় সাম্য অর্থাৎ অভেদভাব প্রাপ্ত হন)। "তৎ সুকৃতদুষ্কৃতে ধুনুতে" (কৌ ১।৪) (তিনি পুণ্য ও পাপ—এই উভয়কে বিতাড়িত করেন) ইত্যাদি শ্রুতি আছে।

শিষ্য। তবে "অশ্ব ইব রোমাণি বিধূয় পাপম্" (ছা ৮।১৩।১) অশ্ব যেমন রোমরাশি কম্পিত করে তেমনি পাপ অপনীত করিয়া (ইত্যাদি)—এই শ্রুতিতে যে পাপমাত্রের হানির কথা আছে, উহার উপপত্তি কিরূপে হয়?

গুরু। পাপশব্দ পাপপুণ্য—এই উভয়পর অন্যথা মুণ্ডকের সহিত ছান্দোগ্যের বিরোধ হয়, পরন্তু শ্রুতির বিরোধ স্বীকার্য্য নহে।

শিষ্য। ঠিক বুঝিতেছি না।

গুরু। শ্রবণ কর, মুণ্ডকে পাপপুণ্য এই উভয়েরই হানির কথা আছে, আর ছান্দোগ্যে কেবল পাপের হানির কথা আছে, এই উভয়ের বিরোধভঞ্জনের নিমিত্ত ছান্দোগ্যে যে পাপশব্দ আছে তাহার অর্থ পাপপুণ্য এই উভয় বলিতে হয় তাহা হইলে আর বিরোধ থাকে না। ৩।৩।২৬—২৮

শিষ্য। যদি ব্রহ্মোপাসকের পুণ্যপাপ—এই উভয়েরই হানি দ্বারা এস্থলেই ব্রহ্মপ্রাপ্তির সম্ভব হয় তবে দেবযানে যে গতির কথা আছে তাহার সার্থকত্ব বা সাফল্য কিরূপে সম্ভবে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। ব্রহ্মোপাসকদিগের দেবযান পথে শ্রূয়মাণ গতির সার্থকত্ব বা সাফল্য আছে, কেন না, গতিমত্ত্ব ও অগতিমত্ত্ব—এই উভয় প্রকারেই উপাসনার অঙ্গীকার আছে।

শিষ্য। এই উভয় প্রকারে উপাসনার অঙ্গীকার কেন?

গুরু। উভয় প্রকারে উপাসনার অঙ্গীকার না করিলে শ্রুতির বিরোধ উপস্থিত হয়।

শিষ্য। বিরোধে হানি কি?

গুরু। বিরোধ থাকিলে উহাতে অন্যতরের অপ্রামাণ্যের আশঙ্কা হয়। ৩।৩।২৯

শিষ্য। যে ব্রহ্মোপাসকের ব্রহ্মসাক্ষাৎকার হয় নাই তাহার ফল না থাকায় পরত্র গতির উপপত্তি কিরূপে হয়?

গুরু। যাহার ব্রহ্মসাক্ষাৎকার হয় নাই সেই ব্রহ্মোপাসকের পরকালে ফল বিশেষ আছে, সুতরাং পরত্র গতির উপপত্তি হয়। ৩।৩।৩০

শিষ্য। দেবযান পথে ব্রহ্মলোকগত সকল ব্রহ্মোপাসকেরই কি পরত্র ব্রহ্মসাক্ষাৎকার প্রাপ্তিরূপ ফলের নিয়ম আছে কি নাই?

গুরু। নিয়ম নাই, অনিয়ম অর্থাৎ উহাতে ব্রহ্মসাক্ষাৎকার ঘটেও আবার নাও ঘটে, সুতরাং কোন নিয়ম নাই—ইহাতে শ্রুতির বিরোধও নাই। ৩।৩।৩১

শিষ্য। ব্রহ্মলোকপ্রাপ্ত ব্রহ্মোপাসকদিগের যেরূপ ব্রহ্ম-সাক্ষাৎকার প্রাপ্তির অনিয়ম আছে বা নিয়ম নাই সেরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমেশ্বর নিয়োগে পৃথিবীলোকে আগত কপিল ব্যাস প্রভৃতি মুক্তপুরুষদিগেরও কার্য্যাবসানে স্বপদ প্রাপ্তির অনিয়ম আছে কি?

গুরু। আধিকারিক পুরুষদিগের অধিকার সমাপ্তি পর্য্যন্তই অবস্থান হয়, তৎপর উহারা স্বপদ প্রাপ্ত হয়, উহাদের নিয়মই আছে, অনিয়ম নাই। ৩।৩।৩২

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। বৃহদারণ্যকে অক্ষর বিদ্যায় পঠ্যমান অক্ষর ব্রহ্ম-সম্বন্ধী অস্থূলত্ব অনণুত্ব প্রভৃতি ধর্ম্ম সকলের নিখিল ব্রহ্মোপাসনায়ই উপসংহার কর্ত্তব্য। ৩।৩।৩৩

শিষ্য। সকল ব্রহ্মোপাসনায় কি কি গুণের উপসংহার করিতে হয়?

গুরু। "আনন্দাদয়ঃ প্রধানস্য" (বে ৩।৩।১১) এই সূত্র আরম্ভ করিয়া "অক্ষরধিয়াত্ত্ববরোধঃ" (বে ৩।৩।৩৩) এই সূত্র পর্য্যন্ত সূত্র সমূহে সর্ব্বত্র উপসংহর্ত্তব্যত্বে যে সকল গুণ নির্দ্ধারিত হইয়াছে সেই সকল গুণেরই সর্ব্বত্র ব্রহ্মোপাসনায় উপসংহার করিতে হয়, কেন না, শ্রুতিতে এইরূপই আম্নান বা প্রতিপাদন আছে। ৩।৩।৩৪

শিষ্য। ব্রহ্মের উপাসনা কোথায় করিতে হয়?

গুরু। মুমুক্ষুর স্বাত্মায়—জীবাত্মায়, অর্থাৎ নিজের আত্মার মধ্যে ব্রহ্মের উপাসনা করিতে হয়। যেরূপ ভূতগ্রামরূপ শরীরে জীবাত্মার উপাসনা হয় সেরূপ জীবাত্মায় ব্রহ্মের উপাসনা হয়। ৩।৩।৩৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। যদি স্বাত্মায়ই ব্রহ্মের উপাসনা কর্ত্তব্য হয় তবে অন্যত্র যে উপাসনার উপদেশ আছে তাহার সঙ্গতি কিরূপে হয়?

গুরু। উপদেশান্তরের ন্যায় সঙ্গতি হয়, অর্থাৎ যেরূপ উপাসনোপদেশের ভিন্ন যে কর্ম্মোপদেশ তাহার উপপত্তি হয় সেরূপ; অথবা যেরূপ অধিকারিভেদে অগ্নিহোত্রকর্ম্মের বাহ্য ও অধ্যাত্মভেদে দ্বিবিধ উপদেশ আছে, তাহাতে ব্রহ্মচারী, গৃহী ও যতিদিগের বাহ্য আর বিরক্ত চতুর্থাশ্রমীদিগের অধ্যাত্ম অগ্নি-হোত্র সেরূপ ব্রহ্মোপাসনারও দ্বিবিধ উপদেশ আছে তন্মধ্যে বিরক্তদিগের উপাসনা স্বাত্মায় আর ফলবিশেষপ্রার্থী অন্যান্য-দিগের হৃদয়াদিব্রহ্মাণ্ডান্ত নানাবিধ প্রদেশে উপাসনা হয়। ৩।৩।৩৬

শিষ্য। উপাসনার চরম অবধি কি?

গুরু। ব্যতিহার অর্থাৎ উপাস্য ও উপাসকের অন্যোন্যাত্মকত্বজ্ঞানই উপাসনার চরম অবধি। ৩।৩।৩৭

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। ছান্দোগ্যোক্ত সত্যসঙ্কল্পত্বপ্রভৃতি ও বৃহদারণ্য-কোক্ত সর্ব্বেশানত্ব-প্রভৃতি গুণসকল পরস্পর উপসংহর্ত্তব্য অর্থাৎ ইহাদের পরস্পর উপসংহার কর্ত্তব্য হয়, কেন না, ছান্দোগ্যের সাণ্ডিল্য বিদ্যাই বৃহদারণ্যকে সমাম্নাত বা প্রতিপাদিত হয়। ৩।৩।৩৮

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। বৃহদারণ্যকে ও ছান্দোগ্যে দহরবিদ্যায় সত্যকাম প্রভৃতি গুণসমূহের উপসংহার করিতে হয়, কেন না, উভয়ত্র একই বিদ্যা। ৩।৩।৩৯

শিষ্য। ব্রহ্মোপাসনায় আর বিশেষ কি জ্ঞাতব্য আছে?

গুরু। মুমুক্ষুদিগের ব্রহ্মোপাসনা আদরের সহিত কর্ত্তব্য, কেন না, তাহা হইলে আর উহার লোপ হয় না। ৩।৩।৪০

শিষ্য। উহা হইতে কি সম্পন্ন হয়?

গুরু। ব্রহ্মোপাসনা হইতে ব্রহ্মসাক্ষাৎকারাত্মক ব্রহ্মজ্ঞান উপস্থিত হইলে মোক্ষসম্পন্ন হয়। ৩।৩।৪১

শিষ্য। ব্রহ্মোপাসনা হইতে সাক্ষাৎকারাত্মক ব্রহ্মজ্ঞান উপস্থিত হয় এই কি নিয়ম, না তাহা হইতে ব্রহ্মজ্ঞানের উপস্থিতির প্রতিবন্ধক নিবৃত্তি হয়?

গুরু। ব্রহ্মোপাসনা হইতে ব্রহ্মসাক্ষাৎকারাত্মক জ্ঞানের উদয় হয় এইরূপ নিয়ম নাই, তবে ব্রহ্মসাক্ষাৎকারে যে প্রতিবন্ধ বর্ত্তমান থাকে তাহার নিবর্ত্তনই ব্রহ্মোপাসনার ফল। ৩।৩।৪২

শিষ্য। যদি প্রতিবন্ধ নিবৃত্তিই ব্রহ্মোপাসনার ফল হয় তবে ব্রহ্মোপাসনা জ্ঞানের সাধন—এই যে সিদ্ধান্ত আছে তাহার ব্যাঘাত হয় না কি?

গুরু। না, যজ্ঞীয় দক্ষিণার ন্যায় কোন দোষ হয় না অর্থাৎ যেরূপ দানান্তর হইতে উৎকৃষ্ট যজ্ঞীয় দক্ষিণাত্মক দান বৈগুণ্যনিবর্ত্তনদ্বারা প্রধান কর্ম্মাত্মক যাগের অঙ্গ হয় সেইরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মোপাসনা প্রতিবন্ধনিবর্ত্তনদ্বারা সাক্ষাৎকারাত্মক ব্রহ্মজ্ঞানের সাধন হয়। ৩।৩ ৪৩

শিষ্য। ব্রহ্মোপাসনা যে সাক্ষাৎকারাত্মক ব্রহ্মজ্ঞানের অঙ্গ তাহা কিসে বুঝিব ?

গুরু। সেরূপ প্রমাণ আছে। ৩।৩।৪৪

শিষ্য। যেরূপ অভ্যুদয়ের প্রতি ক্বচিৎ বাহ্য-অগ্নিহোত্র ও ক্বচিৎ মানস-অগ্নিহোত্র কারণ হয় সেরূপ মোক্ষের প্রতি ক্বচিৎ কর্ম্ম ও ক্বচিৎ জ্ঞান কারণ হইতে পারে কি ?

গুরু। না, কেন না, বিদ্যাই অর্থাৎ জ্ঞানই মোক্ষের সাধন—এইরূপ নির্দ্ধারণ আছে। "তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" (যজুঃ ৩১।১৮)

"তমেব বিদ্বান্ ন বিভায় মৃত্যোঃ" (অথ ১০।৪।৮।৪৪)

"তমেবৈকং জানথ আত্মানমন্যা বাচো বিমুঞ্চথ অমৃতস্যৈষ সেতুঃ" (মু ২।২।৫) (কেবল সেই আত্মাকেই জানিবে, অপর সমস্ত বাক্য ত্যাগ কর, ইনিই অমৃত বা মোক্ষলাভের সেতু অর্থাৎ উপায়)। অপিচ, যেরূপ অধিকারিবিশেষের সম্বন্ধবিশেষ হেতু উপাসনা ফলের পার্থক্য আছে সেরূপ কর্ম্মফলেরও পার্থক্য আছে সুতরাং কর্ম্ম মোক্ষের কারণ হয় না। ৩।৩।৪৫—৫০

শিষ্য। কর্ম্ম মুক্তির কারণ না—ই হউক ক্বচিৎ উপাসনা ও ক্বচিৎ জ্ঞান মুক্তির কারণ হয় না কেন ?

গুরু। উপাসনাও মুক্তির সাক্ষাৎ কারণ নহে, কেন না, কর্ম্মফলের যেরূপ পার্থক্য আছে উপাসনা ফলেরও সেরূপ পার্থক্য আছে।

৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। স্যার কি ?

গুরু। মুক্তির সাক্ষাৎ কারণ জ্ঞানই, কর্ম্ম বা উপাসনা নহে। ৩।৩।৫১—৫২

শিষ্য। যখন শরীর থাকিলেই মোক্ষাধিকারী জীবাত্মা থাকে শরীর ব্যতিরেকে থাকে না তখন জ্ঞান দ্বারাই যে মোক্ষ হয় ইহা কিরূপে বুঝিব ?

গুরু। শরীর ব্যতিরিক্তই আত্মা, আত্মা শরীর নহে সুতরাং এ বিষয়ে তোমার সন্দেহ হইতে পারে না। ৩।৩।৫৩-৫৪

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। জ্যোতিষ্টোমাদি কর্ম্মের অঙ্গীভূত উদ্গীত প্রভৃতিতে যে সকল উপাসনা সম্বন্ধ বা তদাশ্রয়ত্বে বিহিত আছে সে সকল প্রতিশাখায়ই উপসংহর্ত্তব্য হয়, যে শাখায় উহা বিহিত হইয়াছে কেবল সে শাখায়ই ব্যবস্থিত নহে। ৩।৩।৫৫

শিষ্য। একত্র বিহিত উপাসনার অন্যত্র সম্বন্ধ বিরুদ্ধ কি ?

গুরু। না, যেরূপ একত্র অভিহিত মন্ত্র ও দ্রব্যাদির অন্যত্র সম্বন্ধে কোনও বিরোধ নাই সেরূপ একত্র উক্ত উপাসনার অন্যত্র উপসংহারে কোন বিরোধ বা দোষ নাই। ৩।৩।৫৬

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। এক এক অঙ্গের উপাসনার অপেক্ষায় শ্রেষ্ঠ অঙ্গীভূত বৈশ্বানরোপাসনারই জ্যায়স্ত্ব বা প্রামাণিকত্ব অর্থাৎ অনুষ্ঠেয়ত্ব। ৩।৩।৫৭

শিষ্য। উপাস্য ব্রহ্মবৎ উপাসনা এক কি নানা ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। উপাস্য ব্রহ্ম এক হইলেও উপাসনা নানা।

শিষ্য। কিসে বুঝিব ?

গুরু। বিধিশব্দ ও ইতিকর্ত্তব্যতাদির ভেদ থাকায়ই উপাসনার নানাত্ব বুঝিতে হয়। ৩।৩।৫৮

শিষ্য। এক এক অধিকারীকে নিখিল উপাসনাই করিতে হয়, না এক একটী করিতে হয় ?

গুরু। এক এক অধিকারীকে এক একটী উপাসনাই করিতে হয়, নিখিল উপাসনা করিতে হয় না।

শিষ্য। কিসে জানিব ?

গুরু। ফলের বিশেষ না থাকায় অর্থাৎ সকল উপাসনারই ফল ব্রহ্মসাক্ষাৎকার, সেই ব্রহ্মসাক্ষাৎকাররূপ ফল যখন এক উপাসনায়ই সম্পন্ন হইয়া থাকে তখন আর সকল উপাসনা করিয়া ফল কি ? ৩।৩।৫৯

শিষ্য। কাম্য উপাসনা স্থলে কিরূপ ?

গুরু। যথারুচি, অর্থাৎ কাম্য উপাসনার ফল ভিন্ন ভিন্ন, অনুষ্ঠানও ফলপ্রার্থনানুসারে ভিন্ন ভিন্ন, সুতরাং রুচি অনুসারে উহার অনুষ্ঠান, সমুচ্চয়েও হয় বিকল্পেও হয়। ৩।৩।৬০

শিষ্য। যেরূপ যজ্ঞানুষ্ঠানে তদাশ্রিত অঙ্গদিগের সমুচ্চয়ে অনুষ্ঠান হয় বিকল্পে নহে সেরূপ অঙ্গানুষ্ঠানে তদাশ্রিত উপাসনা সমূহের সমুচ্চয়ে অনুষ্ঠানের নিয়ম আছে কি ?

গুরু। না, অঙ্গানুষ্ঠানে তদাশ্রিত উপাসনা সমূহের সমুচ্চয়ে অনুষ্ঠানের নিয়ম নাই, কেন না, সেরূপ শাস্ত্র নাই, সুতরাং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঙ্গাশ্রিত উপাসনার সমুচ্চয়ে নিয়ম নাই। বস্তুতঃ অঙ্গাশ্রিত উপাসনা বিকল্পে ও সমুচ্চয়ে যেরূপ ইচ্ছা ও যেরূপ কামনা সেরূপই হইতে পারে। ৩৷৩৷৬১—৬৬ (৩৷৩৷ সমাপ্ত)

শিষ্য। উপাসনা তত্ত্বজ্ঞানের সাধন—ইহা বুঝিলাম, আচ্ছা; তত্ত্বজ্ঞান হইতে কি হয়?

গুরু। কর্ম্মের বিনা সাহায্যে এই তত্ত্বজ্ঞান হইতে পরমপুরুষার্থ বা মোক্ষ সম্পন্ন হয়। কেন না, সেরূপ শাস্ত্র আছে—ইহা বাদরায়ণ আচার্য্যের মত। ৩৷৪৷১

শিষ্য। এই বিষয়ে আর কি মত আছে?

গুরু। জৈমিনি আচার্য্য মনে করেন—এই জ্ঞানে পরম-পুরুষার্থ প্রাপ্তিবাদ লক্ষণ অর্থবাদ অর্থাৎ প্রশংসা বাক্য বিদ্যমান আছে, কেন না, জ্ঞান কর্ম্মের অঙ্গ, যেরূপ দ্রব্যসংস্কারাদিতে কর্ম্মাঙ্গত্ব থাকে সেরূপ জ্ঞানেও কর্ম্মাঙ্গত্ব আছে। ৩৷৪৷২

শিষ্য। জ্ঞান যে কর্ম্মের অঙ্গ—এই বিষয়ে আর কি হেতু আছে?

গুরু। উহাতে সদাচার দর্শন আছে, অর্থাৎ জ্ঞানপূর্ব্বক জনকাদিকে কর্ম্মাচরণ বা কর্ম্মানুষ্ঠান করিতে দেখা যায়, শ্রুতি আছে, কর্ম্মের সহিত জ্ঞানের অনুগমন আছে অর্থাৎ পরস্পর-সাহিত্যে ফলারম্ভকত্বের দর্শন আছে। জ্ঞানীর অর্থাৎ বেদবিৎ পুরুষের কর্ম্মের বিধান আছে এবং যাবজ্জীবন অগ্নিহোত্রাদি কর্ম্মানুষ্ঠানের নিয়ম আছে। ৩৷৪৷৩—৭

শিষ্য। এই বিষয়ে কি সিদ্ধান্ত?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। বাদরায়ণের সিদ্ধান্তই নিশ্চেতব্য, কেন না, তাহাতে অধিক উপদেশ আছে এবং শাস্ত্রে সেরূপ দেখাও যায়। ৩।৪।৮

শিষ্য। জৈমিনির মতে যে সদাচার দর্শন আছে তাহা কি?

গুরু। উহা উভয়ত্রই তুল্য অর্থাৎ যেরূপ জ্ঞানীর কর্ম্মে আচার বা শ্রম দর্শন আছে সেরূপ জ্ঞানেও আচারের দর্শন আছে, অর্থাৎ জ্ঞানের যেরূপ কর্ম্মে রতি দেখা যায় সেরূপ কর্ম্মে বিরতিও দেখা যায়। ৩।৪।৯

শিষ্য। জ্ঞানের কর্ম্মাঙ্গত্বে যে শ্রুতি আছে তাহাতে কি বক্তব্য?

গুরু। সে শ্রুতি অসার্ব্বত্রিকী অর্থাৎ সর্ব্ববিদ্যা বিষয়া নহে। ৩।৪।১০

শিষ্য। সমন্বারম্ভন যে আছে তাহার কি?

গুরু। শতমুদ্রা বিভাগের দৃষ্টান্তে বিদ্যা ও কর্ম্মের বিভাগ হয় অর্থাৎ যেরূপ ক্ষেত্রবিক্রয়ী ও বলীবর্দ্দবিক্রয়ীকে একত্র একশত মুদ্রা দিলে তন্মধ্য হইতে পঞ্চাশৎ ক্ষেত্রবিক্রয়ী ও পঞ্চাশৎ বলীবর্দ্দবিক্রয়ী প্রাপ্ত হয় সেরূপ বিদ্যা ও কর্ম্ম মধ্যে বিদ্যা পরলোকযাত্রী বিদ্বান্ ও কর্ম্ম পরলোকযাত্রী কর্ম্মী প্রাপ্ত হয়। ৩।৪।১১

শিষ্য। জ্ঞানীর যে কর্ম্মের বিধান আছে তাহাতে কি বক্তব্য?

গুরু। বেদার্থজ্ঞানমাত্রসম্পন্ন পুরুষেরই কর্ম্মের বিধান আছে, ব্রহ্মজ্ঞের নহে। ৩।৪।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। নিয়ম যে আছে তাহাতে কি বক্তব্য ?

গুরু। উহা অবিশেষ অর্থাৎ জ্ঞানীর যে কর্ম্ম করিতে হয় তাহার বিশেষরূপে নির্দ্দেশ নাই। ৩।৪।১৩

শিষ্য। "যাবজ্জীবমগ্নিহোত্রং জুহুয়াৎ"—ইত্যাদি শ্রুতিতে কি বক্তব্য ?

গুরু। উহাতে কর্ম্মের স্তুতির নিমিত্ত যাবজ্জীবন কর্ম্মানুষ্ঠানের অনুমতি হয়। অপি চ কোন কোন ঋষিরা স্বেচ্ছায়ই জ্ঞানীদিগের অগ্নিহোত্রাদি কর্ম্মত্যাগের কথা বলিয়া থাকেন। অপি চ কোন কোন ঋষি ব্রহ্মজ্ঞঋষিদিগের সংসারের মূল যে কর্ম্ম তাহার ক্ষয়ই বলিতেছেন—অপি চ শাস্ত্রে জানা যায় যে ঊর্দ্ধরেতা চতুর্থাশ্রমী সন্ন্যাসীদিগের কর্ম্ম নাই। ৩।৪।১৪—১৭

শিষ্য। ইহাতে জৈমিনি কি বলেন ?

গুরু। জৈমিনি শাস্ত্রে চতুর্থাশ্রমীর বা চতুর্থাশ্রমের সম্বন্ধ অনুবাদ মনে করেন। কেন না, কর্ম্মত্যাগের বা কর্ম্মত্যাগী চতুর্থাশ্রমের বিধি নাই পরন্তু কর্ম্মত্যাগীর নিন্দা আছে। ৩।৪।১৮

শিষ্য। ইহার উপর বাদরায়ণ কি বলেন ?

গুরু। বাদরায়ণ বলেন—চতুর্থ পারিব্রজ্য আশ্রম অনুষ্ঠেয়, কেন না, আশ্রমত্রয়ের সমানত্বে চতুর্থাশ্রমের শ্রবণ আছে, বস্তুতঃ ধারণের ন্যায় অর্থাৎ সমিধ্‌ধারণের তুল্য "এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রবজন্তি" (ছাং ৪।৪।২২) (সন্ন্যাসিগণ এই আত্মলোক লাভের জন্যই প্রব্রজ্যা বা সন্ন্যাস গ্রহণ করেন) এস্থলে চতুর্থাশ্রমের স্পষ্ট বিধান আছে। ৩।৪।১৯—২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ধারণবৎ ইহা বিধি নহে পরন্তু "প্রব্রজন্তি" ইহা ব্রহ্মলোকের স্তুতিমাত্র—ইহা বলিলে কি দোষ হয়?

গুরু। ইহা বলা যায় না, কেনা না, উহা প্রমাণান্তরের বোধিত নহে, সুতরাং উহা ধারণবৎ বিধি। বিশেষতঃ প্রব্রজ্যা-প্রতিপাদক শব্দ থাকায়ও উহা ধারণবৎ বিধিই হয়। ৩।৪।২১—২২

শিষ্য। ইহা পারিপ্লবার্থ অর্থাৎ মনোরঞ্জনার্থ আখ্যায়িকাই বলিনা কেন?

গুরু। না, তাহা হয় না, কেন না, পারিপ্লব যে কি তাহা বিশেষরূপে নিরূপিত আছে। ৩।৪।২৩

শিষ্য। জ্ঞান কর্ম্মের অঙ্গ নহে—ইহা বুঝিলাম, তাহাতে কি হইল?

গুরু। স্বতন্ত্র জ্ঞানই পরম পুরুষার্থের সাধন, কর্ম্ম নহে—এই বাদরায়ণাচার্য্যের মত সিদ্ধ হইল। অপি চ যে হেতু স্বতন্ত্র জ্ঞান পরম পুরুষার্থের সাধন সেহেতু জ্ঞানীর অগ্ন্যাধানাদির অপেক্ষা নাই—ইহাও সিদ্ধ হইল। ৩।৪।২৪—২৫

শিষ্য। পরম পুরুষার্থ নিষ্পত্তিতে যেরূপ কর্ম্মের অপেক্ষা নাই সেরূপ জ্ঞানের নিষ্পত্তিতেও কি কর্ম্মের অপেক্ষা নাই?

গুরু। জ্ঞান নিষ্পত্তিতে অগ্নিহোত্রাদি সকল কর্ম্মেরই অপেক্ষা আছে। ৩।৪।২৬

শিষ্য। জ্ঞাননিষ্পত্তিতে কি কর্ত্তব্য?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। জ্ঞান নিষ্পত্তিতে সর্ব্বকর্ম্মাপেক্ষত্ব থাকিলেও আবার মুমুক্ষুদিগকে শমদমাদিযুক্ত হইতে হয় অর্থাৎ জ্ঞানাঙ্গ বলিয়া শমদমাদি অবশ্য অনুষ্ঠেয় হয়। ৩।৪।২৭

শিষ্য। জ্ঞানের অন্তরঙ্গ সাধন ও বহিরঙ্গ সাধন নির্দ্ধারিত হইল, জ্ঞানের সাধন ভোজন কিরূপ ?

গুরু। পবিত্র ভোজন কর্ত্তব্য।

শিষ্য। জ্ঞানার্থী মুমুক্ষুর যে সর্ব্বান্নানুমতি আছে—তাহা কিরূপ ?

গুরু। উহা প্রাণাত্যয়ে অর্থাৎ পবিত্র ভোজনের অভাবে প্রাণাত্যয়ে অর্থাৎ প্রাণবিনাশের উপক্রম হইলেই সর্ব্বান্নানুমতি বা সকল ভক্ষ্যেরই ভোজনের অনুজ্ঞা আছে।

শিষ্য। উহা কিসে বুঝিব ?

গুরু। প্রাণাত্যয়ের উপস্থিতেই চাক্রায়ণ উষস্তির অভক্ষ্য ভক্ষণ দেখা যায় এবং উহাতে বাধা বা নিরোধও নাই, স্মৃতিতেও এইরূপ কথাই আছে, যথা—

"জীবিতাত্যয়মাপন্নো যোঽন্নমত্তি যতস্ততঃ।
আকাশমিব পঙ্কেন ন স পাপেন লিপ্যতে॥"

(মনু ১০।১০৪) (প্রাণাত্যয় সম্ভাবনায় ব্রাহ্মণ—যদি নীচেরও অন্ন গ্রহণ করেন তথাপি আকাশে যেমন পঙ্ক লিপ্ত হয় না সেরূপ তাঁহার পাপাশঙ্কা নাই) স্বেচ্ছাচার প্রতিষেধে অন্য শাস্ত্রবাক্যও আছে। ৩।৪।২৮—৩১

শিষ্য। আশ্রম কর্ম্ম জ্ঞানের সাধন কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। পবিত্র ভোজনের ন্যায় নিজের আশ্রমোচিত কর্ম্মও জ্ঞানের সাধন, জ্ঞানার্থীদের পক্ষে আশ্রমোচিত কর্ম্ম অবশ্য অনুষ্ঠেয়। আশ্রমোচিত কর্ম্ম, প্রধানের সহকারী এজন্যও উহার অনুষ্ঠান অবশ্য কর্ত্তব্য।

শিষ্য। ইহাতে শাস্ত্র কি?

গুরু। "বেদোদিতং স্বকং কর্ম্ম নিত্যং কুর্য্যাদতন্দ্রিতঃ। তদ্ধি কুর্ব্বন্ যথাশক্তি প্রাপ্নোতি পরমাং গতিম্॥" (মনু ৪।১৪) (তন্দ্রাশূন্য হইয়া বেদোক্ত স্বাশ্রমবিহিত কর্ম্ম নিত্য অনুষ্ঠান করিবে, যথাশক্তি স্বকর্ম্ম করিলে পরম গতি লাভ হয়)। "স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ॥" (গী ১৮।৪৫) (মনুষ্য নিজ নিজ কর্ম্মে রত থাকিয়া সম্যক্ প্রকারে সিদ্ধি লাভ করিয়া থাকে।)—ইত্যাদি বহু শাস্ত্রই আছে। ৩।৪।৩২—৩৩

শিষ্য। কি কি আশ্রম কর্ম্ম অনুষ্ঠেয়?

গুরু। সর্ব্বপ্রকারে শাস্ত্রোক্ত যজ্ঞাদি লক্ষণই আশ্রম কর্ম্ম অনুষ্ঠেয়।

শিষ্য। কিসে বুঝিব?

গুরু। উভয় লিঙ্গ দ্বারা অর্থাৎ "যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবা-স্তানি ধর্ম্মাণি প্রথমান্যাসন্" (ঋ ৮।৪।১৯।১৬) "তমেতং বেদানু-বচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসাঽনাশকেন" (বৃ ৪।৪।২২) (ব্রাহ্মণগণ বেদপাঠ, যজ্ঞ, দান ও বিষয়োপরতিরূপ তপস্যাদ্বারা সেই এই আত্মাকে জানিতে ইচ্ছা করেন)। ইত্যাদি শ্রুতি এবং "স্বাধ্যায়েন ব্রতৈর্হোমৈস্ত্রৈবিধ্যেনেজ্যয়া সুতৈঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাযজ্ঞৈশ্চ যজ্ঞৈশ্চ ব্রাহ্মীয়ং ক্রিয়তে তনুঃ” (মনু ২।২৮) (বেদত্রয়ের অধ্যয়ন, ব্রহ্মচর্য্যাদি ব্রত, হোম, ত্রৈবিধ্য ইজ্যা, পুত্রোৎপাদন, মহাযজ্ঞ ও যজ্ঞ—ইহারা শরীরকে ব্রহ্মপ্রাপ্তির যোগ্য করে) ইত্যাদি স্মৃতি আছে। এই বিষয়ে শ্রুতি ও স্মৃতি অনভিভব বা আদর দেখাইতেছে। ৩।৪।৩৪—৩৫

শিষ্য। আশ্রমকর্ম্ম ব্যতীত কি জ্ঞান হয়ই না ?

গুরু। হয়, কাহারও আশ্রমকর্ম্মব্যতীতও জ্ঞানের নিষ্পত্তি দেখা যায়, স্মৃতিও আছে।

শিষ্য। ইহা কিসে সম্ভবে ?

গুরু। বিশেষ অনুগ্রহে অর্থাৎ পরমেশ্বরের বিশেষ কৃপায়—বিশেষ প্রসাদে সম্ভবে। ৩।৪।৩৬—৩৮

শিষ্য। আশ্রমকর্ম্ম ও শমদমাদি—এই উভয়ের মধ্যে জ্ঞান নিষ্পত্তিতে কোনটী শ্রেষ্ঠ ?

গুরু। আশ্রমকর্ম্ম যজ্ঞাদি হইতে শমদমাদি শ্রেষ্ঠ, বা জ্ঞাননিষ্পত্তির অন্তরঙ্গ সাধন, বা প্রমাণ—কেন না, উহাতে শ্রুতিস্মৃতি অর্থাৎ শাস্ত্র আছে। ৩।৪।৩৯

শিষ্য। আশ্রমগোচর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। পূর্ব্ব আশ্রম হইতে উত্তরাশ্রম প্রাপ্ত অর্থাৎ পূর্ব্ব আশ্রম হইতে, ঊর্দ্ধরেতাদিগের আশ্রমে আরূঢ় নৈষ্ঠিক পরিব্রাজকের অতদ্ভাব অর্থাৎ নিম্ন আশ্রমে পতন নাই অর্থাৎ সন্ন্যাসাশ্রম প্রাপ্ত হইলে তাহার আর নিম্ন আশ্রমে আসিতে নাই। ইহা জৈমিনি ও বাদরায়ণ—এই উভয়ের মত। ৩।৪।৪০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। যদি নৈষ্ঠিক পরিব্রাজকের প্রচ্যুতি বা পতন হয় তবে তাহার প্রায়শ্চিত্ত আছে কি ?

গুরু। উহাতে মতভেদ আছে, ফলতঃ প্রায়শ্চিত্ত থাকুক আর না-ই থাকুক উভয়প্রকারেই অধঃপতিত হইলে বহিষ্কৃত হয় অর্থাৎ শিষ্টসমাজে সে ব্যবহৃত হয় না।

শিষ্য। ইহাতে প্রমাণ কি ?

গুরু। স্মৃতি ও সদাচার। ৩।৪।৪১—৪৩

শিষ্য। কর্ম্মাঙ্গ উপাসনা কাহার কর্ত্তব্য ?

গুরু। কর্ম্মাঙ্গ উপাসনা স্বামী যজমানেরই কর্ত্তব্য, কারণ যজমানেরই ফলশ্রুতি আছে অর্থাৎ যজমানই কর্ম্মের ফলভাগী হয়—ইহা আত্রেয় নামক আচার্য্যের মত। ৩।৪।৪৪

শিষ্য। আর কি মত আছে ?

গুরু। কর্ম্মাঙ্গোপাসনা ঋত্বিকের কর্ত্তব্য, কেন না, স্বামী যজমান সাঙ্গকর্ম্মের নিষ্পত্তির জন্য ঋত্বিক্‌দিগকে বরণ করিয়া থাকে। ইহা ঔড়ুলোমি আচার্য্যের মত। এই বিষয়ে শ্রুতিও আছে। ৩।৪।৪৫—৪৬

শিষ্য। আর কি জ্ঞাতব্য ?

গুরু। ব্রহ্মজ্ঞানীর মৌন কামতঃ অবলম্বনীয় অর্থাৎ মৌন অবলম্বন করিতেও পারে নাও করিতে পারে। ফলতঃ যেরূপ ব্রহ্মজ্ঞের বিহিতের অনুষ্ঠানে কিছু বৃদ্ধি হয় না, নিষিদ্ধের অনুষ্ঠানেও কিছু ক্ষীণ হয় না, সেরূপ মৌনের অবলম্বনে বৃদ্ধি হয় না অনবলম্বনেও হানি হয় না। ৩।৪।৪৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। তাহা হইলে গৃহীর বিদ্যোপসংহারের বা বিদ্যা-সমাপ্তির বিধান কেন আছে ?

গুরু। পরমেশ্বরের অনুগ্রহে গৃহাশ্রমে নিখিল জ্ঞানসাধনের সম্ভব হইতে পারে। এজন্যই ছান্দোগ্যে গৃহাশ্রমীর বিদ্যোপ-সংহারের অর্থাৎ বিদ্যাসমাপ্তির বিধান আছে। ৩।৪।৪৮

শিষ্য। যজ্ঞাদি নিদিধ্যাসনান্ত কর্ম্মের মধ্যে নিদিধ্যাসনই জ্ঞানের সাক্ষাৎ সাধন, সুতরাং কেবল নিদিধ্যাসনেরই অনুষ্ঠান উচিত কি ?

গুরু। না, কেবল নিদিধ্যাসনেরই অনুষ্ঠান কর্ত্তব্য—ইহা নহে, নিদিধ্যাসনের ন্যায় অন্যান্য বিষয়েরও অনুষ্ঠান কর্ত্তব্য, কেন না, শাস্ত্রে অন্যান্যেরও উপদেশ আছে। ৩।৪।৪৯

শিষ্য। সাধনের প্রকার কি ?

গুরু। মুমুক্ষু গুরূপদিষ্ট সাধনসম্পাদনরীতি প্রকাশ না করিয়া তৎসম্পাদনে যত্নবান্ হইবে, কেন না, অন্বয় আছে অর্থাৎ সাধনসম্পত্তিতে অনাবিষ্কারের বা প্রকাশ না করারই অঙ্গত্বে নির্দ্ধারণ আছে। ৩।৪।৫০

শিষ্য। সম্পদ্যমান সাধন সমূহ কি মুমুক্ষুদিগের ঐহিক জ্ঞান জন্মায়—না আমুষ্মিক জ্ঞান জন্মায় ?

গুরু। প্রতিবন্ধক না থাকিলে ঐহিক জ্ঞানও জন্মায় আর প্রতিবন্ধক থাকিলে কেবল আমুষ্মিক জ্ঞানই জন্মায়, কেন না, এইরূপই দর্শন আছে অর্থাৎ কাহারও ঐহিক জ্ঞানের প্রাদুর্ভাব আর কাহারও আমুষ্মিক জ্ঞানের প্রাদুর্ভাব দেখা যায়। ৩।৪।৫১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। সাধনরূপ জ্ঞানে যেরূপ ঐহিক ও আমুষ্মিকের নিয়ম আছে, জ্ঞানের ফল যে মোক্ষ তাহাতেও ঐহিক আমুষ্মিকের নিয়ম আছে কি ?

গুরু। না, জ্ঞানের ফলীভূত মোক্ষে নিয়ম নাই অর্থাৎ সাধনফলীভূত জ্ঞানে যেমন ঐহিক ও আমুষ্মিকের নিয়ম আছে জ্ঞানের ফল যে মোক্ষ তাহাতে সেরূপ ঐহিক আমুষ্মিকের নিয়ম নাই অর্থাৎ প্রতিবন্ধক না থাকিলে ঐহিক মোক্ষ হয় আর প্রতিবন্ধক থাকিলে আমুষ্মিক মোক্ষ হয় এইরূপ নিয়ম নাই, পরন্তু যখন জ্ঞান হইবে তখনই মোক্ষ উপস্থিত হইবে, ফলতঃ জ্ঞানদশায় মোক্ষ লাভের অবধারণ আছে অর্থাৎ জ্ঞানদশায় মোক্ষ অবশ্যম্ভাবী। ৩।৪।৫২ (৩।৪ সমাপ্ত)

শিষ্য। আপনার কৃপায় জ্ঞানের সাধন অবগত হইয়াছি। অতঃপর জ্ঞানের ফল জানিতে হইবে। এখন জানিতে ইচ্ছা হয় যে—জ্ঞানের অন্তরঙ্গ সাধন কি ?

গুরু ; শ্রবণ মনন নিদিধ্যাসন—এই তিনই জ্ঞানের অন্তরঙ্গ সাধন।

শিষ্য। শ্রবণাদি কিসে হয় ?

গুরু। গুরুমুখ ও শাস্ত্র হইতে শ্রবণ করিতে হয়, যুক্তিদ্বারা মনন করিতে হয়, ধ্যেয় বিষয়ের নিরন্তর ধ্যান বা চিন্তাদ্বারা নিদিধ্যাসন করিতে হয়।

শিষ্য। এই শ্রবণাদি কতকাল করিতে হয় ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। যাবৎ আত্মদর্শন বা আত্মসাক্ষাৎকার না হয় তাবৎ শ্রবণ মনন ও নিদিধ্যাসন করিতে হয়, কেন না, শ্রবণ মনন ও নিদিধ্যাসনের আবৃত্তি বা পুনঃ পুনঃ অনুষ্ঠানের উপদেশ আছে এবং শ্রবণাদির আবৃত্তি বা অনুষ্ঠান বিষয়ে শ্রুতি ও স্মৃতিরূপ লিঙ্গ বা প্রমাণ আছে। ৪।১।১—২

শিষ্য। যাহার জ্ঞানের নিমিত্ত শ্রবণ মনন ও নিদিধ্যাসনের পুনঃ পুনঃ আবৃত্তি বা অনুষ্ঠান করিতে হয় সে বিষয়টী কি ?

গুরু। আত্মা, আত্মাই শ্রবণাদির বিষয় হয়—ইহা বৈদিকগণ অঙ্গীকার করিতেছে এবং শ্রুতি স্মৃতিও ইহাই জ্ঞাপন করিতেছে। ৪।১।৩

শিষ্য। প্রতীকে কল্পিত প্রতিনিধিতে অর্থাৎ মনঃপ্রভৃতিতে শ্রবণাদির আবৃত্তি বা পুনঃ পুনঃ অনুষ্ঠান কর্ত্তব্য কি ?

গুরু। না, কেন না, প্রতীক মনঃপ্রভৃতি অচেতন, উহা আত্মা নহে, উহাতে শ্রবণাদির আবৃত্তি কর্ত্তব্য নহে। ৪।১।৪

শিষ্য। প্রতীকে শ্রবণাদির আবৃত্তি না থাকিলে উহাতে ব্রহ্মদৃষ্টির বা ব্রহ্মবুদ্ধির বা ব্রহ্মোপাসনার উপদেশ কেন ?

গুরু। ঐ উপদেশ উৎকর্ষলাভের নিমিত্তই হয়। ৪।১।৫

শিষ্য। মনঃপ্রভৃতিতে ব্রহ্মবুদ্ধির উপদেশ উৎকর্ষার্থ হউক, কিন্তু কর্ম্মাঙ্গ উদ্গীথপ্রভৃতিতে আদিত্যাদি বুদ্ধির উপদেশ কেন ?

গুরু। উহা কর্ম্মের অতিশয়ার্থ। ৪।১।৬

শিষ্য। মুমুক্ষুগণ কিরূপে শ্রবণাদি করিবে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। মুমুক্ষুগণ যথাশাস্ত্র আসীন হইয়া অর্থাৎ আসন গ্রহণ করিয়া শ্রবণাদি করিবে, কেন না, কৃতাসন হইলেই শ্রবণাদির সম্ভব হয় অন্যথা নহে; অপিচ কৃতাসন হইলেই চিত্তের একাগ্রতা ও অচঞ্চলতার সম্ভব হয়, এ বিষয়ে শাস্ত্র আছে, এজন্য মুমুক্ষুদিগের যথাবিধি আসন পরিগ্রহ করিয়াই শ্রবণাদি করিতে হয়। ৩।১।৭—১০

শিষ্য। কিরূপ স্থানে আসীন হইয়া শ্রবণাদি করিতে হয়?

গুরু। যে স্থানে চিত্তের একাগ্রতা জন্মে সে স্থানে আসীন হইয়াই শ্রবণাদি করিতে হয়, ইহাতে বিশেষ কোন নিয়ম নাই। ৪।১।১১

শিষ্য। কতকাল পর্য্যন্ত শ্রবণাদি করিতে হয়?

গুরু। মরণ পর্য্যন্ত শ্রবণাদি করিতে হয়, কেন না, এ বিষয়ে শ্রুতি ও স্মৃতি প্রমাণ আছে। ৪।১।১২

শিষ্য। শ্রবণাদিদ্বারা আত্মসাক্ষাৎকার উপস্থিত হইলে ভাবী পাপের শ্লেষ বা সম্বন্ধ হয় না অর্থাৎ আর পাপ হয় না এবং পূর্ব্বসঞ্চিত পাপের নাশ হয়, এরূপ শাস্ত্র আছে। ৪।১।১৩

শিষ্য। পুণ্যের কি হয়?

গুরু। পুণ্যেরও এইরূপই নিয়ম, অর্থাৎ শ্রবণাদিদ্বারা আত্মার সাক্ষাৎকার হইলে আগামী পুণ্যের অশ্লেষ বা অসম্বন্ধ হয় অর্থাৎ ভবিষ্যৎ পুণ্য হয় না এবং সঞ্চিত পুণ্যের বিনাশ হয়।

শিষ্য। আত্মসাক্ষাৎকারে প্রারব্ধ পাপ ও পুণ্যের ক্ষয় হয় কি?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। না; প্রারব্ধের ক্ষয় ভোগদ্বারাই হইয়া থাকে।

শিষ্য। ব্রহ্মসম্পৎ বা নির্ব্বাণ কখন হয়?

গুরু। শরীরপাতে অর্থাৎ বর্ত্তমান শরীর নষ্ট হইলে ব্রহ্মসম্পৎ বা নির্ব্বাণ হয়।

শিষ্য। ব্রহ্মসাক্ষাৎকারে কি সকল পাপ পুণ্যই নষ্ট হয়?

গুরু। না; যাহার ফল প্রবৃত্ত হয় নাই অর্থাৎ যাহার ফলভোগ আরম্ভ হয় নাই—যাহা সংস্কাররূপেই থাকে সেই পাপ আর পুণ্যই আত্মজ্ঞানদ্বারা নষ্ট হয়। আর যাহা প্রারব্ধ অর্থাৎ যাহার ফলভোগ আরম্ভ হইয়াছে সেই পাপ ও পুণ্য জ্ঞানে নষ্ট হয় না, উহা ভোগদ্বারাই নষ্ট হয়, কেন না, দেহপাত পর্য্যন্তই তাহার অবধি বা সীমা থাকে। ৪।১।১৪—১৫

শিষ্য। ব্রহ্ম সাক্ষাৎকার হইলে অগ্নিহোত্রাদি কর্ম্মের নাশ হয় কি?

গুরু। না, ব্রহ্মসাক্ষাৎকার হইলেও অগ্নিহোত্রাদি কর্ম্মের নাশ হয় না, কেন না, অগ্নিহোত্রাদি কর্ম্ম সেই কার্য্যের অর্থাৎ জ্ঞান বা মোক্ষের নিমিত্তই হইয়া থাকে, এ বিষয়ে শাস্ত্রও দেখা যায়। ৪।১।১৬

শিষ্য। অগ্নিহোত্রাদি আশ্রমকর্ম্মভিন্ন কোন সাধুকৃত্য বা বিহিত ফল আছে কি, যাহা তত্ত্বজ্ঞানদ্বারা নষ্ট হইতে পারে?

গুরু। অগ্নিহোত্রাদি আশ্রমকর্ম্ম ব্যতীত ও সাধুকৃত্যা বা বিহিতকর্ম্ম আছে; অভিপ্রায় এই—অগ্নিহোত্রাদি আশ্রমকর্ম্ম দ্বিবিধ—এক ফলাভিসন্ধানে অনুষ্ঠীয়মান, অপর ফলাভিসন্ধান-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যতিরেকে অনুষ্ঠীয়মান, তন্মধ্যে আদ্যকর্ম্ম স্বর্গাদিফলের নিমিত্ত, আর দ্বিতীয় চিত্তশুদ্ধি দ্বারা জ্ঞানকার্য্যের নিমিত্ত কল্পিত হয়। এই উভয়বিধ অগ্নিহোত্রাদি আশ্রমকর্ম্মই কোনও শাখীদিগের ফলভেদে সমাম্নায় আছে, তাহাতে সম্যক্ জ্ঞানদ্বারা স্বর্গাদি-ফলক সুকৃতকর্ম্মের অত্যন্ত নাশ হয়। ৪।১।১৭

শিষ্য। জ্ঞানের কি কেবল্ কর্ম্মই অত্যন্ত উপযোগী, কিংবা উপাসনাও উপযোগী ?

গুরু। উপাসনার সহিত অগ্নিহোত্রাদি আশ্রমকর্ম্ম জ্ঞানের অত্যন্ত উপযোগী ; এইরূপই সমাম্নান বা শ্রবণ আছে। ৪।১।১৮

শিষ্য। এই সকল কথার সার কি ?

গুরু। প্রারব্ধ পুণ্য ও পাপের বা ইষ্টফল ও অনিষ্ট ফলের উপভোগদ্বারা নাশ করিয়া তত্ত্বজ্ঞ বিদ্বান্ শরীরের পতনে অর্থাৎ শরীরের নাশান্তে ব্রহ্ম বা বিদেহ কৈবল্য প্রাপ্ত হয়, অর্থাৎ যখন তত্ত্বজ্ঞ পুরুষের জ্ঞান দ্বারা সঞ্চিত ও ক্রিয়মাণ কর্ম্ম দগ্ধ হয় এবং ভোগদ্বারা প্রারব্ধ কর্ম্ম নষ্ট হয় তৎপর শরীরের পতন হয়, তখন তাহার ব্রহ্মপ্রাপ্তি বা পরম মোক্ষ বা নির্ব্বাণ কৈবল্য উপস্থিত হয়। ৪।১।১৯। (৪।১। সমাপ্ত)

শিষ্য। মরণসময়ে কে কোথায় কিপ্রকারে লয়প্রাপ্ত হয় ?

গুরু। ম্রিয়মাণ পুরুষের প্রথমে বাগিন্দ্রিয় মনে সম্পন্ন বা উপসংহৃত বা লয় প্রাপ্ত হয়।

শিষ্য। কিসে জানা যায় ?

৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। মুমূর্ষুর প্রথমেই বাগ্‌ব্যাপারের অভাব দেখা যায়—ইহাতেই জানা যায়। এইরূপ শ্রুতিও আছে। ৪।২।১

শিষ্য। অনন্তর কি হয়?

গুরু। বাগিন্দ্রিয়ের মনে লয় হওয়ার পরে চক্ষুরাদি ইন্দ্রিয়-সকল মনে সম্পন্ন—উপসংহৃত—লয় প্রাপ্ত হয়।

শিষ্য। কিসে জানা যায়?

গুরু। সেই সকল ইন্দ্রিয়ের ব্যাপারের অদর্শনেই জানা যায়, আর এবিষয়ে শাস্ত্রও আছে। ৪।২।২

শিষ্য। সেই মন কোথায় লীন হয়?

গুরু। সেই মন মুখ্য প্রাণে লীন হয়। ৪।২।৩

শিষ্য। সেই প্রাণ কোথায় লীন হয়?

গুরু। সেই প্রাণ অধ্যক্ষে অর্থাৎ সমস্ত করণের প্রভু যে জীবাত্মা তাহাতে লীন হয়। ৪।২।৪

শিষ্য। তাদৃশ জীবাত্মা কোথায় লীন হয়?

গুরু। সেই অধ্যক্ষ জীবাত্মা দেহবীজ যে পঞ্চসূক্ষ্মভূত তাহাতে লীন হয়; ইহা "প্রাণস্তেজসি" (ছাং ৬।৮।৬) (প্রাণ তেজে লীন হয়) ইত্যাদি শ্রুতিতে জানা যায়। ৪।২।৫

শিষ্য। "প্রাণস্তেজসি" এই শ্রুতি দ্বারা কেবল তেজেই লীন হয়—ইহা জানা উচিত কি?

গুরু। না, কেন না, পঞ্চসূক্ষ্মভূতেই সে অধ্যক্ষ লয়প্রাপ্ত হয়—এইরূপ শ্রুতি ও স্মৃতি আছে। ৪।২।৬

শিষ্য। এইরূপ উৎক্রান্তি কি সকলের সমান হয়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। লোকান্তর গতির আরম্ভ হইতে মৃত্যুর উপক্রম পর্য্যন্ত মরণকালীন সম্পত্তি বা লয়প্রাপ্তি কর্ম্মী ও উপাসক-দিগের সমানই হয়, তৎপর উপাসকগণ শরীর পরিত্যাগ করিয়া অর্চ্চিরাদিমার্গে ব্রহ্মলোকপ্রাপ্তিরূপ অমৃতত্ব লাভ করিয়া থাকে আর কর্ম্মিগণ ধূমাদিমার্গে পিতৃলোকপ্রাপ্তিরূপ অমৃতত্বলাভ করিয়া থাকে—এইরূপ শাস্ত্র আছে।

শিষ্য। ব্রহ্মলোক প্রাপ্তির নিমিত্ত প্রস্থিত উপাসকদিগের স্থূল শরীরের ত্যাগের ন্যায় লিঙ্গশরীরের ত্যাগ হয় কি?

গুরু। না, কেন না, তাহাদের সংসারব্যপদেশ বা ভোগ-প্রতিপাদন আছে, লিঙ্গশরীর ব্যতীত ভোগের সম্ভব হয় না, সুতরাং প্রলয় পর্য্যন্ত অর্থাৎ ব্রহ্মপ্রাপ্তিরূপ মোক্ষ পর্য্যন্ত লিঙ্গশরীরের অবস্থান মানিতে হয়। ৪।২।৭—৮

শিষ্য। ব্রহ্মপ্রাপ্তি পর্য্যন্ত যে লিঙ্গশরীর থাকে উহা কিরূপ?

গুরু। সেই লিঙ্গশরীর স্বরূপতঃ ও প্রমাণতঃ সূক্ষ্ম; এই সূক্ষ্মত্ব নিবন্ধন স্থূল শরীরের উপমর্দ্দে বা দাহাদিকৃত বিনাশে লিঙ্গশরীরের উপমর্দ্দ বা বিনাশ হয় না। স্থূলশরীরে যে উষ্মার বা উষ্ণত্বের উপলব্ধি হয় তাহা এই লিঙ্গশরীরেরই স্থূল-শরীরের নহে, মরণ দশায় লিঙ্গশরীরের সম্বন্ধ না থাকায়ই স্থূলশরীরে উষ্মার উপলব্ধি হয় না। ৪।২।৯—১১

শিষ্য। লিঙ্গশরীরের উৎক্রান্তির বা গতির নিষেধ আছে কি?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। লিঙ্গশরীরের শারীর জীবাত্মা হইতে উৎক্রান্তির বা গতির নিষেধ আছে, শরীর হইতে উৎক্রান্তির নিষেধ নাই। কাহারও মতে ইহা স্পষ্টই আছে যে—"স যদাস্মাৎ উৎক্রামতি সহৈবৈতৈঃ সর্ব্বৈরুৎক্রামতি" (কৌ ৩।৪) (সে যখন এই শরীর হইতে উৎক্রান্ত হয় তখন এই সকলের সহিতই উৎক্রান্ত হয়) সুতরাং জীবাত্মার প্রাণাত্মক লিঙ্গদেহের সহিত যে উৎক্রমণ হয় তাহা স্পষ্টই জানা যায়। প্রাণাত্মক লিঙ্গদেহের সহিত জীবাত্মার উৎক্রমণের কথা স্মৃতিতেও আছে। ৪।২।১২—১৪

শিষ্য। বাগাদিসম্পন্ন সেই সূক্ষ্মভূত কোথায় সম্পন্ন বা লীন হয়?

গুরু। সেই সূক্ষ্মভূত ব্রহ্ম—পরমাত্মা—পরমেশ্বরে লীন হয়—ইহাই শাস্ত্রে আছে। ৪।২।১৫

শিষ্য। এই সম্পত্তি বা লয়ের অর্থ কি?

গুরু। অবিভাগ বা বিভাগের অযোগ্য সংযোগবিশেষই সম্পত্তি বা লয় অর্থাৎ তত্তদ্বস্তুর তত্তদ্বস্তুতে অবিভাগপ্রাপ্তির নামই সম্পত্তি বা লয়, এইরূপ শাস্ত্রে আছে। ৪।২।১৬

শিষ্য। কর্ম্মী ও উপাসকদিগের উৎক্রান্তি যদি সমানই হয় তবে উপাসকদিগের বৈশিষ্ট্য কি?

গুরু। ব্রহ্মে অবিভাগপ্রাপ্ত লিঙ্গশরীর সমেত জীবাত্মার যে হৃদয়রূপ স্থান আছে তাহার অগ্রভাগের বিশেষতঃ জ্বলন বা প্রকাশ হয়, সেই প্রকাশিতদ্বার মুমুক্ষু ব্রহ্মোপাসক হৃদয়স্থ পরমাত্মা পরমেশ্বরের অনুগ্রহে অনুগৃহীত হইয়া শতাধিক সুষুম্না-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নামক মূৰ্দ্ধণ্য ব্রহ্মনাড়ীদ্বারা শরীর হইতে নির্গত হয়, তৎপর শরীর-নিষ্ক্রান্ত সেই ব্রহ্মোপাসক সূর্য্যরশ্মির অনুসারী হয় অর্থাৎ সূর্য্যরশ্মির অনুসরণ করে।

শিষ্য। ব্রহ্মোপাসক রাত্রিতে নিষ্ক্রান্ত হইলে কিরূপে সূর্য্য-রশ্মির অনুসারী হইতে পারে ?

গুরু। রশ্মিসম্বন্ধ অর্থাৎ মূৰ্দ্ধণ্য নাড়ীর সহিত যে সূর্য্য-কিরণের সম্পর্ক তাহা যাবদ্দেহভাবী অর্থাৎ যাবৎকাল দেহ থাকে তাবৎকালই সূর্য্যরশ্মিসম্বন্ধ থাকে, অর্থাৎ কি দিবা কি রাত্রি—সকল সময়েই দেহের ঐ সম্পর্ক থাকে, এইরূপ শাস্ত্র আছে। সুতরাং দক্ষিণায়নেও ব্রহ্মোপাসক শরীর হইতে নিষ্ক্রান্ত হইবার সময় ব্রহ্মলোকপ্রাপ্তির নিমিত্ত রশ্ম্যনুসারী হইতে পারে। ৪।২।১৭—২০

শিষ্য। যদি ব্রহ্মোপাসক দক্ষিণায়নেও ব্রহ্মলোকপ্রাপ্তির নিমিত্ত সূর্য্যরশ্ম্যনুসারী হয় তবে উৎক্রান্তিতে দক্ষিণায়ন আবৃত্তির কারণ আর উত্তরায়ণ অনাবৃত্তির কারণ—এই গীতার উপদেশ কিরূপে উপপন্ন হইতে পারে ?

গুরু। গীতায় যে দক্ষিণায়ন আবৃত্তির কারণ আর উত্তরায়ণ অনাবৃত্তির কারণ—এইরূপ উপদেশ আছে তাহা যোগীদিগের প্রতিই উপদিষ্ট হইয়াছে অর্থাৎ যোগিগণ দক্ষিণায়নে উৎক্রান্ত হইলে পুনঃ আবৃত্ত হয় অর্থাৎ উৎক্রান্ত যোগীদিগের পুনরাবৃত্তি আছে, আর যোগিগণ উত্তরায়ণে উৎক্রান্ত হইলে পুনঃ আবৃত্ত হয় না, অর্থাৎ উত্তরায়ণে উৎক্রান্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগীদিগের পুনঃ আবৃত্তি নাই, কিন্তু শ্রৌত ব্রহ্মোপাসকদিগের সেরূপ নহে, অর্থাৎ ব্রহ্মোপাসকদিগের উৎক্রান্তি দক্ষিণায়নেই হউক আর উত্তরায়নেই হউক তাহারা আর পুনরাবৃত্ত হন না, অর্থাৎ তাহাদের আর পুনরাবৃত্তি বা পুনরাগমন বা পুনর্জন্ম নাই। ৪।২।২১ (৪।২ সমাপ্ত)

শিষ্য। উৎক্রান্তির কথা শ্রবণ করিলাম, এখন ব্রহ্মোপাসকগণের দেবযান পথের কথা শ্রবণ করিতে ইচ্ছা হয়।

গুরু। ব্রহ্মোপাসকগণ শরীর হইতে মূর্দ্ধণ্যনাড়ীদ্বারা নিষ্ক্রান্ত হইয়া রশ্মির অনুসরণ করতঃ অর্চ্চিরাদি দেবযানপথে ব্রহ্মলোকে গমন করে; ইহাই ব্রহ্মলোকগমনের প্রসিদ্ধ পথ। ৪।৩।১

শিষ্য। এই পথে অবশ্যজ্ঞাতব্য কি আছে?

গুরু। এই পথে অব্দ বা সংবৎসরের পরে বায়ু জানিতে হয়, অর্থাৎ ব্রহ্মলোকগামী সংবৎসরের পরে বায়ুর অধিকারে গমন করে। ৪।৩।২

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। বিদ্যুল্লোকের উপরে বরুণলোক আছে, কেন না, বিদ্যুৎ ও বরুণের পরস্পর সম্বন্ধ আছে। ৪।৩।৩

শিষ্য। অর্চ্চিরাদি কি?

গুরু। অর্চ্চিরাদি মার্গচিহ্নও নহে, মার্গান্তর্গত ভোগস্থান বা ভোগভূমিবিশেষও নহে, পরন্তু উহারা আতিবাহিক অর্থাৎ গমনকারীদিগের নেতা বা গময়িতা বা প্রাপক চেতন দেবতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশেষ, কেন না, সেইরূপ লিঙ্গ আছে, অর্থাৎ অতিবাহিক দেবতার অনেক চিহ্ন আছে। ৪।৩।৪

শিষ্য। আতিবাহিক দেবতার প্রয়োজন কি?

গুরু। অর্চ্চিঃ প্রভৃতি পথ অচেতন, প্রস্থানকালে গন্তা উপাসক মূর্চ্ছিত থাকে, এই উভয়ের মধ্যে কাহারও জ্ঞান থাকে না, এই অবস্থায় আতিবাহিকব্যতীত উপাসকের গমনই সম্ভবে না, সুতরাং উপাসকগণকে তথায় পৌছানের জন্যই আতিবাহিকের প্রয়োজন হয়। ৪।৩।৫

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে?

গুরু। বিদ্যুৎ লোকের প্রাপ্তির পরে বৈদ্যুত অমানব পুরুষই উপাসকগণকে বিদ্যুৎ লোক হইতে ঊর্দ্ধে লইয়া যায়। ৪।৩।৬

শিষ্য। অমানব পুরুষ ব্রহ্মলোকের পথিক ব্রহ্মোপাসকদিগকে কোন ব্রহ্মলোকে লইয়া যায়?

গুরু। এই বিষয়ে বাদরি আচার্য্যের মত এই—কার্য্য-ব্রহ্মলোকে অর্থাৎ সগুণ ব্রহ্মলোকেই লইয়া যায়, কেন না, উহাতেই গতির উপপত্তি বা সম্ভব হয়, এবং "তান্ বৈদ্যুতান্ পুরুষো মানস এত্য ব্রহ্মলোকান্ গময়তি, তেষু ব্রহ্মলোকেষু পরাঃ পরাবতো বসন্তি" (বৃঃ ৬।২।১৫) (মানস অর্থাৎ শুক্রশোণিত সংযোগ ব্যতিরেকে উৎপন্ন ব্রহ্মলোকবাসী পুরুষ আসিয়া বিদ্যুল্লোকবাসী উপাসকদিগকে ব্রহ্মলোকে লইয়া যায়, তাহারা ব্রহ্মলোকে যাইয়া অনেক বৎসর বাস করে)—এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রুতিতে বহুবচন লোকশব্দ ও সপ্তমী বিভক্তি দ্বারা কার্য্য-ব্রহ্মলোকেরই বিশেষতঃ অবধারণ আছে।

শিষ্য। তবে শ্রুতিতে ব্রহ্মব্যপদেশ কেন?

গুরু। সামীপ্যতঃ অর্থাৎ নির্গুণব্রহ্মের সামীপ্যবশতঃ কার্য্য ব্রহ্মে ও ব্রহ্মব্যপদেশ হয়। ৪।৩।৭—৯

শিষ্য। কার্য্য ব্রহ্মলোকবাসী ব্রহ্মোপাসকদিগের পরব্রহ্ম প্রাপ্তি কখন হয়?

গুরু। কার্য্যব্রহ্মলোকের অত্যয়ে বা অপগমে অর্থাৎ প্রলয় উপস্থিত হইলে সেই লোকের অধ্যক্ষ ব্রহ্মার সহিত কার্য্য-ব্রহ্মের প্রভু বা শ্রেষ্ঠ পরব্রহ্ম পরমেশ্বরকে প্রাপ্ত হয় অর্থাৎ মুক্ত হয়, কেন না, এইরূপ প্রতিপাদন আছে।

অথবা স্বকার্য্যের অত্যয়ে বা অপগমে অর্থাৎ কার্য্য-ব্রহ্মলোকের ভোগ সমাপ্ত হইলে কার্য্যব্রহ্মের অধ্যক্ষের অর্থাৎ পরব্রহ্মের সহিত অবিভাগ প্রাপ্ত হয়, কেন না, কার্য্য ব্রহ্মলোক-ভোগের পরে বিমুক্তির প্রতিপাদন আছে।

শিষ্য। প্রথম পক্ষের সার এই—কার্য্যব্রহ্মের কার্য্য-সমাপ্তিতে বা প্রলয়কালে কার্য্যব্রহ্ম নিজলোকবাসীদিগের সহিত পরব্রহ্মে লয়প্রাপ্ত হয়, আর দ্বিতীয় পক্ষের সার এই—ব্রহ্মলোকবাসী নিজ নিজ ভোগের সমাপ্তিতে পরব্রহ্মে লয়প্রাপ্ত হয়। এই দুই কিরূপে উপপন্ন হইতে পারে?

গুরু। সূত্রানুসারে এই দুইই উপপন্ন হইতে পারে।

শিষ্য। সূত্রের কোন অর্থে মহর্ষির তাৎপর্য্য?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। তাহা আমি জানি না, ভগবান্ বেদব্যাসের দর্শন আমার ভাগ্যে ঘটে নাই, সূত্রদ্বারা যে দুই অর্থ আসে তাহাই বলিলাম, এখন এই আলোচনার প্রয়োজন কি? সে অবস্থা ঘটিলে স্বয়ংই জানিতে পারিবে। ৪।৩।১০—১১

শিষ্য। এই বিষয়ে আর কি মত আছে?

গুরু। জৈমিনি আচার্য্যের মত এই—অমানব পুরুষ দেবযানপ্রস্থিত উপাসকদিগকে পরব্রহ্মই প্রাপ্ত করায়, কেন না, ব্রহ্মশব্দের পরব্রহ্মেই মুখ্যত্ব বা শক্তি আছে, এবং "তয়োর্দ্ধ্বমায়ন্নমৃতত্বমেতি" (ছাঃ ৮।৬।৬) এইরূপ অমৃতত্ব প্রতিপাদক শাস্ত্র দেখা যায়; আর মরণকালে ব্রহ্মপ্রাপ্তির সঙ্কল্প কার্য্যব্রহ্মে হয় না। ৪।৩।১২—১৪

শিষ্য। অমানব পুরুষ কিরূপ উপাসকদিগকে ব্রহ্মপ্রাপ্ত করায়?

গুরু। এই বিষয়ে বাদরায়ণ আচার্য্যের মত এই—অমানবপুরুষ অপ্রতীকালম্বীদিগকে অর্থাৎ যাহারা প্রতীকের বা নামাদির উপাসক নহে, কেবল ব্রহ্মবুদ্ধিতে ব্রহ্মেরই উপাসনা করে, তাহাদিগকেই ব্রহ্মপ্রাপ্ত করায় বা ব্রহ্মলোকে লইয়া যায়। উভয়প্রকারে অর্থাৎ অপ্রতীকালম্বীদিগকে ব্রহ্মপ্রাপ্তকরানে বা ব্রহ্মলোকে নেওয়াতে আর প্রতীকালম্বীদিগকে অন্যপ্রাপ্তকরানে বা অন্যস্থানে নেওয়াতে অর্থাৎ বিভিন্ন উপাসকদিগকে বিভিন্ন স্থানে লইয়া যাওয়াতে কোন দোষ নাই, কারণ, সেরূপ ক্রতু বা সঙ্কল্প আছে অর্থাৎ ব্রহ্মসঙ্কল্পদিগকে ব্রহ্মপ্রাপ্ত করায় আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতীকসঙ্কল্পদিগকে অন্যপ্রাপ্ত করায়; শাস্ত্রও প্রতীকোপাসকগণ হইতে ব্রহ্মোপাসকগণের বিশেষ প্রতিপাদন করিতেছে। ৪।৩।১৫—১৬ (৪।৩। সমাপ্ত)

শিষ্য। গুরুদেব! আপনার কৃপায় উৎক্রান্ত বিদ্বান্‌দিগের গতি অবগত হইলাম, এখন জ্ঞানের ফল জানিতে ইচ্ছা করি।

গুরু। ব্রহ্মোপসম্পন্ন ব্রহ্মবিদ্‌গণ ব্রহ্ম—পরমেশ্বর—পরমজ্যোতিঃ প্রাপ্ত হইয়া আবির্ভূত বা স্বরূপে অভিনিষ্পন্ন হয়, ইহাতে "স্বেনরূপেণ" (ছাং ৮।১২।৩) (স্বরূপে) এইরূপ শ্রুতি আছে। ৪।৪।১

শিষ্য। স্বরূপে অভিনিষ্পন্ন পুরুষ কি হয়?

গুরু। স্বরূপে অভিনিষ্পন্ন পুরুষ মুক্ত বা বিগলিত সংসারবন্ধন বা দুঃখশোকাদি রহিত হয়; ইহা প্রতিজ্ঞানে অর্থাৎ উপসংহারে "সঃ উত্তমঃ পুরুষঃ" (ছাং ৮।১২।৩) (তিনি উত্তম পুরুষ) এইরূপ প্রতিজ্ঞাবচনে জানা যায়। ৪।৪।২

শিষ্য। এই মুক্তপুরুষ কে?

গুরু। এই মুক্ত পুরুষ আত্মা; ইহা প্রকরণতঃ জানা যায়। ৪।৪।৩

শিষ্য। আত্মার যে পরম জ্যোতির উপসম্পত্তি বা প্রাপ্তি তাহা কি নদীর সমুদ্রোপসম্পত্তির ন্যায় অবিভাগে, কিংবা রাজ্যোপসম্পত্তির ন্যায় বিভাগে?

গুরু। আত্মার পরমজ্যোতির উপসম্পত্তি বা প্রাপ্তি অবিভাগেই হয়, এইরূপ শাস্ত্র আছে। ৪।৪।৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিষ্য। ইহাতে কি সর্ব্বসম্মতি আছে ?

গুরু। না ; উহাতে মতভেদ আছে।

শিষ্য। মতের কি ভেদ ?

গুরু। জৈমিনি আচার্য্যের মত এই—মুক্ত আত্মা ব্রহ্মের অপহতপাপ্মত্ব ও সত্যসঙ্কল্পত্বাদিরূপে অভিনিষ্পন্ন হয়, কেন না, এইরূপ উপন্যাস্ আছে। ৪।৪।৫

শিষ্য। আর কি মত ?

গুরু। ঔড়ুলোমি আচার্য্যের মত এই—মুক্ত আত্মা চৈতন্যমাত্ররূপে অভিনিষ্পন্ন হয়, কেন না, তদাত্মকত্ব বা চৈতন্য-মাত্রস্বরূপত্ব আছে অর্থাৎ তিনি চৈতন্যস্বরূপ। ৪।৪।৬

শিষ্য। সামঞ্জস্য কি ?

গুরু। বাদরায়ণ আচার্য্যের মত এই—ব্রহ্মরূপে এবং চিতিতন্মাত্ররূপে মুক্ত আত্মার অভিনিষ্পত্তি মানিলেও কোন বিরোধ বা অসামঞ্জস্য নাই, কেন না, শ্রুতিতে সেরূপ উপন্যাস আছে, ব্রাহ্মরূপে যে অভিনিষ্পত্তি তাহাতে চিতিতন্মাত্ররূপে অভিনিষ্পত্তির পূর্ব্ববর্ত্তিতা আছে অর্থাৎ পূর্ব্বে ব্রাহ্মরূপে অভিনিষ্পত্তি হয় পরে চিতিতন্মাত্ররূপে অভিনিষ্পত্তি হয়, এইরূপ হইলে আর কোন অসামঞ্জস্য থাকে না। ৪।৪।৭

শিষ্য। ব্রহ্মলোকপ্রাপ্ত মুক্ত আত্মার কি সঙ্কল্পমাত্রেই কাম্যবস্তু সকল উপস্থিত হয়, কিংবা উহাতে অন্য কিছুর অপেক্ষা আছে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু। ব্রহ্মলোকগত মুক্ত আত্মার সঙ্কল্পমাত্রেই কাম্যবস্তু সকল উপস্থিত হয়, উহাতে অন্য কিছুর অপেক্ষা নাই, এইরূপ শাস্ত্র আছে। ৪।৪।৮

শিষ্য। আর কি জ্ঞাতব্য আছে ?

গুরু। মুক্ত আত্মা সত্যসঙ্কল্প হয়, এজন্য অনন্যাধিপতি বা স্বতন্ত্র হয় অর্থাৎ মুক্ত আত্মা সকল বিষয়েই স্বাধীন হয়। ৪।৪।৯

শিষ্য। মুক্ত আত্মার শরীরাদি থাকে কি ?

গুরু। ইহাতে বাদরি আচার্য্যের মত এই—ব্রহ্মলোকপ্রাপ্ত মুক্ত আত্মার শরীর থাকে না, এবং মনোব্যতিরিক্ত কোন ইন্দ্রিয় থাকে না। আর জৈমিনি আচার্য্যের মত এই—ব্রহ্মলোকগত মুক্ত আত্মার মনের ন্যায় শরীর ও অন্য ইন্দ্রিয়ের সদ্‌ভাব থাকে, কেন না, মুক্তের অনেক ভাবের প্রতিপাদন আছে। আর বাদরায়ণ আচার্য্যের মত এই—ব্রহ্মলোকপ্রাপ্ত মুক্ত আত্মার শরীরাদির ভাব ও অভাব—এই উভয়ই আছে অর্থাৎ মুক্ত আত্মা সঙ্কল্পানুসারে কখন সশরীর ও সেন্দ্রিয় হয় আর কখন অশরীর ও অনিন্দ্রিয় হয়, কেন না, উভয়রূপই শাস্ত্র আছে। ৪।৪।১০—১২

শিষ্য। ব্রহ্মলোকপ্রাপ্ত মুক্ত আত্মার শরীর না থাকিলে কিরূপে ভোগ হয় ?

গুরু। স্বপ্নবৎ ভোগ হয়, অর্থাৎ যেরূপ স্বপ্নে শরীরালম্বন-ব্যতিরেকে কেবল মনোদ্বারা স্বপ্নস্থপুরুষের বিষয়োপলব্ধিরূপ ভোগ হয় সেরূপ ব্রহ্মলোকগত মুক্ত আত্মার শরীরালম্বন-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যতিরেকে কেবল মনোদ্বারা বিষয়োপলব্ধিরূপ ভোগ হয়। ৪।৪।১৩

শিষ্য। আর শরীর থাকিলে কিরূপ ভোগ হয়?

গুরু। জাগ্রতের ন্যায় অর্থাৎ যেরূপ জাগ্রৎপুরুষের জাগরণদশায় শরীরের আলম্বনে বাহ্যকরণ ও মনোদ্বারা ভোগ হয় সেরূপ ব্রহ্মলোকগত সশরীর সেন্দ্রিয় মুক্ত আত্মার শরীরালম্বনে বাহ্যকরণ ও মনোদ্বারা ভোগ হয়। ৪।৪।১৪

শিষ্য। ব্রহ্মলোকগত মুক্ত আত্মার বহু শরীর ও বহু শরীরে একসময় আবেশ বা সম্বন্ধ হইতে পারে কি?

গুরু। যখন অনেক ভাবের প্রতিপাদন আছে তখন বহু শরীর হইতে পারে এবং প্রদীপবৎ অর্থাৎ প্রদীপজ্যোতির যেরূপ একসময়ে বহু বিষয়ে সম্বন্ধ হয় সেরূপ ব্রহ্মলোকগত মুক্ত আত্মার একসময়ে বহু শরীরে আবেশ বা সম্বন্ধ হয়, শাস্ত্রে এরূপ প্রতিপাদিত হইয়াছে। ৪।৪।১৫

শিষ্য। যদি ব্রহ্মলোকগত মুক্তপুরুষের ঐশ্বর্য্য থাকে, তবে "প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্" (ছা ৪।৩।২১) (প্রাজ্ঞ আত্মার সহিত মিলিত হইয়া বাহ্য কিছু জানে না আন্তরও কিছু জানে না) ইত্যাদিদ্বারা যে জ্ঞানাভাবের প্রতিপাদন আছে তাহা কিরূপে উপপন্ন হয়?

গুরু। উহা সুষুপ্তি ও নির্ব্বাণের সম্বন্ধে উক্ত হইয়াছে অর্থাৎ সুষুপ্তিদশায় ও নির্ব্বাণদশায় বাহ্য ও আভ্যন্তরীণ কোন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞান থাকে না—ইহাই প্রতিপাদিত হইয়াছে, সুতরাং অন্য দশায় জ্ঞান উপপন্ন হয়। ৪।৪।১৬

শিষ্য। ব্রহ্মলোকগত মুক্ত আত্মার কি সকল ঐশ্বর্য্যই থাকে ?

গুরু। না, জগদ্ব্যাপার থাকে না, তদ্ভিন্ন সকল ঐশ্বর্য্যই থাকে, অর্থাৎ ব্রহ্মলোকগত মুক্ত আত্মার জগৎসৃষ্ট্যাদি শক্তি থাকে না, এতদ্ব্যতীত অন্য সকল ঐশ্বর্য্য থাকে, জগদ্ব্যাপারে কেবল ব্রহ্ম পরমাত্মা পরমেশ্বরেরই শক্তি আছে। ৪।৪।১৭

শিষ্য। জগদ্ব্যাপার শক্তির কার্য্য অন্যত্র নাই কি ?

গুরু। আছে, উহা আধিকারিকমণ্ডলস্থদিগের সম্বন্ধেই আছে, ব্রহ্মলোকগত মুক্তপুরুষের সম্বন্ধে নহে। ৪।৪।১৮

শিষ্য। ব্রহ্মলোকগত মুক্তপুরুষের আর কি ঐশ্বর্য্য থাকে ?

গুরু। ব্রহ্মলোকগত মুক্ত আত্মার বিকারাবর্ত্তি বা নিখিল কার্য্যবিষয়ক ঐশ্বর্য্য থাকে, ইহা শাস্ত্রোক্ত ও ভোগমাত্রে সমানতারূপ লিঙ্গদ্বারা জানা যায়। ৪।৪।১৯—২১

শিষ্য। ব্রহ্মলোকগত মুক্ত আত্মার আবৃত্তি আছে কি ?

গুরু। না, ব্রহ্মলোকগত মুক্ত আত্মার আবৃত্তি বা পুনর্জ্জন্ম নাই, আবৃত্তি বা পুনর্জ্জন্ম নাই। ৪।৪।২২ (৪,৪ সমাপ্ত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৎস তারাপদ! এই বেদান্তদর্শন-রহস্য সমাপ্ত হইল। তোমাকে ক্রমে (১) সাধারণন্যায়-রহস্য, (২) ন্যায়দর্শন-রহস্য, (৩) বৈশেষিক-রহস্য, (৪) সাংখ্য-রহস্য, (৫) যোগ-রহস্য, (৬) মীমাংসা-রহস্য ও (৭) বেদান্তদর্শন-রহস্য শুনাইলাম। সাধারণ-ন্যায়-রহস্যের প্রথম ভাগে কর্ত্তব্যবিষয়ে অনেক উপদেশ পাইয়াছ। এখন তৈত্তিরীয় উপনিষদের কয়েকটী উপদেশ শুনাইতেছি—

"বেদমনূচ্যাচার্য্যোঽন্তেবাসিনমনুশাস্তি। সত্যং বদ। ধর্ম্মং চর। স্বাধ্যায়ান্মা প্রমদঃ। আচার্য্যায় প্রিয়ং ধনমাহৃত্য প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীঃ।

সত্যান্ন প্রমদিতব্যম্। ধর্ম্মান্ন প্রমদিতব্যম্। কুশলান্ন প্রমদিতব্যম্। ভূত্যৈ ন প্রমদিতব্যম্। স্বাধ্যায়প্রবচনাভ্যাং ন প্রমদিতব্যম্। দেবপিতৃকার্য্যাভ্যাং ন প্রমদিতব্যম্। মাতৃদেবো ভব। পিতৃদেবো ভব। অতিথিদেবো ভব। যান্যনবদ্যানি কর্ম্মাণি তানি সেবিতব্যানি নো ইতরাণি। যান্যস্মাকং সুচরিতানি তানি ত্বয়োপাস্যানি নো ইতরাণি।

যে কে চাস্মচ্ছ্রেয়াংসো ব্রাহ্মণাঃ তেষাং ত্বয়াসনেন প্রশ্বসিতব্যম্।

শ্রদ্ধয়া দেয়ম্। অশ্রদ্ধয়াঽদেয়ম্। শ্রিয়া দেয়ম্। হ্রিয়া দেয়ম্। ভিয়া দেয়ম্। সংবিদা দেয়ম্। অথ যদি তে কর্ম্মবিচিকিৎসা বা বৃত্তবিচিকিৎসা বা স্যাৎ যে তত্র ব্রাহ্মণাঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংমর্শিণঃ, যুক্তা আযুক্তাঃ, অলূক্ষাঃ, ধর্ম্মকামাঃ স্যুঃ। যথা তে তত্র বর্ত্তেরন্ তথা তত্র বর্ত্তেথাঃ।

অথাভ্যাখ্যাতেষু যে তত্র ব্রাহ্মণাঃ সংমর্শিনঃ, যুক্তা আযুক্তাঃ, অলূক্ষা ধর্ম্মকামাঃ স্যুঃ, যথা তে তেষু বর্ত্তেরন্ তথা তেষু বর্ত্তেথাঃ। এষ আদেশঃ, এষঃ উপদেশঃ, এষা বেদোপনিষৎ, এতদনুশাসনম্। এবমুপাসিতব্যম্, এবমু চৈতদুপাস্যম্।"

বেদ অধ্যয়ন করাইয়া আচার্য্য শিষ্যকে উপদেশ প্রদান করিতেছেন। সদা সত্য কথা বলিবে, স্বীয় বর্ণাশ্রমবিহিত কর্ম্মের অনুষ্ঠান করিবে। বেদাধ্যয়নে বিরত হইও না। বিদ্যানিষ্ক্রয়ের নিমিত্ত অভিলষিত ধন আহরণপূর্ব্বক আচার্য্যকে প্রদান করিয়া এবং তাঁহার আজ্ঞানুসারে জাতি ও কুলানুরূপ দার পরিগ্রহ করিয়া যাহাতে সন্তানের বিচ্ছেদ না হয়, তৎপ্রতি যত্ন করিবে।

সত্যভ্রষ্ট হইবে না। ধর্ম্মবিচ্যুত হইবে না। মঙ্গলকর কর্ম্ম হইতে প্রচ্যুত হইবে না। ঐশ্বর্য্যলাভে বিহ্বল হইবে না। বেদাধ্যয়ন ও অধ্যাপনায় বিরত হইবে না। দৈব ও পৈত্রকর্ম্ম ভ্রষ্ট হইবে না। মাতাকে দেবতার ন্যায় উপাসনা কর। পিতাকে দেবতার ন্যায় উপাসনা কর। আচার্য্যকে দেবতার ন্যায় উপাসনা কর। অতিথিকে দেবতার ন্যায় উপাসনা কর। শাস্ত্রে ও লোকব্যবহারে যে কর্ম্ম অনিন্দিত, সেই কর্ম্মের অনুষ্ঠান কর, শাস্ত্র ও লোকবিদ্বিষ্ট কর্ম্মের অনুষ্ঠান করিও না। যাহা আমাদের (আচার্য্যগণের) আচরিত, তাহাই তোমার অনুষ্ঠেয়, তদ্বিপরীত আচরণ করিও না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচার্য্যত্বাদিধর্ম্মবিশিষ্ট যে কোন ব্যক্তি আমাদের অপেক্ষা শ্রেষ্ঠ ও ব্রাহ্মণ, আসনাদি প্রদানপূর্ব্বক তাঁহাদের পরিচর্য্যা করিবে।

তাঁহাদিগকে (যাহা দেয় তাহা) শ্রদ্ধাসহকারে প্রদান করিবে, অশ্রদ্ধায় প্রদান করিবে না। ঐশ্বর্য্যের অনুরূপ দান করিবে। লজ্জা ও ভয়সহকারে মিত্রতাস্থাপনপূর্ব্বক দান করিবে। তোমার যদি কখনও শ্রৌত স্মার্ত্ত কর্ম্ম ও আচারে সংশয় উপস্থিত হয়, তবে সেই দেশে অথবা সেই কালে বিচারক্ষম, নিত্য নৈমিত্তিক কর্ম্মানুষ্ঠানতৎপর পণ্ডিত, অপর প্রযুক্ত বা স্বতন্ত্রশাস্ত্রার্থব্যাখ্যানে ও শাস্ত্রানুরূপ অনুষ্ঠানে নির্ভীক, অক্রূরমতি, ধর্ম্মাভিলাষী যে সকল ব্রাহ্মণ থাকিবেন, তাঁহারা সেই সকল কর্ম্মে যেরূপ অনুষ্ঠান করেন, তুমিও সেইরূপ অনুষ্ঠান করিবে।

অথবা সন্দেহজনক কোন দোষে অভিশস্ত (মিথ্যাপবাদগ্রস্ত) হইলে সেই দেশে অথবা সেই কালে বিচারক্ষম নিত্য ও নৈমিত্তিক কর্ম্মানুষ্ঠানতৎপর পণ্ডিত, শাস্ত্রার্থব্যাখ্যানে ও অনুষ্ঠানে নির্ভীক, সরলমতি এবং ধার্ম্মিক যে সকল ব্রাহ্মণ থাকিবেন, তাঁহারা ঐসকল বিষয়ে যেরূপ অনুষ্ঠান করেন, তুমিও সেইরূপ অনুষ্ঠান করিবে। "সত্যং বদ" এই বাক্য হইতে আরম্ভ করিয়া "তথা তেষু বর্ত্তেথাঃ" পর্য্যন্ত যত কথা বলা হইল, ইহা বিধিবাক্যস্বরূপ এবং পিত্রাদির উপদেশ-বাক্যস্বরূপ জানিবে। ইহাই বেদের রহস্য এবং ইহাই ঈশ্বরের অনুশাসন। যাহা যাহা বলা হইল, এই সকল যথাযথরূপে অবশ্য অনুষ্ঠেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৎস তারাপদ! উপনিষদের সার উপদেশও শ্রবণ করিলে। যদি জীবন সফল করিতে চাও, যদি জন্মমরণপ্রবাহ অতিক্রম করিতে চাও, যদি পুনরাবৃত্তিরহিত হইতে চাও, যদি বিবেকীদিগের চরম প্রার্থনীয় প্রাপ্ত হইতে চাও, তবে যথোপদেশ কর্ত্তব্য পালন কর; এই আমার অন্তিম উপদেশ।

শিষ্য। (দণ্ডবৎ প্রণত হইয়া সজলনয়নে)

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়া গুরো!
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব॥

৺দশমহাবিদ্যাসিদ্ধ ৺সর্ব্বানন্দ (সর্ব্ববিদ্যা) কুলোৎপন্ন—

মহামহোপাধ্যায়—মহামহাধ্যাপক—

শ্রীঅন্নদাচরণ তর্কচূড়ামণি-প্রণীত

বেদান্তদর্শন-রহস্য সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi